দখলকৃত আয়তন- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি।

ভাগ- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি।

কর্তৃপক্ষ- আল কায়েদা ইসলামিক মাগরিব (AQIM)

## ভূখণ্ড : ১১

### লিবিয়া

মূল আয়তন- ১৭ লাখ ৫৯ হাজার ৫৪১ বর্গকিলোমিটার।

দখলকৃত আয়তন- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি।

ভাগ- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি।

কর্তৃপক্ষ- আল কায়েদা ইসলামিক মাগরিব (AQIM), মজলিসে শুরা মুজাহিদি দিরনাহ ওয়া যাওয়াহিহা (প্রো yAQIM)

## ভূখণ্ড : ১২

## তিউনিসিয়া

মূল আয়তন- ১ লাখ ৬৩ হাজার ৬১০ বর্গকিলোমিটার।

দখলকৃত আয়তন- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি।

ভাগ- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি।

কর্তৃপক্ষ- উকবাহ ইবনু নাফে’ বিগ্রেড (AQIM শাখা)

২০১৬ সালের এই ম্যাপ থেকে মনে হচ্ছে মুজাহিদিনদের দখলকৃত এলাকা ১০% এর বেশি হবে না হয়তো।

সূত্র- https://en.m.wikipedia.org/wiki/Tunisia

## ভূখণ্ড : ১৩

### পাকিস্তান

মূল আয়তন- ৮,৮১,৯১৩ বর্গ কিমি
দখলকৃত আয়তন- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।
ভাগ- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।
কর্তৃপক্ষ- তেহরিকে তালেবান পাকিস্তান (টিটিপি)

## ভূখণ্ড : ১৪

### কাশ্মির

মূল আয়তন- ১,৮৭,১৮৪ বর্গ কিমি
দখলকৃত আয়তন- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।
ভাগ- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।
কর্তৃপক্ষ- আনসার গাজওয়াতুল হিন্দ (প্রো আল কায়েদা শাখা)

## ভূখণ্ড : ১৫

### ইরান

মূল আয়তন- ১৬,৪৮,১৯৫ বর্গ কিমি
দখলকৃত আয়তন- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।
ভাগ- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।
কর্তৃপক্ষ- আনসার আল ফুরকান (প্রো আল কায়েদা শাখা)

### সারাংশ

যদিও ধারণা করা হয় যে, মুজাহিদিনদের দখলে সারা বিশ্বে প্রায় ৫০ লক্ষ বর্গ কিমি এলাকা রয়েছে, এসব এলাকা সম্পর্কে কোন সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি। শুধুমাত্র ৫,৪৭,৭৭৩ বর্গ কিমি এলাকা সম্পর্কে সুনির্দিষ্ট

তথ্য পাওয়া গেছে। আর তাছাড়া সুনির্দিষ্ট ভাবে দখলকৃত এলাকার পরিমাণ নির্ণয় করা যথেষ্ট কঠিন এবং এ ব্যাপারে কোন সঠিক উপাত্ত পাওয়া যায় নি।

তবে সেন্টার ফর স্ট্র্যাটেজিক অ্যান্ড ইন্টারন্যাশনাল স্টাডিজ (ঈঝওঝ) কর্তৃক প্রকাশিত নভেম্বর ২০১৮ এর রিপোর্ট মতে বর্তমানে সারা বিশ্বে সালাফি মুজাহিদের এর সংখ্যা কমপক্ষে ১,০৫,০৯৫ জন এবং উর্ধে ২,০৩,২৯০।

https://www.csis.org/analysis/evolution-salafi-jihadist-threat

## জরুরী টীকা : ৩

আর এ দেশে যে হুকুমত প্রতিষ্ঠিত হবে তা আল্লাহ তাআলার হাকিমিয়্যাতকে স্বীকার করার অধীনেই হবে।

## জরুরী টীকা-৩

*আর এ দেশে যে হুকুমত প্রতিষ্ঠিত হবে তা আল্লাহ তাআলার হাকিমিয়্যাতকে স্বীকার করার অধীনেই হবে।*

** আল্লাহ তাআলার হাকিমিয়্যাতকে স্বীকার করে নেয়াই ঈমানের জন্য যথেষ্ট নয়। ঈমানের জন্য জরুরী হচ্ছে কবুল করা। আর এ স্বীকার করা যে কবুল নয় তা পরবর্তী টীকার আলোচনা থেকেই স্পষ্ট হয়ে যাবে, ইনশা-আল্লাহ। স্বীকার ও কবুলের মাঝে ব্যবধান স্পষ্ট।*

﴿وَلَئِنْ سَأَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ لَيَقُولُنَّ اللَّهُ فَأَنَّى يُؤْفَكُونَ ۞ اللَّهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ وَيَقْدِرُ لَهُ إِنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ۞ وَلَئِنْ سَأَلْتَهُمْ مَنْ نَزَّلَ مِنَ السَّمَاءِ مَاءً فَأَحْيَا بِهِ الْأَرْضَ مِنْ بَعْدِ مَوْتِهَا لَيَقُولُنَّ اللَّهُ قُلِ الْحَمْدُ لِلَّهِ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْقِلُونَ﴾

{سورة العنكبوت: ٦١-٦٣}

“আর যদি তুমি তাদেরকে প্রশ্ন কর, কে আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন এবং চাঁদ ও সূর্যকে নিয়োজিত করেছেন? তারা অবশ্যই বলবে, আল্লাহ। তাহলে কোথায় তাদের ফিরানো হচ্ছে? আল্লাহ তাঁর বান্দাদের মধ্যে যার জন্য ইচ্ছা করেন রিয্ক প্রশস্ত করে দেন এবং যার জন্য ইচ্ছা

সীমিত করে দেন। নিশ্চয় আল্লাহ সকল বিষয়ে সম্যক অবগত। আর যদি তুমি তাদেরকে প্রশ্ন কর, কে আসমান থেকে বর্ষণ করেন, অতঃপর তা দ্বারা যমীনকে তার মৃত্যুর পর সঞ্জীবিত করেন? তবে তারা অবশ্যই বলবে, আল্লাহ। বল সকল প্রশংসা আল্লাহর। কিন্তু তাদের অধিকাংশই তা বোঝে না।" -সূরা আনকাবূত ৬১-৬৩

উপরোক্ত আয়াতগুলো দ্বারা যারা উদ্দেশ্য তারা কেউ মুমিন নয়। সত্যের শুধু স্বীকারোক্তির মাধ্যমেই তারা মুমিন হয়নি।

**পাকিস্তান সংবিধানে আল্লাহর হাকিমিয়্যাতকে কবুল করা হয়নি, এমনকি আইন প্রণয়নের ক্ষেত্রে তাঁকে হাকেম বলে স্বীকারও করা হয়নি। সংবিধানে আল্লাহকে স্বীকার করা হয়েছে। আল্লাহর দ্বীন একটি আমানত এ কথা স্বীকার করা হয়েছে। আল্লাহর হাকিমিয়্যাতের অধীনে দেশ চলবে, শরীয়তের অধীনে দেশ চলবে -এমন কোন স্বীকারোক্তি বা ধারা সংবিধানে নেই।**

সংবিধানের যে কথাগুলো থেকে শায়খে মুহতারামের সন্দেহ হয়েছে, যাকে তিনি নিশ্চয়তার সাথে ব্যক্ত করেছেন যে, পাকিস্তানে যে হুকুমত প্রতিষ্ঠিত হবে তা আল্লাহর হাকিমিয়্যাতের স্বীকৃতির অধীনে প্রতিষ্ঠিত হবে, সংবিধানের সে বক্তব্যগুলো আমি এখানে তুলে ধরছি, যার কিছু কিছু এর আগে পরেও বার বার উল্লেখ করা হয়েছে ও হবে।

উদ্ধৃতিগুলোর পুনরোক্তিতে পাঠক হয়ত কিছুটা বিরক্ত হচ্ছেন। কিন্তু বিষয়টির চূড়ান্ত ফলাফলে পৌঁছার জন্য এর কোন বিকল্প নেই। আমি ছোট হলেও একটি বড় বিষয়ে হাত দিয়ে ফেলেছি। যদিও একান্ত বাধ্য হয়েই দিয়েছি। জবাবদিহির দায়বদ্ধতা থেকেই দিয়েছি। কিন্তু বিষয়টি বড়ই নাজুক ও স্পর্শকাতর।

### সংবিধানের সন্দেহসৃষ্টিকারী সেই বক্তব্যগুলো

পাকিস্তান সংবিধানের ইসলামবান্ধব যে কথাগুলো যুগ যুগ ধরে পাকিস্তানের কর্ণধার ও সাধারণ জনগণকে মোহিত করে রেখেছে সে কথাগুলোর উপর এক সঙ্গে একবার দৃষ্টি বুলিয়ে দেখা যেতে পারে যে, সেখানে কী আছে। আরো দেখা যেতে পারে, তা থেকে ইসলাম ও মুসলমানরা কী পেয়েছে।

**প্রথম বক্তব্য**

* چونکہ اللہ تبارک وتعالی ہی پوری کائنات کا بلا شرکت غیرے حاکم مطلق ہے اور پاکستان کے جمہور کو جو اختیار واقتدار اس کی مقرر کردہ حدود کے اندر استعمال کرنے کا حق ہو گا، وہ ایک مقدس امانت ہے۔ اسلامی جمہوریت پاکستان کی دستور، تمہید ص: ا

"যেহেতু আল্লাহ তাআলাই অন্য কারো অংশিদারিত্ব ছাড়া সারা পৃথিবীর একচ্ছত্র বিধানদাতা, আর তিনি কর্তৃক নির্ধারিত সীমারেখার মধ্যে পাকিস্তানের জনগণ যে ক্ষমতা ও এখতিয়ার ব্যবহার করার অধিকার পাবে তা একটি পবিত্র আমানত।" -ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ১

**হাকীকত** : আল্লাহ একমাত্র হাকেম ও বিধানদাতা এ কথা এখানে বলা হয়েছে। কিন্তু সংবিধান তৈরির ক্ষেত্রে আল্লাহর হাকিমিয়্যাতকে কবুল করা হয়নি। এমনিভাবে তাঁর দেয়া বিধান একটি আমানত সে কথা এখানে বলা হয়েছে। কিন্তু আইন প্রণয়নের ক্ষেত্রে সে বিধানকে গ্রহণ করা হয়নি। এখানে জরুরী আরেকটি কথাও মনে রাখতে হবে যে, এ কথাগুলো ভূমিকার কথা, যা সংবিধানের কোন ধারা উপধারার অন্তর্ভুক্ত নয়। সংবিধানের ধারা উপধারাগুলোতে এ বিষয়টিকে স্থান দেয়া হয়নি এবং এর কোন প্রভাব প্রতিফলিত হওয়ার কোন ব্যবস্থা সংবিধানের ধারাগুলোতে রাখা হয়নি।

**দ্বিতীয় বক্তব্য**

* جس میں جمہوریت، آزادی، مساوات، رواداری اور عدل عمرانی کے اصولوں پر جس طرح اسلام نے ان کی تشریح کی ہے، پوری طرح عمل کیاجائے گا:

جس میں مسلمانوں کو انفرادی اور اجتماعی حلقہ ہائے عمل میں اس قابل بنایا جائے گا کہ وہ اپنی زندگی کو اسلامی تعلیمات ومقتضیات کے مطابق جس طرح

قرآن پاک اور سنت میں ان کا تعین کیا گیا ہے، ترتیب دے سکے۔ اسلامی
جمہوریت پاکستان کی دستور، تمہید ص: ١

"যার মধ্যে গণতন্ত্র, স্বাধীনতা, সাম্য, সততা ও ইনসাফপূর্ণ জীবনযাপনের মূলনীতির উপর পুরোপুরি আমল করা হবে যেভাবে ইসলাম সেগুলোর ব্যাখ্যা করেছে।

যার মধ্যে মুসলমানদেরকে ব্যক্তি ও সামাজিক অঙ্গনে এমন উপযুক্ত করে তোলা হবে যে, তারা তাদের নিজেদের জীবনকে ইসলামী শিক্ষা ও ইসলামের দাবি মোতাবেক সাজাতে পারে যেভাবে কুরআন পাক ও সুন্নাহতে বাতলানো হয়েছে।" -ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ১

**হাকীকত :** অত্যন্ত ধূর্ততার সঙ্গে এ গদটি তৈরি করা হয়েছে। প্রথমত: ইসলামের বিধান না বলে ইসলামের ব্যাখ্যা শব্দ ব্যবহার করা হয়েছে। দ্বিতীয়ত: ইসলামের ব্যাখ্যা অনুযায়ী গণতন্ত্র বাস্তবায়ন করার কথা বলা হয়েছে, অথচ ইসলামের ব্যাখ্যা অনুযায়ী গণতন্ত্রের কোন অস্তিত্ব নেই। তৃতীয়ত: গণতন্ত্রের যে ব্যাখ্যা পাকিস্তান সংবিধানে দেয়া হয়েছে সে ব্যাখ্যার মাঝে ইসলাম প্রবেশ করার কোন ছিদ্রপথও রাখা হয়নি। চতুর্থ নম্বরে ইসলামী শিক্ষার পরিবেশ তৈরির ওয়াদা করা হয়েছে। যার সাথে আইনগত বিষয় জড়িত নয়। এ ধরনের ওয়াদা অন্যান্য ধর্মের শিক্ষার বেলায়ও করা হয়েছে।

সংবিধানের এ অংশটিকে আমরা এখানে যেভাবে বুঝেছি সেভাবে তা পুরো সংবিধানে এবং সত্তর/বাহাত্তর বছর যাবত তার বাস্তবায়ন হয়েছে। শাব্দিক অর্থের সুবিধা নিয়ে যেসব বুঝ দেয়ার চেষ্টা করা হয়েছে পুরো সংবিধানে এবং পাকিস্তানের সত্তর/বাহাত্তর বছরে এর কোন উদাহরণ পাওয়া যায় না।

আমাদের ইলমী অঙ্গনে এ কথাটি প্রসিদ্ধ আছে যে, পাকিস্তান সংবিধানের ভূমিকা পাকিস্তানের আকাবির ওলামায়ে কেরাম তৈরি করেছেন। এ কারণে পাঠকদের কেউ মনে করতে পারেন যে, ভূমিকার উপর যেসব অভিযোগ রয়েছে সেগুলো প্রকারান্তরে আমাদের আকাবির ওলামায়ে কেরামের উপরই পড়ে।

এ বিষয়ে আমার নিবেদন হচ্ছে, ভূমিকাটি আমাদের আকাবির ওলামায়ে কেরাম লিখে থাকলেও তা গণতন্ত্রের ফর্মায় ও ধর্মনিরপেক্ষ ধর্মের ফর্মায় পরিপাটি হয়েই সংবিধানে সন্নিবেশিত হয়েছে। এর বিকল্প কোন কিছু ধারণা করার কোন সুযোগ নেই। অতএব ভূমিকা বিষয়ক অভিযোগের পুরোটাই গণতন্ত্রের উপর। এর অংশবিশেষ হিসাবে আমাদের উপর এতটুকু অভিযোগ আসবে যে, আমরা কেন বিষয়গুলো বোঝার চেষ্টা করিনি এবং করছি না।

### তৃতীয় বক্তব্য

* قادر مطلق اللہ تبارک وتعالی اور اس کے بندوں کے سامنے اپنی ذمہ داری کے احساس کے ساتھ :

..................

بانی پاکستان قائد اعظم محمد علی جناح کے اس اعلان سے وفاداری کے ساتھ کہ پاکستان عدل عمرانی کے اسلامی اصولوں پر مبنی ایک جمہوری مملکت ہو گی۔ اسلامی جمہوریت پاکستان کی دستور، تمہید ص: ۲

"কাদেরে মুতলাক আল্লাহ তাবারাকা ওয়াতাআলা ও তাঁর বান্দাদের সামনে নিজের দায়িত্বের অনুভূতির সাথে:

............................

পাকিস্তানের প্রতিষ্ঠাতা কায়েদে আযম মুহাম্মদ আলি জিন্নাহের ঐ ঘোষণার মান রক্ষা করে যে, পাকিস্তান ইনসাফপূর্ণ জীবনযাপনের ইসলামী মূলনীতির উপর প্রতিষ্ঠিত একটি গণতান্ত্রিক দেশ হবে।" - ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ২

**হাকীকত :** এখানে প্রথম কথা হচ্ছে আল্লাহ ও তাঁর বান্দাদের সামনে দায়িত্বের অনুভূতির প্রকাশ। দ্বিতীয় কথা হচ্ছে, কায়েদে আযমের ঘোষণার মান রক্ষা করা। এ দু'টি কথা মূলত দু'টি সোনালী রূপালী কথা। এগুলো কোন আইনী ও সাংবিধানিক ভাষা নয়। এখানে কোন বিধান দেয়াও হয়নি এবং কোন বিধানের মূলনীতিও দেয়া হয়নি। উপরন্তু

কায়েদে আযমের ঘোষণার মান রক্ষা করার জন্য যারা আজ সংবিধানের পাতা নষ্ট করছে তারা ভুলে গেছে যে, কায়েদে আযম যতকাল ক্ষমতায় ছিলেন ততকালের মধ্যে তিনিও তাঁর ঘোষণার মান রক্ষা করেননি। ইসলাম প্রতিষ্ঠার জন্যই তিনি দেশ ভাগ করেছেন। কিন্তু দেশ ভাগ করার পর বিভিন্ন ব্যস্ততার কারণে ইসলাম প্রতিষ্ঠার কথা ভুলে গেছেন। শত হাজার লক্ষ মুখে সে দাবি চলতে থাকার পরও তিনি ব্যস্ততার কারণে সে দিকে ভ্রুক্ষেপ করার সুযোগ পাননি।

'কায়েদে আযমের ঘোষণার মান রক্ষা করা' কথাটি আরেকটি বিষয় প্রমাণ করে যে, ইসলামবান্ধব এ গদগুলো অনেক পরের সংযোজন, যা বিভিন্ন পরিস্থিতি সামাল দেয়ার জন্য যুক্ত করা হয়েছে। পাকিস্তান প্রতিষ্ঠাকালে যারা দেশের মালিকপক্ষ ছিল তাদের সময়কালে এ জাতীয় কিছু কথা সংবিধানে ছিল না। বাস্তবায়ন বা প্রয়োগের তো প্রশ্নই আসে না।

লম্পট বদমাশগুলো তো লাম্পট্য ও বদমাশী করেই যাবে। এটাই স্বাভাবিক। কিন্তু মুসলমান কেন ধোঁকা খাবে। ধোঁকা খাওয়াতো নিষেধ।

### চতুর্থ বক্তব্য

* جس کا نام اسلامی جمہوریت پاکستان ہوگا۔ اسلامی جمہوریت پاکستان کی دستور، ابتدائیہ ص : ۳

"যার নাম হবে, ইসলামী জুমহুরিয়া পাকিস্তান।" -ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ইবতেদাইয়া পৃ: ৩

**হাকীকত:** দেশটির নাম ইসলামী জুমহুরিয়া পাকিস্তান। বাকি দেশটি শুধু জুমহুরিয়া হয়েছে, ইসলামী হয়নি। গণতান্ত্রিক দেশ হিসাবে যতগুলো যোগ্যতা থাকার দরকার তার সব যোগ্যতাই দেশটির আছে। কিন্তু দারুল ইসলাম হওয়ার মত কোন ব্যবস্থা পাকিস্তানে করা হয়নি। এতটুকু হয়েছে যে, দেশের নাম ইসলামী হওয়ার কারণে গণতন্ত্রের কুফরের প্রহরীদেরকে মুজাহিদ খেতাব দেয়া হয়েছে এবং মানবরচিত আইনের প্রণেতাদেরকে আমীরুল মুমিনীনের ফযীলত ও মান দেয়া হয়েছে।

পঞ্চম বক্তব্য

***باب ۳-الف-وفاقی شرعی عدالت**

دستور میں شامل کسی امر کے باوجود اس باب کے احکام مؤثر ہونگے۔

..............................

.......................

اس باب کی اغراض کے لئے ایک عدالت کی تشکیل کی جائے گی جو وفاقی شرعی عدالت کے نام سے موسوم ہوگی۔

عدالت چیف جسٹس سمیت زیادہ سے زیادہ آٹھ **مسلم ججوں** پر مشتمل ہوگی، جن کا تقرر صدر آرٹیکل ۱۷۵-الف کی مطابقت میں کرے گا۔ اسلامی جمہوریت پاکستان کی دستور، وفاقی شرعی عدالت ص: ۱۱۹-۱۱۸

**অনুবাদ**

অধ্যায় ৩ -আলিফ- বেফাকী (ফেডারেল) আদালত

সংবিধানে সন্নিবেশিত কোন বিষয় থাকা সত্ত্বেও এ অধ্যায়ের বিধানাবলী প্রভাব বিস্তার করবে।

..................................

.......................................

এ অধ্যায়ের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য একটি আদালত তৈরি করতে হবে যা বেফাকী (ফেডারেল) আদালত নামে পরিচিত হবে।

আদালতটি প্রধান বিচারপতিসহ সর্বোচ্চ আট জন মুসলিম জজ দ্বারা তৈরি হবে। প্রেসিডেন্ট ১৭৫ আলিফ অনুচ্ছেদের আলোকে তাদেরকে নিয়োগ দেবেন।" -ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, বেফাকী শরয়ী আদালত পৃ: ১১৮-১১৯

**হাকীকত :** বেনসন সিগারেটের বিশাল বিলবোর্ডের এক কোনের 'সতর্কীকরণ : ধূমপান স্বাস্থের জন্য ক্ষতিকর' যত ক্ষুদ্র ও ছোট, পাকিস্তানের বিশাল কুফরী আদালতের পাশে সিঁড়ির নিচের শরীয়াহ বেঞ্চ তার চাইতে অনেক বেশি ক্ষুদ্র ও ছোট। দ্বিতীয়ত এ বেঞ্চ পরিচালিত হবে কুফরী আইন প্রয়োগে বিশেষজ্ঞ ও অভিজ্ঞদের সংখ্যাগরিষ্ঠ বিচারপতিদের দ্বারা। তৃতীয়ত এ বেঞ্চের প্রধানও হবে কুফরী আইন প্রয়োগে দীর্ঘ অভিজ্ঞ ব্যক্তি। চতুর্থত এর সকল তদারকি করবে কুফরী আইনের উচ্চ আদালত।

এরই সাথে সাথে আরো দু'টি বিষয়ও উল্লেখযোগ্য। এক. বলা হয়েছে শরীয়া বেঞ্চের বিধান অন্যান্য বিভাগের উপর প্রভাব বিস্তার করবে। কিন্তু বাস্তবে দেখা গেছে, শরীয়া বেঞ্চ দেশের বৃহৎ গায়রে শরয়ী আদালতের উপর প্রভাব বিস্তার করতে পারেনি এবং প্রভাব বিস্তার করার মত কোন ধারা সংবিধানে রাখা হয়নি; বরং বিপরীত ধারাসমূহ রাখা হয়েছে। দুই. শরীয়া বেঞ্চ নামের এ বেঞ্চটিও পাকিস্তানের কিসমতে বহুকাল পরে জুটেছে। বেঞ্চটি যখন জন্মলাভ করেছে তখন যতটুকু শক্তি নিয়ে তার পথচলা শুরু হয়েছিল তাও এখন অবশিষ্ট নেই। শেষ নিশ্বাস ত্যাগ করে করে অবস্থা।

কথাগুলো পাকিস্তানের দীর্ঘ জীবনেও আছে এবং সংবিধানে আছে। বার বার পড়ে বিষয়গুলো বুঝে নিন।

**ষষ্ঠ বক্তব্য**

* صدر

بسم اللہ الرحمن الرحیم

(شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔)

میں ................. صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں مسلمان ہوں اور وحدت،
توحید قادر مطلق اللہ تبارک وتعالیٰ، کتب الٰہیہ، جن میں قرآن پاک خاتم الکتب ہے، نبوت
حضرت محمد رسول اللہ صلی اللہ علیہ وسلم بحیثیت خاتم النبیین جن کے بعد کوئی نبی نہیں آ

سکتا، روز قیامت اور قرآن پاک وسنت کی جملہ مقتضیات وتعلیمات پر ایمان رکھتا ہوں۔

اسلامی جمہوریت پاکستان کی دستور، عہدوں کے حلف ص: ۲۰۷

### প্রেসিডেন্ট

بسم اللہ الرحمن الرحیم

(আমি শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান, অত্যন্ত দয়াবান)

"আমি মুসলমান এবং কাদেরে মুতলাক আল্লাহ তাবারাকা ওয়াতাআলার তাওহীদ, আল্লাহর কিতাবসমূহ যার মধ্যে কুরআন পাক সর্ব শেষ কিতাব, খাতামুন নাবিয়্যীন হিসাবে হযরত মুহাম্মাদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাঁর পর কোন নবী আসতে পারে না, কেয়ামত দিবস, কুরআন পাক ও সুন্নাহের সকল দাবি ও শিক্ষার উপর ঈমান রাখি.......।" -ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, পদসমূহের হলফ পৃ: ২০৮

**হাকীকত:** প্রথমত এ কথার মধ্যে দেশে ইসলামী আইন বাস্তবায়নের কোন কথা নেই। দ্বিতীয়ত ঈমানের এ স্বীকৃতির পর যদি কেউ আল্লাহর আইনকে কবুল না করে মানব রচিত আইনকে কবুল করে তাহলে সে মুরতাদ হয়ে যাবে। সে পুনরায় মুসলমান হওয়ার জন্য তাওবা করতে হবে এবং কৃত কুফর থেকে ফিরে আসতে হবে। তৃতীয়ত মুসলমান হওয়ার স্বীকৃতি শুধুমাত্র প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর হলফনামায় রয়েছে। এছাড়া আর কারো হলফনামায় এ স্বীকৃতি নেই।

### সপ্তম বক্তব্য

* کہ میں اسلامی نظریہ کو برقرار رکھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی بنیاد ہے۔

اسلامی جمہوریت پاکستان کی دستور، عہدوں کے حلف ص: ۲۱۰

"যে, আমি ইসলামী ধ্যান-ধারণা বহাল রাখার জন্য সচেষ্ট থাকব।" - ইসলামী জুমহুরিয়া পাকিস্তানের সংবিধান, পদসমূহের হলফ পৃ: ২১০

**হাকীকত:** 'ইসলামী ধ্যান-ধারণা বহাল রাখার জন্য সচেষ্ট থাকব' এটি সংবিধানের কোন ভাষা নয়। এর দ্বারা কোন আইনগত অবস্থান প্রকাশ

পায় না। ইসলামী আইনে দেশ চলবে, কুরআনের আইনে দেশ চলবে - এ বক্তব্যের এমন অর্থ করা যায় না। ধোঁকাবাজরা বুঝে শুনেই কথাগুলোকে এভাবে তৈরি করেছে।

## স্বীকার করা ও কবুল করা

এ পর্যায়ে একটি মাসআলা একদম স্পষ্ট হয়ে যাওয়া দরকার। প্রায় ক্ষেত্রে কুফর থেকে কাউকে বাঁচানোর জন্য বলা হয়, তিনি বিষয়টিকে অস্বীকার করেন না। বুঝতে হবে ঈমানের বিষয়গুলোকে শুধু স্বীকার করার দ্বারা ঈমান সাব্যস্ত হয় না। ঈমানের বিষয়গুলোর সত্যতা স্বীকার করার পর ব্যক্তির মাঝে ঈমান সাব্যস্ত হতে হলে সে স্বীকার করার সাথে সাথে তা কবুল করে নিতে হবে। ويسلموا تسليما এর পর্ব পার করতে হবে। নচেৎ ঈমান সাব্যস্ত হবে না।

## আবু তালিবের কুফর

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চাচা আবু তালেব কাফের ছিলেন এ বিষয়ে উম্মতের আহলে সুন্নাহ ওয়াল জামাতের মাঝে কোন দ্বিমত নেই। কিন্তু প্রশ্ন হচ্ছে তিনি কেন কাফের ছিলেন? সহীহ বর্ণনার আলোকেই এ কথা প্রমাণিত যে, আবু তালিব আল্লাহ যে একক সত্তা, তাঁর কোন শরীক নেই -এ কথা বিশ্বাস করতেন। মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সত্য নবী হিসাবে বিশ্বাস করতেন। রাসূলের দাওয়াতের প্রতিটি শাখা প্রশাখাকে হক বলে জানতেন। শুধু এতটুকুই নয়; রাসূলের দাওয়াতী কাজের প্রতিটি পর্বে জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত সহযোগিতা করে গেছেন। ইসলামের দাওয়াতের কারণে রাসূলসহ সাহাবায়ে কেরাম যেসব কষ্টের মুখোমুখী হয়েছেন আবু তালিবও তার মাঝে শরীক ছিলেন। এত কিছুর পরও তিনি কেন কাফের?

সহীহ বর্ণনার আলোকে আমরা যা পেয়েছি তা হচ্ছে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চাচার জীবন সায়াহ্নে মাথার পাশে বসে বসে বলতে থেকেছেন, চাচা! আপনি একটি বার ঈমানের কালিমাটি পড়ুন। আপনি ঈমান গ্রহণ করেছেন শুধু এতটুকু প্রমাণ রেখে যান। চাচা গ্রহণ করেননি। গ্রহণ না করার কারণ কতটুকু ছিল? একেবারেই সামান্য। মক্কার কাফের সর্দাররা বলেছিল, আবু তালিব! তুমি মৃত্যুর

ভয়ে মুহাম্মদের দাওয়াত গ্রহণ করলে? আবু তালিবের স্বচ্ছ বিশ্বাস থাকা সত্ত্বেও শুধু কাল্পনিক মান হানীর ভয়ে ঈমানটা গ্রহণ করেননি।

এরকম ছোটখাট অনেক কারণেই মানুষ আল্লাহর বিধানকে গ্রহণ করছে না। কিন্তু কারণ যাই হোক, গ্রহণ না করলে ঈমান সাব্যস্ত হবে না। গ্রহণ না করলে সে মুসলমান থাকতে পারবে না।

## ইবলিসের কুফর

ইবলিস কেন কাফের? সে আল্লাহর সঙ্গে অন্য কাউকে শরীক করেনি। আল্লাহ তাআলা যত গুণে গুণান্বিত তত গুণে গুণান্বিত হিসাবে সে আল্লাহকে বিশ্বাস করত। আল্লাহ তাআলা যত হুকুম দিয়েছেন সেসব হুকুম যে আল্লাহর এ বিষয়ে ইবলিসের কোন অবিশ্বাস ছিল না। আল্লাহর আনুগত্য নাজাতের কারণ এবং অবাধ্যতা ধ্বংসের কারণ এ কথা ইবলিস বিশ্বাস করত। আল্লাহর কুদরতকে সে স্বীকার করত। আর সে কারণেই সে কেয়ামত পর্যন্ত মানুষকে গোমরাহ করার শক্তি আল্লাহর কাছ থেকেই চেয়ে নিয়েছে। তাহলে তার সমস্যাটা কোথায় ছিল?

তার সমস্যা ছিল, সে আল্লাহর আদেশকে বিশ্বাস করেছে, কিন্তু গ্রহণ করেনি। আল্লাহ বলেছেন, তুমি আদমকে সিজদা কর। সে বলেছে, আমি সিজদা করব না। সে বলেনি যে, এটা আপনার আদেশ নয়। শুধুমাত্র সে আদেশটি গ্রহণ করেনি। সে বলেছে قَالَ لَمْ أَكُنْ لِأَسْجُدَ لِبَشَرٍ । 'একজন মানুষকে আমি সিজদা করব না'। অর্থাৎ সে আল্লাহর এ আদেশটি গ্রহণ করেনি। এবং শুধুমাত্র এ একটি আদেশকে গ্রহণ না করেই সে কাফের মুরতাদ হয়েছে। এর আগে তার হাজার বছরের ইতিহাস হচ্ছে সে সব কিছু গ্রহণ করেছে। প্রথম যে দিন সে একটি আদেশ গ্রহণ করেনি সেদিন সে কাফের হয়ে গেছে। সে কিন্তু মুমিন থেকে কাফের হয়েছে।

## আদম আলাইহিস সালামের ঈমান

ترك عمل বা আমল ছেড়ে দেয়া এবং عدم تسليم বা গ্রহণ না করা এ দুয়ের মাঝেও পার্থক্য স্পষ্ট হয়ে যাওয়া দরকার। আল্লাহ তাআলা আদম আলাইহিস সালামকে জান্নাতের একটি নির্দিষ্ট গাছ থেকে খেতে নিষেধ

করেছেন। এরপরও তিনি খেয়েছেন। আল্লাহর আদেশের বিপরীত করেছেন। আল্লাহ তাআলা ইবলিসকে বলেছেন, আদমকে সিজদা কর। ইবলিস সিজদা করেনি। আল্লাহর আদেশের বিপরীত করেছে। এ দুয়ের মাঝে ব্যবধান কী?

ব্যবধান হচ্ছে, আল্লাহ তাআলা আদেশ করার পর ইবলিস বলেছে, আমি করব না। এবং সে করেনি। আল্লাহ তাকে বলেছেন-

﴿قَالَ فَاخْرُجْ مِنْهَا فَإِنَّكَ رَجِيمٌ * وَإِنَّ عَلَيْكَ اللَّعْنَةَ إِلَى يَوْمِ الدِّينِ﴾
{سورة الحجر: ٣٤ و ٣٥}

আর আল্লাহ তাআলা আদমকে বলেছেন খেয়ো না। তিনি বলেননি যে, না, আমি খাব। কিন্তু খেয়েছেন। আল্লাহ তাঁকে বলেছেন-

﴿وَقُلْنَا اهْبِطُوا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ وَلَكُمْ فِي الْأَرْضِ مُسْتَقَرٌّ وَمَتَاعٌ إِلَى حِينٍ * فَتَلَقَّى آدَمُ مِنْ رَبِّهِ كَلِمَاتٍ فَتَابَ عَلَيْهِ إِنَّهُ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ﴾
{البقرة: ٣٦}

এ দুয়ের ব্যবধান যে বুঝতে পারবে না তার আর দুঃখের শেষ নেই। এ ব্যবধানের কারণে ইবলিস কাফের হয়েছে, আর আদম আলাইহিস সালাম মুমিন রয়ে গেছেন।

আমাদের গণতন্ত্রের কর্ণধাররা ইবলিসের কথাটি গ্রহণ করেছে। তাদেরকে যখন বলা হয়েছে, কুরআন সুন্নাহর ভিত্তিতে দেশ পরিচালনা করুন। তারা বলেছে, না, করব না। আমরা গণতন্ত্রের মাধ্যমে দেশ পরিচালনা করব। কুরআন সুন্নাহর আলোকে দেশ পরিচালনা করা সম্ভব নয়। এবং করেনি। কুরআন সুন্নাহর আইনের পক্ষে যারা কথা বলেছে তাদেরকে দমন করেছে, ঠাট্টা করেছে, পশ্চাদপদ বলেছে। প্রতিযোগিতায় হেরে যাওয়ার আশঙ্কা প্রকাশ করেছে। পিছিয়ে পড়ার আশঙ্কা প্রকাশ করেছে।

আদম আলাইহিস সালাম আল্লাহর সে আদেশ মেনে চলার সকল আয়োজন করেছেন। সে গাছ থেকে খাওয়ার প্রস্তাব বার বার ফিরিয়ে দিয়েছেন। এক পর্যায়ে প্ররোচনার শিকার হয়ে গেছেন এবং ভুল করে

ফেলেছেন। ترك عمل হয়েছে। আমাদের গণতন্ত্রের কর্ণধাররা কুরআন সুন্নাহর আইন বাস্তবায়নের সকল পথ বন্ধ করে, গণতন্ত্র বাস্তবায়নের সকল আয়োজন সম্পন্ন করে দেশ পরিচালনা শুরু করেছে। এটা হচ্ছে عدم تسليم বা গ্রহণ না করা।

পাকিস্তানে গণতন্ত্রের কর্ণধারদের ব্যাপারে শায়খে মুহতারাম দাবি করতে পারেন, তারা আল্লাহর বিধানকে গ্রহণ করেছে, কিন্তু তরক করেছে। শায়খের এ দাবি সহীহ নয়। পাকিস্তানের সংবিধানের ভাষা অনুযায়ী তারা আল্লাহর বিধানকে গ্রহণ করেনি। করবে বলে ওয়াদা করেছে। আর ঈমানের ক্ষেত্রে ভবিষ্যতকালের সীগা-শব্দ গ্রহণযোগ্য নয়। 'আমি ঈমান আনব' বললে তাকে মুমিন বলা হবে না। 'আমি বিয়ে করব' বললে বিয়ে হয় না। 'আমি ক্রয় করব' বললে বেচা কেনা হয় না।

বরং একই বিষয় যে বিষয়ে আল্লাহর বিধানে অকাট্যভাবে সিদ্ধান্ত দেয়া রয়েছে সে বিষয়ে আল্লাহর বিধানকে ঠেলে ফেলে দিয়ে কুফরের বিধানকে গ্রহণ করা হয়েছে -পাকিস্তানের আইনে এমন উদাহরণ শত শত রয়েছে। আল্লাহর বিধান অকাট্যভাবে থাকা সত্ত্বেও তাহাকুম ইলাত তাগুতের অনুশীলন চলছে প্রতিদিন।

এসবই عدم تسليم বা গ্রহণ না করা। ترك عمل বা আমল ছেড়ে দেয়া নয়।

## জরুরী টীকা : ৪

“

আল্লাহ তাআলার হাকিমিয়্যাত মেনে নেয়ার মাধ্যমে হবে এবং তাঁর বিধানের অধীনে হবে।

”

## জরুরী টীকা-৪

*আল্লাহ তাআলার হাকিমিয়্যাত মেনে নেয়ার মাধ্যমে হবে এবং তাঁর বিধানের অধীনে হবে।*

*** এটি শায়খ মুহতারামের নিজের কথা। পাকিস্তান সংবিধানে এমন কোন কথা নেই। সংবিধানের ২২৭ অনুচ্ছেদে 'ইসলামী আহকাম' শিরোনামে যে কথা বলা হয়েছে তা হচ্ছে, বর্তমানের সকল আইনকে ইসলামের আইন অনুযায়ী সাজানো হবে। আর এ কথা ১৯৪৭ থেকে ২০১৫ পর্যন্ত সকল সংস্করণেই আছে। যার অর্থ হচ্ছে, বিধান কখনোই আল্লাহর বিধানের অধীনে তৈরি হয়নি। হুকুমত আল্লাহর হাকিমিয়্যাতের অধীনে প্রতিষ্ঠিত হয়নি এবং হওয়ার কোন সুযোগ নেই। হয়নি, এর সাক্ষি বিগত সত্তর/বাহাত্তর বছর। আর হবে না, এর দলিল অতীত বর্তমানের সংবিধান, সংবিধানের বাস্তবায়ন, গণতান্ত্রিক পদ্ধতির রাষ্ট্র পরিচালনা এবং ধর্মনিরপেক্ষতার বিজয়।***

**গণতন্ত্র**

গণতন্ত্রের হাকীকত হচ্ছে, সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। গৃহীত সিদ্ধান্তের অবস্থা কী? তার সুবিধা অসুবিধা কী? এসব বিষয় গণতন্ত্রের কোন আলোচ্য বিষয় নয়। সংখ্যাগরিষ্ঠ জনগণ

যদি বলে, মানুষে মানুষে বিয়ের প্রথা বন্ধ করতে হবে, যেখানে সেখানে যৌনমিলনের অবাধ অনুমতি দিতে হবে এবং কুকুর, শূয়র, বিড়াল তাদের বিয়ে নিবন্ধন করতে হবে এবং নিবন্ধন না করে রাস্তাঘাটে যেখানে সেখানে তাদের সহবাস নিষিদ্ধ করতে হবে, তাহলে গণতান্ত্রিক সরকার তা করতে বাধ্য। না করলে সে ক্ষমতা ছেড়ে দিতে হবে এবং সংখ্যাগরিষ্ঠ জনগণের মনোনীত ব্যক্তিই সরকার প্রধান হিসাবে নির্বাচিত হবে এবং তাদের এসব দাবি পূরণ করবে।

এসব আইন পাশ করার ক্ষেত্রে সংখ্যাগরিষ্ঠ কারো কাছে কোন প্রকার জবাবদিহি করতে বাধ্য নয়। ধর্মের কাছেও নয়, ডাক্তারের কাছেও নয়, রুচির কাছেও নয়, ইতিহাসের কাছেও নয়, বিবেকের কাছেও নয়। কোথাও নয়। গণতন্ত্রের এসব হাকীকত শায়খে মুহাতারাম তাঁর বিভিন্ন লেখায় সুন্দর করে তুলেও ধরেছেন। বিশ্বের বিভিন্ন ভূখণ্ড থেকে বিভিন্ন চিত্রও তিনি তুলে এনে পাঠকদেরকে দেখিয়েছেন। আমরা সেসব চিত্র নিজ চোখে দেখতেও পাচ্ছি। নিজ কানে শুনতেও পাচ্ছি।

**পাকিস্তানের গণতন্ত্র**

পাকিস্তানের কথা কাজেও আমরা উল্লিখিত গণতন্ত্রের ব্যতিক্রম কিছু দেখিনি। সারা পৃথিবীর গণতান্ত্রিক দেশগুলোতে গণতন্ত্র যেভাবে চলে, যে শক্তি নিয়ে কাজ করে পাকিস্তানেও সেভাবেই চলছে, সে শক্তি নিয়েই কাজ করছে। সারা বিশ্বে গণতন্ত্রের চর্চার সঙ্গে পাকিস্তানে গণতন্ত্রের চর্চার কোন ব্যবধান নেই। পাকিস্তানের সংবিধান পাকিস্তানে গণতন্ত্রের চর্চাকে সেভাবেই তুলে ধরেছে। চলুন সংবিধানের সে পাঠগুলোর কিছু অংশ আমরা আবার একটু দেখি-

مملکت پاکستان ایک وفاقی جمہوریت ہوگی جس کا نام اسلامی جمہوریت پاکستان
ہوگا جسے بعد ازیں پاکستان کہا جائے گا-ابتدائیہ ص: ۳

"পাকিস্তান দেশটি একটি গণতান্ত্রিক দেশ হবে যার নাম হবে ইসলামী জমহুরিয়া পাকিস্তান, যাকে এরপর থেকে পাকিস্তান বলা হবে।" -পৃ: ৩

مجلس شوری (پارلیمنٹ) میں کسی بھی کارروائی کے جواز پر ضابطہ کار کی کسی بے
قاعدگی کی بناپر اعتراض نہیں کیا جائے گا-ص: ۴۵

"মজলিসে শূরায় (সংসদে) কোন কার্যক্রমের বৈধতার উপর, কার্যপ্রণালীর কোন নীতিহীনতার উপর কোন প্রকার আপত্তি করা যাবে না।" -পৃ: ৪৫

شق (۱) کے تحت وضع شدہ قواعد کو مشترکہ اجلاس کے سامنے پیش کیا جائے گا اور مشترکہ اجلاس میں ان میں اضافہ کیا جاسکے گا، کمی بیشی کی جاسکے گی، ترمیم کی جاسکے گی یا انہیں تبدیل کیا جاسکے گا۔

دستور کے تابع کسی مشترکہ اجلاس میں تمام فیصلے حاضر اور رائے دینے والے ارکان کی اکثریت کے ووٹوں سے کئے جائیں گے۔ص: ۴۸-۴۷

"অনুচ্ছেদ (১) এর অধীনে রচিত নীতিমালাকে সম্মিলিত এজলাসের সামনে উত্থাপন করা হবে, সম্মিলিত এজলাসে তার মাঝে বৃদ্ধি করা যাবে, কম-বেশ করা যাবে, সংশোধন করা যাবে, এমনিভাবে পরিবর্তনও করা যাবে।

সংবিধানের অধীনে সম্মিলিত এজলাসে সকল সিদ্ধান্ত নেয়া হবে উপস্থিত এবং রায় প্রদানকারীদের অধিকাংশের ভোটের ভিত্তিতে।" -পৃ: ৪৭-৪৮

دستور میں کسی ترمیم پر کسی عدالت میں کسی بناء پر چاہے جو کچھ ہو کوئی اعتراض نہیں کیا جائے گا۔

ازالہ شک کے لئے بذریعہ ہذا اقرار دیا جاتا ہے کہ دستور کے احکام میں سے کسی میں ترمیم کرنے کے مجلس شوری (پارلیمنٹ) کے اختیار پر کسی بھی قسم کی کوئی پابندی نہیں ہے۔ص: ۱۵۸-۱۵۷

**"সংবিধানের কোন প্রকার সংশোধনীর উপর কোন আদালতে কোন ভিত্তিতে কোন বিষয়ে কোন আপত্তি করা যাবে না।**

সন্দেহ দূর করার জন্য এর দ্বারা সিদ্ধান্ত দেয়া হচ্ছে যে, সংবিধানের বিধানাবলীর মধ্য থেকে কোনটির মধ্যে রদবদল করার ক্ষেত্রে মজলিসে

শূরা (পার্লামেন্ট) এর এখতিয়ারের উপর কোন প্রকারের কোন পাবন্দি নেই।" -সংবিধান সংশোধনী পৃঃ ১৫৭-১৫৮

এভাবে গণতন্ত্রের যত ধারা উপধারা রয়েছে তার প্রত্যেকটিই পাকিস্তান সংবিধানে রয়েছে, সেগুলোর প্রয়োগ রয়েছে এবং এসব ধারা উপধারার প্রতি আকিদা বিশ্বাসও রয়েছে পূর্ণ মাত্রায়। আমরা দু'চারটি খণ্ডচিত্র এখানে তুলে ধরেছি। এ থেকে কিছুটা ধারণা নেয়া যাবে। পুরোপুরি উপলব্ধি করতে হলে পাকিস্তানের সংবিধানটি সরাসরি দেখতে হবে। আমি আমার পাঠকবর্গকে তা দেখার জন্য অনুরোধ করছি।

## ধর্মনিরপেক্ষতা

বিশ্বব্যাপী পরিচিত একটি পরিভাষা। ইসলাম ধর্মের বিরুদ্ধে কার্যকরী একটি পদক্ষেপ হচ্ছে ধর্মনিরপেক্ষতা। প্রত্যেকটি গণতান্ত্রিক দেশে গলায় গলা মিলিয়ে আছে ধর্মনিরপেক্ষতা। ধর্মনিরপেক্ষতার শব্দ, পরিভাষা, ব্যবহারিক অর্থ ও প্রয়োগ সব কিছুর মূল দাবিই হচ্ছে, কোন ধর্মের পক্ষ গ্রহণ না করা। এক ধর্মকে আরেক ধর্মের উপর প্রাধান্য না দেয়া। পরিবার, সমাজ, দেশ ও বিশ্ব পরিচালনায় ধর্মের কোন প্রভাব না থাকা। প্রত্যেক ধর্মের অনুসারীর জন্য সমান অধিকার প্রতিষ্ঠিত করা। দেশের জনগণ হিসাবে কোন ধর্মের অনুসারীই ছোট নয় এবং কোন ধর্মের অনুসারীই বড় নয়। প্রত্যেক ধর্মের অনুসারীরাই দেশের মালিক এবং সমান অধিকার নিয়ে মালিক। এক পক্ষ আশ্রয়দাতা আরেক পক্ষ আশ্রিত এমন নয়। এক পক্ষ মালিক আরেক পক্ষ বহিরাগত এমন নয়।

ধর্মনিরপেক্ষতা বলে, ধর্মের ভিত্তিতে বিভক্তি হচ্ছে সাম্প্রদায়িকতা। এর খুব বিরোধিতা করতে হবে। ধর্মের ভিত্তিতে কোন শত্রুতা হবে না, দূরত্ব হবে না, লড়াই হবে না, বিদ্বেষ হবে না, কটাক্ষ হবে না। আর চৌধুরী, পাটওয়ারী, বাঙ্গালী, অবাঙ্গালী আরবী অনারবী এসব গোষ্ঠী ও ভূখণ্ড ভিত্তিক বিভক্তি হচ্ছে জাতীয়তাবাদ। এর গোড়ায় খুব পানি ঢালতে হবে। এ বিভক্তিকে যতই টিকিয়ে রাখা যাবে ততই উন্নতি হতে থাকবে।

এসব কিছুর মূলে রয়েছে ইসলামের মৌলিক সবগুলো দাবিকে সমূলে নিশ্চিহ্ন করা। আর সে কারণে ধর্মনিরপেক্ষতা খুঁজে খুঁজে সেসব

বিন্দুতেই আঘাত করেছে যা ইসলামের মৌলিক আকীদা বিশ্বাস হিসাবে প্রতিষ্ঠা লাভ করেছে এবং প্রচার লাভ করেছে।

এ হচ্ছে ধর্মনিরপেক্ষতা। পৃথিবীর প্রতিটি গণতান্ত্রিক দেশে এ ধর্ম খুবই সমাদৃত। দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষ যে ধর্মেরই অনুসারী হোক না কেন গণতন্ত্রের চর্চার সঙ্গে সঙ্গে সে দেশে ধর্মনিরপেক্ষতা সমাদৃত হতে বাধ্য। আসলে গণতন্ত্রের আঁচলে গিট বাঁধার পর ধর্মনিরপেক্ষ ধর্ম গ্রহণ না করে কোন উপায় নেই। বিষয়গুলো সেভাবেই সাজানো।

পাকিস্তানের অবস্থাও এর ব্যতিক্রম নয়। কোন অংশেই পিছিয়ে নয়।

## পাকিস্তানের ধর্মনিরপেক্ষতা

পাকিস্তান যে সাংবিধানিকভাবেই ধর্মনিরপেক্ষ ধর্মকে গ্রহণ করেছে তা আমরা ইনশা-আল্লাহ সংবিধানের কিছু উদ্ধৃতি থেকেই দেখব। পাকিস্তানের বাস্তব জীবনে ধর্মনিরপেক্ষ ধর্মের যে চর্চা হয় তার চিত্রের কোন অভাব নেই। কিন্তু এরপরও মানুষ সংবিধানকেই বেশি বিশ্বাস করে। তাই সেখান থেকেই কিছু খণ্ডচিত্র তুলে ধরছি।

**ক.** পাকিস্তানে ধর্মনিরপেক্ষতার সফল চর্চার কারণে সেখানকার মুসলমানদের জন্য যারা আইন প্রণয়ন করবে ও প্রয়োগ করবে তারা মুসলমান হওয়া জরুরী নয়।

**খ.** ধর্মনিরপেক্ষতার চর্চার কারণে অমুসলিমরা পাকিস্তানের মুসলমানদের উপর যে কোন পর্যায়ে থেকে নেতৃত্ব দিতে পারে এবং কর্তৃত্ব করতে পারে।

**গ.** সংবিধানে বলা হয়েছে-

قومی اسمبلی میں خواتین اور غیر مسلموں کے لئے مخصوص نشستوں کے بشمول ارکان کی تین سو بیالس نشستیں ہوگی۔ مجلس شوری ۲۶/۱

شق (۳) میں محولہ نشستوں کی تعداد کے علاوہ قومی اسمبلی میں غیر مسلموں کے لئے دس نشستیں مختص کی جائینگی۔ مجلس شوری ۲۷/۱

غیر مسلموں کے لئے مخصوص تمام نشستوں کے لئے حلقۂ انتخاب پورا ملک ہو گا۔ مجلس شوری ۲۸/۱

"জাতীয় সংসদে মহিলা ও অমুসলিমদের জন্য সংরক্ষিত আসনসহ মোট তিন শত বেয়াল্লিশ আসন হবে। -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, মজলিসে শূরা পৃ: ২৭

অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত আসন ছাড়াও জাতীয় সংসদে অমুসলিমদের জন্য দশটি আসন সংরক্ষিত রাখা হবে।

অমুসলিমদের জন্য নির্ধারিত সবগুলো আসনের জন্য নির্বাচনের ক্ষেত্র পুরো দেশ হবে।" -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, মজলিসে শূরা পৃ: ২৭

**ঘ.** আইন প্রণয়ন বিভাগের সদস্যদের যোগ্যতা সম্পর্কে সংবিধানে বলা হয়েছে, যেসব কারণে কোন ব্যক্তি অযোগ্য বলে বিবেচিত হবে-

(د) وہ اچھے کردار کا حامل نہ ہو اور عام طور پر احکام اسلام سے انحراف میں مشہور ہو۔

(ہ) وہ اسلامی تعلیمات کا خاطر خواہ علم نہ رکھتا ہو اور اسلام کے مقرر کردہ فرائض کا پابند نیز کبیرہ گناہوں سے مجتنب نہ ہو۔۔۔

..................

..................

پیراجات (د) اور (ہ) میں صراحت کردہ نا اہلیوں کا کسی ایسے شخص پر اطلاق نہیں ہو گا جو غیر مسلم ہو، لیکن ایسا شخص اچھی شہرت کا حامل ہو گا۔ مجلس شوری ۳۵/۳۶و۳۶

"(۱) সে ভালো অবদান না রেখে থাকে এবং সাধারণভাবে ইসলামী বিধিবিধান থেকে বিমুখ হিসাবে প্রসিদ্ধ হয়।

(۵) সে ইসলামের শিক্ষা দীক্ষায় যথাযথ ইলমের অধিকারী নয় এবং ইসলামের নির্ধারিত ফরযসমূহের পাবন্দ নয় এবং কবীরা গুনাহসমূহ থেকে বিরত থাকে না।

..............................

............................

পেরাগ্রাফ (۱) ও (۵) এর মাঝে উল্লিখিত অযোগ্যতাগুলো এমন ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না যারা অমুসলিম হবে। তবে এমন ব্যক্তিরা যেন ভালো প্রসিদ্ধির অধিকারী হয়।" -মজলিসে শূরা পৃ: ৩৫-৩৬

অর্থাৎ পাকিস্তানের মুসলমানদের জন্য যারা আইন প্রণয়ন করবে তারা মুত্তাকী পরহেযগার হতে হবে। তবে মুত্তাকী পরহেযগার হওয়ার এসব কঠিন শর্ত থাকার প্রয়োজন হবে না যদি আইন প্রণয়নকারী কাফের হয়। নাস্তিক হয় বা মুরতাদ হয়। সে ক্ষেত্রে মুসলমানদের জন্য আইন প্রণয়নকারী হিসাবে যোগ্য হওয়ার জন্য সে অমুসলিম হওয়াই যথেষ্ট।

ধর্মনিরপেক্ষ ধর্মের নিয়ম এরকমই। ধর্মনিরপেক্ষ ধর্মের জন্য সবচাইতে বড় সমস্যার বিষয় হচ্ছে ইসলাম ও মুসলমান। ইসলামের বজ্রকঠিন মূলনীতিগুলো।

৬. মুসলিম অমুসলিম সবার সমান মাত্রার অধিকার সম্পর্কে সংবিধানে বলা হয়েছে-

جس میں جمہوریت، آزادی، مساوات، رواداری اور عدل عمرانی کے اصولوں پر
جس طرح اسلام نے ان کی تشریح کی ہے، پوری طرح عمل کیا جائے گا:

جس میں مسلمانوں کو انفرادی اور اجتماعی حلقہ ہائے عمل میں اس قابل بنایا
جائے گا کہ وہ اپنی زندگی کو اسلامی تعلیمات و مقتضیات کے مطابق جس طرح

قرآن پاک اور سنت میں ان کا تعین کیا گیا ہے، ترتیب دے سکے۔ اسلامی جمہوریت پاکستان کی دستور، تمہید ص: ا

جس میں قرار واقعی انتظام کیا جائے گا کہ اقلیتیں آزادی سے اپنے مذاہب پر عقیدہ رکھ سکے اور ان پر عمل کر سکے اور اپنی ثقافتوں کو ترقی دے سکے۔

"যার মধ্যে গণতন্ত্র, স্বাধীনতা, সাম্য, সততা ও ইনসাফপূর্ণ জীবনযাপনের মূলনীতির উপর পুরোপুরি আমল করা হবে যেভাবে ইসলাম সেগুলোর ব্যাখ্যা করেছে।

যার মধ্যে মুসলমানদেরকে ব্যক্তি ও সামাজিক অঙ্গনে এমন উপযুক্ত করে তোলা হবে যে, তারা তাদের নিজেদের জীবনকে ইসলামী শিক্ষা ও ইসলামের দাবি মোতাবেক সাজাতে পারে যেভাবে কুরআন পাক ও সুন্নাহতে বাতলানো হয়েছে।

**যার মধ্যে বাস্তবমুখী সিদ্ধান্ত নেয়া হবে যে, সংখ্যালঘু সম্প্রদায় যেন স্বাধীনতার সাথে নিজেদের ধর্মবিশ্বাসকে লালন করতে পারে, তার উপর আমল করতে পারে এবং নিজেদের ধর্মীয় বিশ্বাস ও সভ্যতাকে উন্নত করতে পারে।" -ইসলামী জুমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃঃ ১ পাকিস্তান এমন একটি দেশ যেখানে ইসলামী শিক্ষার উন্নতির জন্যও সরকারীভাবে ব্যবস্থা করা হবে, আবার অমুসলিমদের আকিদা বিশ্বাস চর্চার জন্যও সরকারীভাবে কার্যকরী ব্যবস্থা নেয়া হবে। আর যে দেশে সব ধর্মের জন্য এভাবে ব্যবস্থা থাকে সে দেশকে বলা হয় ধর্মনিরপেক্ষ দেশ। বৃটিশ ভারতে এটা ছিল। বর্তমান ভারতে এটা আছে। বিশ্বের প্রতিটি গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ দেশে এটা আছে। বর্তমান আমেরিকা লন্ডনেও তা আছে। এবং পাকিস্তানে যেভাবে আছে সেভাবেই আছে।** পাকিস্তানে মুসলমান বেশি তাই মাদরাসার সংখ্যা বেশি। এছাড়া আর কোন ব্যবধান নেই।

**সাবধান!**

খবরদার! অমুসলিমদেরকে প্রদত্ত এসব অধিকারকে ইসলামের যিম্মী অধিকারের সঙ্গে প্যাঁচ লাগাবেন না। পাকিস্তানের অমুসলিমরা যিম্মী

নয়। তারা মুসলমানদের জন্য আইন প্রণয়ন ও তা প্রয়োগের অধিকার নিয়ে বসবাস করে। তাদের অধিকারে ও মুসলমানদের অধিকারে কোন মাত্রায় কোন রকমের কোন ব্যবধান নেই। এ বিষয়ক উদ্ধৃতি আগেও উল্লেখ করা হয়েছে, সামনে আরো করা হবে, ইনশা-আল্লাহ।

দ্বিতীয় কথা হচ্ছে, ইসলামী আইনে যিম্মীদেরকে ধর্ম বিশ্বাস লালন করা এবং আমল করা পর্যন্ত সুযোগ দিয়ে থাকে। পাকিস্তান-সংবিধান অমুসলমিদেরকে এতটুকু অধিকার দিয়ে থামেনি। পাকিস্তান তাদেরকে তাদের ধর্মবিশ্বাস ও তাদের সভ্যতাকে উন্নত করার জন্য ব্যবস্থা করার কার্যকরী দায়িত্বও মাথায় নিয়েছে। ধর্মনিরপেক্ষ ধর্মের নীতিতে এ দায়িত্ব নিতে হয়। ইসলামের নীতিতে তাদের আকীদা বিশ্বাসের উন্নতির পথগুলো বন্ধ করে দেয়ার ব্যবস্থা নিতে হয়। মুলতাকাল আবহুর দেখুন-

﴿وَلَا يجوز إِحْدَاث بيعَة أَو كَنِيسَة أَو صومعة فِي دَارنَا. وتعاد المنهدمة من غير نقل﴾ {ملتقى الابحر: ٤٧٦/١}

"দারুল ইসলামে তাদের নতুন কোন গির্জা, মঠ, সন্ন্যাসী আশ্রম তৈরি করা বৈধ হবে না। ধ্বংস হয়ে যাওয়াটিকে স্থানান্তর ব্যতীত পুনর্নির্মাণ করতে পারবে।" -মুলতাকাল আবহুর : ১/৪৭৬

একজন যিম্মী যেন দারুল ইসলামে থেকে ধীরে ধীরে নিজের ধর্মের প্রতি অতিষ্ঠ হয়ে ওঠে এবং ইসলাম ধর্মের আযমত ও বড়ত্বের সামনে ঝুঁকে পড়ে এবং এক সময় তা গ্রহণ করার প্রতি আগ্রহী হয়ে ওঠে সে জন্য শরীয়তের আইনে নিম্নোক্ত ব্যবস্থা নেয়া হয়েছে-

﴿ويميز الذِّمِّيّ فِي زيه ومركبه وسرجه، وَلَا يركب خيلاً وَلَا يعْمل بسلاح، وَيظْهر الكُستيج ويركب سرجاً كالإكاف، والأحق أَن لَا يتْرك أَن يركب إلاّ لضَرُورَة، وحينئذٍ ينزل فِي المجامع، وَلَا يلبس مَا يخص أهل الْعلم والزهد والشرف، وتميز أنثاه فِي الطَّرِيق وَالْحمام، وَتجْعَل على دَاره عَلامَة كَيْلا يسْتَغْفر لَهُ وَلَا يبدؤ بِسَلام، ويضيق عَلَيْهِ الطَّرِيق،

وَيُؤَدِّي الْجِزْيَة قَائِما والآخذ قَاعِدا، وَيُؤْخَذ بتلبيبه ويهز وَيُقَال لَهُ أَدِّ الْجِزْيَة يَا ذمِّي أَو يَا عَدو الله﴾ {ملتقى الابحر : ١/٤٧٦}

পোশাক-পরিচ্ছদ, বাহন, জিনপোষ ব্যবহারের ক্ষেত্রে তাদেরকে আলাদা করা হবে। তারা ঘোড়ায় আরোহন করবে না। অস্ত্র ব্যবহার করবে না। 'কুসতীজ' (পশমের তৈরি আঙ্গুল পরিমাণ মোটা সুতা যা যিম্মীরা কাপড়ের উপর ব্যবহার করে) প্রদর্শন করবে এবং গাধার জিনপোষের ন্যায় (নিম্নমানের) জিনপোষ ব্যবহার করবে। বরং সবচাইতে ভালো হচ্ছে তাদেরকে একান্ত প্রয়োজন ছাড়া বাহনে চড়তেই দেয়া হবে না। সে ক্ষেত্রেও কোন জমায়েত হলে সেখানে তারা নেমে যাবে।

আহলে ইলম, মুত্তাকী, সম্মানিত ব্যক্তিবর্গের বিশেষ পোষাক পরিধান করবে না।

তাদের মহিলাদের পথ ও গোসলখান আলাদা রকমের হবে।

তার ঘরে যিম্মী হওয়ার কোন নিশানা রাখা হবে, যাতে তার জন্য ইসতেগফারের দোয়া না করা হয়, তাকে আগে সালাম না দেয়া হয়।

তার রাস্তা সংকীর্ণ করে দেয়া হবে।

সে দাঁড়িয়ে কর আদায় করবে, আর কর গ্রহণকারী বসা থাকবে। কর গ্রহণকারী যিম্মী ব্যক্তির জামার বুক চেপে ধরবে, তাকে ঝাঁকুনি দেবে এবং বলবে, এই যিম্মী কর আদায় কর! অথবা বলবে, এই আল্লাহর দুশমন কর আদায় কর!" -মুলতাকাল আবহুর : ১/৪৭৬

পাকিস্তান-সংবিধান অমুসলিমের সঙ্গে যে সাম্যের কথা বলছে তার কোন ধারণা ইসলামে নেই। পাকিস্তান-সংবিধান যে নীতি গ্রহণ করেছে তা শতভাগ ধর্মনিরপেক্ষ ধর্মের নীতি। পাকিস্তান তার জন্মলগ্ন থেকে আজো পর্যন্ত সে নীতিতেই চলছে।

### সূচনালগ্নে হয়নি

**পাকিস্তানের সূচনালগ্নে ও তার জন্মলগ্নে আল্লাহর হাকিমিয়্যাতকে মেনে নিয়ে তাঁর বিধানের অধীনে দেশ পরিচালিত হয়নি। এক দিনের জন্যও হয়নি। ১৯৪৭ এর সংবিধান থেকে শুরু করে ২০১৫ পর্যন্ত সকল সংবিধানে হবে হবে বলা হয়েছে। সংবিধানের এ বিষয়ক অনুচ্ছেদ**

**আমরা ইতিপূর্বে উল্লেখ করেছি। আর 'হবে' শব্দটিই প্রমাণ করে যে, এখনো পর্যন্ত হয়নি। এরই বিপরীত তাগুতের আইন, মানবরচিত আইন এবং বৃটিশ আইনের উপর দেশটি তার জন্মলগ্ন থেকে আজো পর্যন্ত শতভাগ চলে আসছে।**

আল্লাহর আইনের অধীনে পাকিস্তান পরিচালিত হয়নি বলেই পাকিস্তানের আকাবির ওলামায়ে কেরাম যাঁরা পাকিস্তান নামে একটি ইসলামী ভূখণ্ড তথা একটি দারুল ইসলাম স্বপ্ন দেখেছিলেন তাঁরা আজীবন রাষ্ট্রের মালিক পক্ষের সঙ্গে ঝগড়া করে গেছেন। রাষ্ট্রযন্ত্র তাঁদের হাতে দেশের প্রথম পতাকা উড়িয়েছে, তাঁদেরকে আশ্বাস দিয়েছে, ধমক দিয়েছে, প্রশংসা করেছে, জানাযার নামাযে লক্ষ লক্ষ মানুষ এনে হাজির করেছে, জানাযা সামনে রেখে চোখের পানি ফেলেছে, এমন মানুষ আর মিলবে না বলেছে -কিন্তু তারা এক দিনের জন্যও আল্লাহর বিধানের অধীনে দেশ পরিচালনা করেনি।

আমরা বুঝতে পারিনি এবং পারছি না, যে ঘরে বরের কথায় ও আচরণে মুগাল্লাযা তালাক হয়ে গেছে সে ঘরে শুধু ঝগড়া করে করেও সংসার করার বৈধতা কীভাবে প্রমাণিত হয়েছে? এ সংসার কেন তখনই ভেঙ্গে যায়নি? কেন ভেঙ্গে দেয়া হয়নি? কেন বিচ্ছেদ ঘটানো হয়নি? সময়মত সে বিচ্ছেদ না ঘটার কারণে সন্তানরা এ সংসারকে অবৈধ সংসার বলে ভাবতে পারেনি। ভাবতে পারছে না। উপরন্তু তার ফযীলত রচনা করে চলেছে হাজার লক্ষ পৃষ্ঠায়।

যাই হোক, একটি পর্বের বিশেষ কোন দুর্বলতা পরবর্তী পর্বের জন্য দলিল হতে পারে না, শিক্ষা হতে পারে। ইবরত হতে পারে।

### ইতিহাসের ছেঁড়া পাতা: শাব্বীর আহমদ ওসমানী রহ. এর কান্না

اور آزادئ ملک کے بعد پاکستان کی اسلامی تعمیر اور اسلامی دستور کی تدوین اور نفاذ کے لئے بھی بڑی جد جہد اور کوشش کی، گویا حضرت شیخ الاسلام بانئ پاکستان کا دایاں ہاتھ تھے اور بانئ پاکستان مسٹر محمد علی جناح صاحب کو بھی آپ پر بہت اعتماد تھا- اس لئے پاکستان کا قومی پرچم بھی آپ کے مبارک ہاتھ سے لہرا کر پاکستان کی

داغ بیل ڈالی گئی، پھر پاکستان کے معرض وجود میں آنے کے بعد آپ نے بڑی کوشش اور سعی بلیغ جار رکھی کہ ملک کا نظام جلد از جلد خلافت راشدہ کے اسلامی آین کے تحت عمل میں لایا جائے۔

قیام پاکستان اور نفاذ دستور اسلامی کے لئے آپ کی غیر معمولی کاوشوں کو فراموش نہیں کیا جاسکتا۔ اس لا زوال محنت کی وجہ سے بانئ پاکستان نے موت سے قبل وصیت کی تھی کہ میرا جنازہ شیخ الاسلام مولانا شبیر احمد عثمانی ہی پڑھائیں۔ حضرت شیخ الاسلام علیہ الرحمۃ نے جنازہ کی امامت کے فرائض انجام دئے تو پاکستان کے مرزائی وزیر خارجہ آنجھانی سر ظفر اللہ نے قائد اعظم کے نماز جنازہ پڑھنے سے انکار کر دیا۔

اس کے بعد تعزیتی جلسہ میں خطاب کرتے ہوئے حضرت علامہ عثمانی نے قائد اعظم کو خراج تحسین پیش کرتے ہوئے فرمایا کہ میرے ساتھ قائد اعظم کا پختہ عہد تھا کہ پاکستان میں ہر حال میں اسلامی نظام کا نفاذ عمل میں لایا جائے گا۔ آپ زندگی بھر قائد اعظم کے اس مجادہ کی یاددہانی کراتے رہے۔ اب بھی موجودہ حکومت کا فرض ہے کہ قائد اعظم کے اس عظیم معاہدہ کی لاج رکھتے ہوئے ملک میں خلافت راشدہ کے اسلامی نظام کے احیاء کا اعلان کر دیا جائے تو بانئ پاکستان کو حقیقی روحانی مسرت حاصل ہوگی۔ تذکرہ وسوانح علامہ شبیر احمد عثمانی، اشاعت خاص ماہنامہ القاسم، رمضان-شوال-ذیقعدہ ۱۴۲۶ھ، ص: ۳۳۵

"আর দেশ স্বাধীন হওয়ার পর পাকিস্তানের ইসলামী নির্মাণ এবং ইসলামী সংবিধান সংকলন এবং তা বাস্তবায়ন করার জন্যও তিনি বড় ধরনের চেষ্টা প্রচেষ্টা করেছেনে। বলা যায় হযরত শায়খুল ইসলাম পাকিস্তানের প্রতিষ্ঠাতার ডান হাত ছিলেন এবং পাকিস্তানের প্রতিষ্ঠাতা মিস্টার মুহাম্মদ আলি জিন্নাহ সাহেবও তাঁর উপর খুব ভরসা রাখতেন[ক]। যার দরুণ পাকিস্তানের জাতীয় পতাকাও তাঁর মুবারক হাতে উড়িয়ে পাকিস্তান দেশটির সূচনা করেছেন। এরপর পাকিস্তান অস্তিত্ব লাভ করার পর তিনি অনেক চেষ্টা মেহনত করতে থেকেছেন যেন দেশের আইন কানূনকে যত তাড়াতাড়ি সম্ভব খেলাফতে রাশেদার ইসলামী আইনের অধীনে নিয়ে আসা হয়[খ]।

পাকিস্তান প্রতিষ্ঠা এবং ইসলামী সংবিধানের জন্য তাঁর অসাধারণ চেষ্টা মেহনতগুলোকে ভুলা যায় না। এ অমর মেহনতের কারণে পাকিস্তানের প্রতিষ্ঠাতা মৃত্যুর আগে ওসিয়ত করে গেছেন যে, আমার জানাযার নামায শায়খুল ইসলাম মাওলানা শাব্বির আহমদ ওসমানীই পড়াবেন। হযরত শায়খুল ইসলাম আলাইহির রাহমাহ জানাযার ইমামতির দায়িত্ব আদায় করেছেন। আর সে কারণে পাকিস্তানের কাদিয়ানী পররাষ্ট্রমন্ত্রী প্রয়াত স্যার যাফরুল্লাহ কায়েদে আযমের জানাযার নামায পড়তে অস্বীকৃতি জানিয়েছে [গ]।

এরপর শোক সভায় বক্তব্য দিতে গিয়ে হযরত আল্লামা ওসমানী রহ. কায়েদে আযমের প্রশংসা[ঘ] করতে গিয়ে বলেন, আমার সঙ্গে কায়েদে আযমের দৃঢ় প্রতিজ্ঞা ছিল যে, যে কোন কিছুর বিনিময়ে পাকিস্তানে ইসলামী আইনের প্রয়োগ বাস্তবায়ন করা হবে[ঙ]। তিনি সারা জীবন কায়েদে আযমের এ অঙ্গীকারের কথা স্মরণ করাতে থেকেছেন[চ]। এখনো বর্তমান সরকারের ফরয দায়িত্ব হচ্ছে, কায়েদে আযমের এ মহান অঙ্গীকারের মান রক্ষা করার জন্য দেশের মধ্যে খেলাফতে রাশেদার ইসলামী জীবন ব্যবস্থা বাস্তবায়নের ঘোষণা দিয়ে দেয়া[ছ]। যাতে পাকিস্তানের প্রতিষ্ঠাতার রূহ বাস্তবিকভাবেই আনন্দ লাভ করে[জ]।" - তাযকেরা ওয়াসাওয়ানেহ আল্লামা শাব্বির আহমদ ওসমানী, মাসিক আলকাসিম বিশেষ সংখ্যা, রমযান-শাওয়াল-যুলকাদাহ ১৪২৬

## ইতিহাসে যা পেলাম

**ক.** কায়েদে আযম; যে ইসমাঈলী শিয়ার একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি। ওলামায়ে দেওবন্দ তাদেরকে কাফের মনে করে এবং যে গণতন্ত্রের কুফরী মতবাদের একজন সফল ক্রীড়নক। শাব্বীর আহমদ ওসমানী রহ. তার ডান হাত ছিলেন -এমন কথা বলে প্রজন্ম গর্ব করছে।

## মুহাম্মদ আলি জিন্নাহ ১৮৭৬- ১৯৪৮ কে?

মতাদর্শ: প্রথমে ইসমাঈলী পরে শিয়া ইসনা আশারিয়া।

মেম্বার: ইনার টেম্পল সোসাইটি ১৯৩১ খ্রি: (ভূতপূর্ব নাইট টেম্পলার্স)

মেম্বার: ফেবিয়ান সোসাইটি (যা বড় বড় ফ্রি ম্যাসনারি ও থিওসোফিক্যাল সোসাইটি একটি গ্রুপ)

রাজনৈতিক মাতা পিতা: ৩৩ ডিগ্রি ফ্রি ম্যাসনারি, অগ্নীপূজারী 'স্যার দাদা বাই নারুজী'কে নিজের পিতা বলে ডাকতো। থিওসোফিক্যাল সোসাইটি প্রধান শয়তানের পূজারী 'এনি বিসেন্ট'কে নিজের মা বলে ডাকতো। প্রথম বিশ্বযুদ্ধে খেলাফতে উসমানির বিরুদ্ধে ইংরেজদের সহায়তা করে। নিজের আধ্যাতিক মা এনি বিসেন্টের কথায় তাহরীকে খেলাফতের চরম বিরোধিতা করে এবং এটাকে নির্বুদ্ধিতামূলক আক্রমণ আখ্যা দেয়া ইন্ডিয়ান আর্মির জন্য দেরাদুন মিলিটারী একাডেমির প্রতিষ্ঠায় মৌলিক ভূমিকা পালন করে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে পুনরায় বৃটেন সরকারকে সামরিক সহায়তার জন্য হিন্দুস্তানের মুসলমানদেরকে জোর দিতে থাকে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে হিন্দুস্তানী সৈন্যদের বৃটেনের বিরুদ্ধে বিদ্রোহ চলাকালে মুসলিম সেনাদের বৃটেনের অনুগত থাকতে জোর দেয়।

প্রসিদ্ধ পুরস্কার প্রাপ্ত ইতিহাসবিদ স্টেনলি ওলপার্ট, উইলিয়াম ডালরিম্পল ও পাকিস্তানের প্রসিদ্ধ পাকিস্তানি বংশোদ্ভূত সমালোচক তারেক ফাতাহ এর অনুসন্ধানী রিপোর্ট অনুযায়ী জিন্নাহ শূকরের গোস্ত খেত এবং মদ পান করতো। ফাতেমা জিন্নাহের বক্তব্য অনুযায়ী জিন্নাহ প্রতিদিন ক্রেভেন (craven a) ব্রান্ড এর ৫০ টি সিগারেট খেত। বিভিন্ন প্রকার ইংরেজী কুকুর প্রতিপালন করা জিন্নাহের শখ ছিল। বাম হাতে খানা খাওয়াকে সে

কোন দোষের কিছু মনে করতো না। সবসময় ইংরেজী পোষাক পরিধান করতো। মৃত্যুর সময় সর্বশেষ আকাংখাও ছিল যেন ইংরেজ পোষাকে তার মৃত্যু হয়।" -আযাদীর ধোঁকা, আদনান রশীদ পৃ: ১২

**খ.** পাকিস্তানকে ইসলামী আইনের অধীনে আনার চেষ্টা করতে থেকেছেন। অর্থাৎ যে উদ্দেশ্যে পাকিস্তানের জন্ম তা হয়নি। চেষ্টা করেছেন অর্থ হচ্ছে, শাব্বির আহমদ ওসমানী রহ. রাষ্ট্রের মালিক পক্ষের কাছে ইসলামী আইন বাস্তবায়নের জন্য দাবি জানাতে থেকেছেন, আর মালিক পক্ষ তা অস্বীকার করতে থেকেছে।

**গ.** পাকিস্তান দেশটির সূচনা লগ্নে পররাষ্ট্রমন্ত্রী হিসাবে দায়িত্ব পেয়েছে একজন কাদিয়ানী মুরতাদ। নিয়োগ দিয়েছে সে দেশের রাষ্ট্রপ্রধান।

**ঘ.** কায়েদে আযম যে ওয়াদার ভিত্তিতে পাকিস্তানের প্রধান ব্যক্তি হয়েছে তা পূরণ না করে প্রশংসা পাওয়ার কারণ কী ছিল? উম্মত এ বিষয়টি নিয়ে চিন্তা করেনি। কায়েদে আযম তার মৃত্যু পর্যন্ত মানব রচিত কুফরী আইনে দেশ পরিচালনা করেছে। বৃটিশদের তৈরি কুফরী আইন দেশে প্রতিষ্ঠিত করে মারা গেছে। একটি দারুল ইসলামের স্বপ্নদ্রষ্টা কোটি কোটি মুসলমানের সঙ্গে গাদ্দারী করে, আল্লাহর আইন প্রতিষ্ঠার পরিবর্তে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদ প্রতিষ্ঠা করে কেন প্রসংশার অধিকারী হয়েছিল প্রজন্ম তা নিয়ে ভাবার সময় পায়নি।

**ঙ.** অর্থাৎ কায়েদে আযম তার জীবদ্দশায় আল্লাহর বিধান প্রতিষ্ঠা করেনি তখন পাকিস্তানের বয়স ০০০০০। মানব রচিত আইন তৈরিও হয়েছে, প্রতিষ্ঠিতও হয়েছে। কায়েদে আযম দেশের প্রধান ব্যক্তি। আল্লাহর বিধান প্রতিষ্ঠার জন্য তার কাছ থেকে অন্যরা কেন ওয়াদা নিতে হবে। এটা মানুষের সঙ্গে ওয়াদা করে করার বিষয়? না কি আল্লাহ কর্তৃক প্রদত্ত ফরয বিধান?

**চ.** অর্থাৎ আল্লামা শাব্বীর আহমদ ওসমানী রহ. এর জীবদ্দশায়ও পাকিস্তানে আল্লাহর বিধান প্রতিষ্ঠা হয়নি, তখন পাকিস্তানের বয়স ০০০০০।

**ছ.** এ নিবন্ধের লেখক তার এ লেখার সময়কাল পর্যন্তও দাবি জানিয়ে চলেছেন, পাকিস্তানে যেন আল্লাহর বিধান প্রতিষ্ঠা করা হয়। অর্থাৎ

এখনো পাকিস্তানে আল্লাহর বিধান প্রতিষ্ঠিত হয়নি। তখন পাকিস্তানের বয়স প্রায় সাতান্ন/আটান্ন।

এ লেখকের দাবির মধ্যে অতিরিক্ত একটি মাত্রাও আছে। আল্লাহর ফরয বিধান বাস্তবায়ন করতে হবে সেটা বড় কথা নয়; বড় কথা হচ্ছে, এতে কায়েদে আযম সাহেবের অঙ্গীকার রক্ষা হবে। প্রশ্ন হচ্ছে, যে অঙ্গীকার রক্ষা করার প্রতি খোদ কায়েদে আযম সাহেবের কোন আগ্রহ ছিল না সে অঙ্গীকার রক্ষা করার জন্য বর্তমান সরকারগুলোর উপর কেন এত চাপ দেয়া হচ্ছে?

কায়েদে আযমের ডান হাতের চাপ যখন কায়েদে আযমকে তার কুফরী মতবাদ থেকে সরাতে পারেনি তখন আপনারা বর্তমান সরকারগুলোর কত নম্বর হাত? যে আপনাদের চাপে তারা কায়েদে আযমের অঙ্গীকার রক্ষা করবে। তাদের এমন কি গরয পড়েছে?

**জ.** পাকিস্তান প্রতিষ্ঠাতার রূহকে আনন্দ দেয়া কি এতই জরুরী?

যাই হোক, ইতিহাসের এ পাতাগুলোকে শায়খে মুহতারাম স্বীকার করেন কি করেন না? স্বীকার না করলে আমাদের দায়িত্ব হবে এ বিষয়ক নথিপত্রগুলো সামনে নিয়ে আসা। আর যদি স্বীকার করেন তাহলে প্রশ্ন হচ্ছে, এ সত্যগুলোর উপস্থিতিতে ঐ দাবিগুলো কীভাবে করা যায় যে দাবিগুলো তিনি তাঁর এ বক্তব্যে তুলে ধরেছেন। সম্মানিত পাঠক একটু ইনসাফের দৃষ্টিতে বিচার করুন। ছোটরা শুধু ছোট হওয়ার অপরাধে আপনারা সত্যগুলো এড়িয়ে যাওয়ার পথ থেকে বেরিয়ে আসুন।

## ইতিহাসের আরো কিছু পাতা

### পাকিস্তানের মালিক পক্ষের প্রথম সারি

**পাকিস্তানের প্রথম রাজা:** রাজা আলবার্ট প্রেডেরিক আর্থার জর্জ (জর্জ ষষ্ঠ), ধর্ম: খ্রিস্টান। দ্বীনে মসীহের রক্ষক ইংল্যান্ডের গির্জার প্রধান গভর্ণর, ৩৩ ডিগ্রি ফ্রি ম্যাসন। রাজত্বকাল: ১৯৪৭খ্রি:-১৯৫২ খ্রি: পর্যন্ত।

**পাকিস্তানের প্রথম গভর্ণর:** মুহাম্মাদ আলি জিন্নাহ। শাসনকাল: ১৯৪৭-১৯৪৮খ্রি:। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া। মেম্বার: ইনার টেম্পল ১৯৩১খ্রি: (নাইট টেম্পলস)

**পাকিস্তানের দ্বিতীয় গভর্ণর জেনারেল:** স্যার খাজা নাজিমুদ্দিন। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া। খ্রিস্টিয় বৃটিশ সম্রাজ্যের নাইট কমান্ডার। রাজত্বকাল: ১৯৪৮খ্রি:-১৯৫১ খ্রি:

**পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী:** লিয়াকত আলি খান। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া। মেম্বর: ইনার টেম্পল (নাইট টেম্পলস)। রাজত্বকাল: ১৯৪৭ খ্রি:-১৯৫১ খ্রি:

সাবেক প্রধানমন্ত্রী লিয়াকত আলি খাঁন সম্পর্কে (শিয়াদের আল্লামা) জমীর আখতার নাকবী এর বক্তব্য:

"যেমন পাকিস্তানের সম্পর্কিত প্রথম বই, উর্দূ বোর্ড কর্তৃক প্রকাশিত 'শা'রায়ে পাকিস্তান' এতে ড. হাদী পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খানের মাতার সাক্ষাৎকার প্রকাশ করেন। তাকে জিজ্ঞাসা করা হয় যে, লিয়াকত আলি খানের বাল্যকাল সম্পর্কে উল্লেখ করুন। তখন লিয়াকত আলি খানের মা বললেন: মুজাফ্ফরনগরের যেখানে আমরা বসবাস করতাম সেখানে মুহাররাম মাসে অনেক জসন বের হত, তখন আমার ছেলে লিয়াকত প্রত্যেক জসনের সাথে ঘর থেকে বের হয়ে যেত। মুহাররাম তো শেষ হয়ে যেত কিন্তু সে লাকড়ি তুলে নিয়ে আমার উড়না টুকরা করে পতাকা বানিয়ে সারাদিন বাচ্চাদের নিয়ে ইয়া হোসাইন, ইয়া হোসাইন করতে থাকতো।"

**পাকিস্তানের দ্বিতীয় প্রধানমন্ত্রী:** স্যার খাজা নাযিম উদ্দিন। মাযহাব: শিয়া ইসনা আশারিয়া। খ্রিস্টিয় বৃটিশ প্রশাসনের নাইট কমান্ডার। রাজত্বকাল ১৯৫১খ্রি:- ১৯৫৩খ্রি:

**পাকিস্তানের সপ্তম প্রধানমন্ত্রী:** স্যার ফিরোজ খান নূন। খ্রিস্টিয় বৃটিশ প্রশাসনের নাইট কমান্ডার। রাজত্বকাল: ১৯৫৭খ্রি:- ১৯৫৮খ্রি:

**শাহ জর্জ ষষ্ঠ এর পর পাকিস্তানের প্রথম রাণী:** এলিজাবেথ দ্বিতীয়। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় ধর্মের রক্ষক ইংলান্ডের গির্জার প্রধান গভর্ণর। রাজত্বকাল: ১৯৫২ খ্রি:- ১৯৫৬খ্রি:।

**পাকিস্তানের প্রথম পররাষ্ট্রমন্ত্রী:** স্যার জাফরুল্লাহ খান। ধর্ম: কাদিয়ানী। খ্রিস্টিয় রাষ্ট্র বৃটেনের নাইট কমান্ডার। রাজত্বকাল: ১৯৪৭ খ্রি:- ১৯৫৪খ্রি:

**পাকিস্তানের প্রথম আইনমন্ত্রী:** যোগেন্দ্রনাথ মন্ডল। ধর্ম: হিন্দু। শ্যাসনকাল: ১৯৪৭খ্রি:-১৯৫১খ্রি:

**পাকিস্তানের প্রথম প্রতিরক্ষামন্ত্রী:** স্যার সেকান্দার মির্জা। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া। খ্রিষ্টিয় বৃটিশ সম্রাজ্যের নাইট কমান্ডার। মহাগাদ্দার মীর জাফরের নাতি। শাসন কাল: ১৯৪৭খ্রি:-১৯৫৪খ্রি:

**পাকিস্তানের প্রথম অর্থমন্ত্রী:** স্যার ভিকটর টার্নার। ধর্ম: খ্রিস্টান। খ্রিষ্টিয় বৃটিশ সম্রাজ্যের নাইট কমান্ডার। প্রথম বিশ্বযুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পূর্ণ অংশ গ্রহণ করে। মন্ত্রীত্ব কাল: ১৯৪৭ খ্রি:- ১৯৫১ খ্রি:

**পাকিস্তানের প্রথম আইন সচিব:** এ আর কারনিলেস। ধর্ম: খ্রিস্টান।

**পাকিস্তানের প্রথম চীফ জাষ্টিজ:** স্যার আব্দুর রশীদ। খ্রিস্টিয় বৃটিশ সম্রাজ্যের নাইট কমান্ডার।

**পাকিস্তান প্রতিষ্ঠার পর পাঞ্জাব প্রদেশের প্রথম গভর্ণর:** স্যার রাবর্ট ফ্রান্সিস মডি। ধর্ম: খ্রিষ্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। শাসন কাল: ১৯৪৭খ্রি: - ১৯৪৯খ্রি:

**পাকিস্তান প্রতিষ্ঠার পর খাইবার পাখতুনখাহ প্রদেশের প্রথম গভর্ণর:** স্যার জর্জ কারেঙ্গম। ধর্ম: খ্রিষ্টান। খ্রিষ্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। শাসন কাল: ১৯৪৭খ্রি:- ১৯৪৮খ্রি:

**পাকিস্তান পতিষ্ঠার পর খাইবার পাখতুনখাহ প্রদেশের দ্বিতীয় গভর্ণর:** স্যার এম্ব্রোস ডান্ডাস। ধর্ম: খ্রিষ্টান। খ্রিস্টিয় বৃটিশ সম্রজ্যের নাইট কমান্ডার। শাসন কাল: ১৯৪৮খ্রি:- ১৯৪৯খ্রি:

**পাকিস্তানের প্রতিষ্ঠার পর পূর্ব বাংলা প্রদেশ (বর্তমান বাংলাদেশ) এর প্রথম গভর্ণর:** স্যার ফ্রেডরিক। ধর্ম: খ্রিষ্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। রাজত্ব কাল ১৯৪৭খ্রি:- ১৯৫০খ্রি:

**পাকিস্তান প্রতিষ্ঠার পর পূর্ব বাংলা প্রদেশ (বর্তমান বাংলাদেশ) এর দ্বিতীয় গভর্ণর:** স্যার ফিরোয খান নূন। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। রাজত্ব কাল ১৯৫০খ্রি:- ১৯৫৩খ্রি:

**ভারত ও পাকিস্তান সেনাবাহিনীর যৌথ সুপ্রিম কমান্ডার:** ফিল্ডমার্শাল স্যার ক্লড অকিরলেক। ধর্ম: খ্রিষ্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। প্রথম বিশ্ব যুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পরিপূর্ণভাবে অংশগ্রহণ করেছে। চাকরীকাল: আগষ্ট ১৯৪৭খ্রি:- নভেম্বর ১৯৪৮ খ্রি:

**পাকিস্তানের প্রথম সেনাপ্রধান:** জেনারেল স্যার ফ্রাঙ্ক মিসার্ভি। ধর্ম: খ্রিষ্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। প্রথম বিশ্ব যুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পূর্ণরূপে অংশগ্রহণ করে। চাকরীকাল: ১৯৪৭খ্রি: থেকে ১৯৪৮খ্রি:

**পাকিস্তানের দ্বিতীয় সেনা প্রধান:** স্যার ডাগলাস গ্রেসি। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। প্রথম বিশ্ব যুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পূর্ণরূপে অংশগ্রহণ করে। চাকরীকাল: ১৯৪৮খ্রি:- ১৯৫১খ্রি:

**পাকিস্তানের তৃতীয় সেনাপ্রধান:** ফিল্ড মার্শাল মুহাম্মাদ আইউব খান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৫১খ্রি:- ১৯৫৮খ্রি:

**পাকিস্তানের চতুর্থ সেনা প্রধান:** জেনারেল মুহাম্মাদ মুসা। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৫৮খ্রি:- ১৯৬৬খ্রি:

**পাকিস্তানের পঞ্চম সেনাপ্রধান:** জেনারেল ইয়াহইয়া। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া।

**পাকিস্তান প্রথম বিমানবাহিনী প্রধান:** এয়ার ভাইস মার্শাল এলান পেরি কেইন। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। প্রথম বিশ্বযুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পূর্ণরূপে অংশগ্রহণ করে। চাকরীকাল: ১৯৪৭খ্রি:- ১৯৪৯খ্রি:

**পাকিস্তান বিমানবাহিনীর দ্বিতীয় চীফ:** এয়ার ভাইস মার্শাল স্যার রিচার্ড আচার্লি। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৪৯খ্রি:- ১৯৫১খ্রি:

**পাকিস্তানের বিমান বাহিনীর তৃতীয় এয়ার চীফ:** এয়ার ভাইস মার্শাল লেসলি উইলিয়াম ক্যানন। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৫১খ্রি:- ১৯৫৫খ্রি:

**পাকিস্তান বিমানবাহিনীর চতুর্থ এয়ার চীফ:** এয়ার ভাইস মার্শাল স্যার আর্থার ম্যাকডোনাল্ড। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৫৫খ্রি:- ১৯৫৭খ্রি:

**পাকিস্তান নৌ বাহিনীর প্রথম কমান্ডার ইন চীফ:** জেমস উইলফ্রেড জেফর্ড। ধর্ম: খ্রিস্টান। চাকরীকাল: ১৯৪৭খ্রি:- ১৯৫৩খ্রি:। প্রথম বিশ্ব যুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পূর্ণ অংশ গ্রহণ করে।

**পাকিস্তানের গুপ্তচর সংস্থা সমূহ (আই এস আই এবং এম আই) এর প্রতিষ্ঠাতা ও প্রথম ডিজি:** মেজর জেনারেল স্যার রবার্ট কথোম। ধর্ম: খ্রিস্টান। চাকরীকাল: ১৯৫০খ্রি:- ১৯৫৯খ্রি:

**পাকিস্তানের মিলিটারি একাডেমি কাকোর এর প্রথম প্রতিষ্ঠাতা:** ব্রিগেডিয়ার ফ্রান্সিস এংগল। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৪৭খ্রি:- ১৯৫১খ্রি:

**পাকিস্তানের কমান্ডো বাহিনী এস,এস, জি এর প্রতিষ্ঠাতা:** কর্নেল গ্রান্ট টেইলর ও মেজর কেথ ওকিলি (১৯৫০)

**এস এস জি এর প্রথম কমান্ডার:** কর্নেল কাহুন (১৯৫১খ্রি:)

**পাকিস্তানের প্রথম জাতীয় সঙ্গীতের রচয়িতা:** জাগন্নাথ আযাদ। ধর্ম: হিন্দু।

-আযাদীর ধোঁকা, আদনান রশীদ পৃ: ২২-৩০

এ হচ্ছে পাকিস্তানের মালিক পক্ষের প্রথম সারি। শুধু ইসলামের জন্য প্রতিষ্ঠিত একটি দেশকে প্রতিষ্ঠাতাগণ যাদের হাতে অর্পণ করে দিয়েছিলেন। বিষয়গুলোকে কীভাবে ব্যাখ্যা করলে সবচাইতে নিরাপদ হবে, সেভাবেই ব্যাখ্যা করার জন্য আহলে ইলমের দরবারে আবেদন রেখে যাচ্ছি।

### না হওয়া বার বার প্রমাণিত হয়েছে

এ ছিল ইতিহাস। সূচনালগ্নে যা হয়েছে, বার বার তারই পুনরাবৃত্তি ঘটতে থেকেছে। ধোঁকাবাজরা ধোঁকা দেয়ার ক্ষেত্রে শতভাগ সফল হয়েছে। আর ধোঁকাখোররা যথেষ্ট পরিমাণ ধোঁকা খেয়ে খেয়ে তৃপ্তি বোধ করেছে। পাকিস্তানের সত্তর বাহাত্তর বছরের কোন অংশেই আল্লাহর বিধান বাস্তবায়ন করার মত সুযোগ হয়নি। দেশটি শতভাগ গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদকে প্রতিষ্ঠিত করে পৃথিবীর গণতান্ত্রিক অঙ্গনে যথেষ্ট পরিমাণ প্রশংসা কুড়িয়েছে।

যারা মানব রচিত এ সংবিধানকে অস্বীকার করে ও প্রত্যাখ্যান করে তারা সংবিধানের আইনগুলো ও মূলনীতিগুলো না জানলে না জানতে পারে। কিন্তু এ মানব রচিত বিধানই যাদের জীবনের লক্ষ্য এবং জীবনের ভরসা তারা এ সংবিধান সম্পর্কে বেখবর থাকতে পারে না। কারণ, আইনগুলো এমনভাবে সাজানো যে, হুকুমতের প্রত্যেক সদস্য প্রতিদিন আইনগুলোর উপর দিয়েই চলতে হয়। বেখবর চলতে গেলে সিসি ক্যামেরায় তা ধরা পড়ে যাবে।

তাই আমি আবারো বলছি, সংবিধান এমন জিনিস নয় যা সম্পর্কে হুকুমতের লোকেরা বেখবর থাকতে পারে। বরং তা এমন জিনিস যা ইচ্ছা থাকুক বা না থাকুক, যোগ্যতা থাকুক বা না থাকুক সর্বাবস্থায় তার ধারাগুলো হুকুমতের লোকেরা ইয়াদ রাখতে হয়। রাখতে হবেই। এর নাম হচ্ছে সংবিধান।

## আইন প্রণেতা কারা?

এ সংবিধানে যেসব আইন ও আইনের মূলনীতি সন্নিবেশিত হয় তা হুকুমতের লোকেরাই করতে হয়। অর্থাৎ সংসদ সদস্যরাই তা করেন। মানবরচিত আইন ও সংবিধান মানবের হাতে রচিত হয়। এ মানব ও

মহামানবরা হচ্ছেন হুকুমতের যারা মালিক, যারা সংসদ ভবনে বসে আইনগুলো তৈরি করেন। ধারাগুলো রচনা করেন। তারা একটি দেশের আইন প্রণেতা।

এ আইন প্রণেতারা কিছু আইন বৃটিশ থেকে এনে তার উপর হাঁ ভোট দিয়ে পাস করেন। কিছু আমেরিকা থেকে এনে তা পাস করেন। কিছু ফ্রান্স থেকে এনে তা পাস করেন। কিছু ভারত থেকে এনে পাস করেন। কিছু নিজেদের সুবিধা অসুবিধা বিবেচনা করে সিদ্ধান্ত নেন। আইনগুলো ধার করা হোক বা উদ্ভাবন করা হোক সর্বাবস্থায় তা জ্ঞাতসারে হয়ে থাকে। তাদের সমর্থন ও অনুমোদনের মাধ্যমে হয়ে থাকে। কোনটি সম্পর্কে বেখবর থাকার কোন সুযোগ নেই। অতএব হুকুমত ও আইন প্রণেতাদের কয়েকটি বিষয়ে কোন প্রকার কোন সংশয় থাকার কোন প্রয়োজন নেই। বিষয়গুলো হচ্ছে এই-

**ক.** আইনের খসড়া কাগজে কলমে অন্য কেউ করলেও এর প্রণেতা হুকুমত তথা সংসদ সদস্যরাই। এর দায়দায়িত্ব হুকুমত ও সংসদের উপরই আসবে।

**খ.** আইন আমেরিকা লন্ডন থেকে ধার করে আনলেও এর প্রণেতা হুকুমত ও সংসদ সদস্যরাই। তারা একেকটি আইনকে সরাসরি ভোটের মাধ্যমে পাস করেছে।

**গ.** একটি দেশের চলমান হুকুমত ও আইন প্রণয়ন পরিষদ সেসকল আইনেরও দায়দায়িত্ব নিতে হবে যে আইন আগের সরকার ও আগের আইন প্রণয়ন পরিষদ তৈরি করে গেছে এবং বর্তমানে তা বাতিল করা হয়নি; বরং তা চালু রয়েছে।

**ঘ.** চলমান সংসদের সদস্যরা অতীত ও বর্তমানের কোন আইনের বিষয়ে অজ্ঞতার ওজরে বাঁচতে পারবে না। সংবিধানের মূলনীতি হিসাবে গৃহীত প্রত্যেকটি ধারা সম্পর্কে আইন প্রণয়ন বিভাগের প্রত্যেক সদস্য ব্যক্তিগতভাবে জবাবদিহি করতে হবে। ঈমান কুফরের প্রশ্নে প্রত্যেকের বিচার হবে।

**ঙ.** রাষ্ট্রীয় সিদ্ধান্ত বলেও সংসদ সদস্যরা নিজেদেরকে আইন প্রণয়নের দায়িত্ব থেকে মুক্ত করতে পারবে না। কারণ রাষ্ট্রীয় সিদ্ধান্তগুলোর প্রণেতাও সংসদ সদস্যরাই।

**চ.** দলীয় সিদ্ধান্ত বলেও সংসদ সদস্যরা নিজেদেরকে আইন প্রণয়নের অপরাধ থেকে রক্ষা করতে পারবে না। কারণ সংসদ সদস্যরা দলের অনেক ঊর্ধ্বে।

**ছ.** দলের শরীয়ত বিরোধী আইনের বিরোধিতার জন্য সংসদে গিয়েছি বললেও শরীয়ত বিরোধী আইন প্রণয়নের অপরাধ থেকে বাঁচা যাবে না, যদি যথাযথ ক্ষেত্রে বিরোধিতার স্পষ্ট প্রমাণ না পাওয়া যায়।

**জ.** সংসদে বিরোধী দল হিসাবে অংশগ্রহণ করলেও শরীয়ত বিরোধী আইন প্রণয়নের অপরাধ থেকে বাঁচা যাবে না। কেননা সংসদে বিরোধী দলের সরব বা নীরব উপস্থিতি দু'টিই সংসদের আইন প্রণয়নের ক্ষেত্রে বাড়তি শক্তি যোগায়।

অতএব এসকল সমস্যার এমন কোন সমাধানই বের করে আনতে হবে যা কুরআনে হাদীসে বলা হয়েছে এবং যে সিদ্ধান্ত ফকীহ মুজতাহিদগণ দিয়ে গেছেন। হালাতের পরিবর্তনে হুকুমের কোন পরিবর্তন হবে না, সাময়িক এবং একান্ত সাময়িকভাবে কৌশলের পরিবর্তন হতে পারে। আর এ ক্ষেত্রে হুকুম ও কৌশলের মাঝে তালগোল পাকিয়ে ফেলা যাবে না। কোন হাওয়াই ভাষণ ও বক্তব্য দিয়ে করা যাবে না, জযবা ও ওয়াজদ দিয়ে করা যাবে না। কোন বাতেনী ইলম দিয়ে করা যাবে না। প্রচলিত বেলায়েতের ইলম দিয়ে করা যাবে না। নবুয়তের ইলম, ওহির ইলম ও যাহেরী ইলম দিয়েই এসব সিদ্ধান্ত নিতে হবে।

## জরুরী টীকা : ১৪

“

ও সাধারণ মানুষ; বরং আমি বলব, আফসোস হচ্ছে দ্বীনী মহলগুলোর বেখবরী...

”

## জরুরী টীকা-১৪

*ও সাধারণ মানুষ; বরং আমি বলব, আফসোস হচ্ছে দ্বীনী মহলগুলোর বেখবরী...*

** শায়খে মুহতারাম যে সাধারণ মানুষ ও দ্বীনী মহলগুলোর উপর বেখবরীর অপবাদ দিয়েছেন এ সাধারণ মানুষ ও দ্বীনী মহলের তালিকার মাঝে রয়েছে, পাকিস্তান প্রতিষ্ঠাতা বীরপুরুষগণ থেকে শুরু করে পাকিস্তান রক্ষাকারী বীরপুরুষগণ পর্যন্ত সকল মহামনীষীগণ। যাদের শুরুতে রয়েছেন শাব্বির আহমদ ওসমানী রহ., আর আপাতত শেষ প্রান্তে রয়েছেন শায়খে মুহতারাম দামাত বারাকাতুহুম। কত কোটি মানুষ ও কত হাজার কর্ণধারকে বেখবর বলে অপবাদ দিলে পরে আমাদের ইনসাফ যথাযথ হবে।*

*আর ইসলামী আইন বাস্তবায়নের অপবাদ থেকে বাঁচার জন্য সবচাইতে সহজ ওজর কি বেখবর হওয়া? শরয়ী বিধান প্রতিষ্ঠিত না হওয়ার সবচাইতে উপযুক্ত কারণ কি বেখবর হওয়া?*

### ওজর হিসাবে বেখবর

প্রায় ৮ লাখ ৮১ হাজার ৯১৩ বর্গ কিলোমিটারের একটি দেশ, যে দেশে প্রায় একুশ কোটি মুসলমানের বসবাস, যে দেশটি জন্ম হওয়ার বৈধতা পেয়েছে শুধুমাত্র ইসলাম ও মুসলমানদের জন্য, যে দেশটির

জন্মদাতাগণ হচ্ছেন যামানার শ্রেষ্ঠ আলেমে দ্বীন, সচেতন আলেমে দ্বীন, দরদমন্দ দিলের অধিকারী আলেমে দ্বীন, দ্বীনের পথে দাওয়াত দানকারী সচল আলেমে দ্বীন, আল্লাহর যমীনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার স্বপ্ন লালনকারী আলেমে দ্বীনের বিশাল জামাত, ৮ লাখ ৮১ হাজার ৯১৩ বর্গ কিলোমিটার ও প্রায় ২০ কোটি মুসলমান নিয়ে যে দেশটির বয়স ৭০/৭২ বছর, যে দেশটিতে একটি দারুল ইসলামের স্বপ্নদ্রষ্টা মহাপুরুষগণ স্বপ্ন দেখতে দেখতে তাঁদের শেষ নিশ্বাস ত্যাগ করেছেন, সে দেশটিতে আল্লাহর আইন বাস্তবায়ন করা যায়নি সাধারণ মানুষ ও দ্বীনী মহলের বেখবরীর কারণে। সে দেশ থেকে কুরআনের বিধানের বিরোধী বিধানগুলো বিলুপ্ত করা যায়নি সাধারণ মানুষ ও দ্বীনী মহলের বেখবরীর কারণে। সে দেশে সুদের ফাউন্ডেশন তৈরি হয়েছে বেখবরীর কারণে। সে দেশে হুদূদ কিসাসের বিধান প্রতিষ্ঠিত হয়নি বেখবরীর কারণে। সে দেশে কুরআন সুন্নাহর আলোকে আইন তৈরি না হয়ে মানবরচিত আইন তৈরি হয়েছে বেখবরীর কারণে। সে দেশে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম প্রতিষ্ঠিত হয়েছে বেখবরীর কারণে।

শায়খে মুহতারাম এমন কিছুই বলতে চেয়েছেন। সবাই সংবিধানের একটি গুরুত্বপূর্ণ ধারা সম্পর্কে বেখবর হয়ে যাওয়ার কারণেই এ অঘটনগুলো ঘটেছে, ঘটে চলেছে এবং ঘটতে থাকবে।

### আমার অপারগতা

হৃদয়ের সংকীর্ণতা বশত শায়খে মুহতারামের এ কথাটি আমি বুকে জায়গা দিতে পারিনি। এতবড় একটি মহাপ্রলয় ঘটে গেছে শুধু বেখবরীর কারণে?! পৌনে এক শতাব্দীকাল পর্যন্ত আল্লাহর বিধান পদদলিত হয়েছে শুধু বেখবরীর কারণে?! একটি দারুল ইসলামে (?) গণতান্ত্রিক কুফরী আইন প্রতিষ্ঠিত হয়েছে শুধুমাত্র বেখবরীর কারণে?! মানবরচিত আইন প্রতিষ্ঠিত হয়েছে শুধুমাত্র বেখবরীর কারণে?!

অর্থাৎ সত্তর/পঁচাত্তর বছর পর্যন্ত আল্লাহর বিধান পদদলিত হয়ে কুরআন সুন্নাহ বিরোধী আইন প্রতিষ্ঠিত হওয়ার পেছনে যত মানুষের যত অপরাধ রয়েছে সব জাহালাত ও অজ্ঞতার এক ছোট্ট বায়বীয় ওযরে মাফ হয়ে গেছে। আল্লাহর পক্ষ থেকে বা ফেরেশেতার পক্ষ থেকে বা মানুষের পক্ষ থেকে যখনই প্রশ্ন আসবে, পাকিস্তানে আল্লাহর বিধান পদদলিত হয়ে

আল্লাহর আইন বিরোধী গণতন্ত্র ও মানব রচিত কুফরী আইন কেন প্রতিষ্ঠিত হয়েছে? উত্তর হবে আমরা জানতাম না مَا جَاءَنَا مِنْ بَشِيرٍ وَلَا نَذِيرٍ।

এভাবেই একটি উম্মত তার কৃত বিশাল অপরাধ থেকে মুক্তি পেয়ে যাবে। বিষয়টি এখানেই থেমে থাকেনি। এ অজ্ঞতা ও জাহালাতের ওযরেই কুফরী আইনে ও মানব রচিত আইনে পরিচালিত একটি শতভাগ গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ দেশ পূর্ণাঙ্গ দারুল ইসলাম হিসাবে নিজের পরিচয় দিয়ে চলেছে। চলতে পারছে। দেশের জনগণ ও কর্ণধারগণ অত্যন্ত তৃপ্তির সঙ্গে কালাতিপাত করে চলেছেন।

### অপবাদ হিসাবে বেখবর

আমার মনে হচ্ছে এটি একটি অপবাদ। সংবিধানের যে ধারা সম্পর্কে দেশের প্রায় সর্বস্তরের মানুষকে বেখবর ও অজ্ঞ বলা হয়েছে সে ধারা সম্পর্কে আমার দু'টি নিবেদন-

**এক.** যত স্তরের মানুষদেরকে ধারাটি সম্পর্কে অজ্ঞ ও বেখবর হওয়ার দাবি করা হয়েছে এত দীর্ঘ কাল যাবত এত স্তরের এত মানুষ ধারাটি সম্পর্কে অজ্ঞ থাকা সম্ভব নয়। আমি যদি স্তর হিসাবে ব্যক্তিদের নামগুলো উল্লেখ করা শুরু করি তাহলে পাঠকের জন্য আমার কথাটি বিশ্বাস করা সহজ হবে। কিন্তু আমি নামগুলো উল্লেখ করতে চাই না।

**দুই.** সংবিধানের যে ধারা সম্পর্কে এত স্তরের এত মানুষ এত কাল যাবত অজ্ঞ থাকবে সে ধারার আসলে কোন অস্তিত্ব থাকা সম্ভব নয়। এটি হচ্ছে একটি অস্তিত্বহীন ধারা। অথবা এ ধারাটিকে মানুষের চোখের আড়ালে রাখার জন্য গণতন্ত্রের পক্ষ থেকে পর্যাপ্ত ব্যবস্থা রাখা হয়েছে। যারফলে এ ধারাটি কারো চোখে ধরা পড়ে না।

এখানে সমস্যাটি দ্বিমুখী। আপনি যদি বলেন, বাস্তবেই এরা বেখবর ছিল এবং বেখবর আছে। তাহলে আমি বলব, এতগুলো মানুষ বেখবর হওয়ার অর্থ হচ্ছে, এ মানুষগুলো গোশত ও রক্ত দিয়ে তৈরি মানুষ নয়; বরং এরা হচ্ছে কাঠের তৈরি বা লোহার তৈরি কিছু নিষ্প্রাণ জড় পদার্থ। যারফলে তাদের উপর দিয়ে জোয়ার বয়ে গেল নাকি ঝড় বয়ে গেল তার কোনটিই বোঝার মত অবস্থা তাদের নেই। আর যদি তা না হয়ে থাকে তাহলে তাদের উপর যে অপবাদ দেয়া হয়েছে তা পতিত হওয়ার মত ক্ষেত্র খুঁজে পাওয়া যাবে না এটাই সত্য।

## বা-খবরের দায়িত্ব

যদি কথা এটা হয় যে, বিভিন্ন স্তরের বিশাল একটি জনগোষ্ঠীর বেখবরীর কারণে ইসলামের জন্য প্রতিষ্ঠিত একটি দেশে ইসলাম প্রতিষ্ঠিত হতে পারেনি, তাহলে আমরা দাবি করতেই পারি যে, কমপক্ষে যাঁরা এ বিষয়টি উপলব্ধি করতে পেরেছেন যে, ইসলাম প্রতিষ্ঠিত না হওয়ার পেছনে কারণ হচ্ছে বেখবরী, আইনগত কোন বাধা নেই তাঁরা নিশ্চয় বেখবরদের তালিকায় নেই। তাদের নাম বাখবরদের তালিকাতেই আছে। তাঁরা গোড়া থেকেই বিষয়টিকে উপলব্ধি করেছেন। এটি হচ্ছে একটি কথা।

আরেকটি কথা হচ্ছে, এ বাখবরের সংখ্যা এক দুই হওয়ার কথা নয়। বাখবরেরও একটি বড় জামাত থাকার কথা। আর জামাতটি পাকিস্তানের জন্ম থেকেই থাকার কথা। যদি বাখবর একটি জামাত থেকে থাকে তাহলে শরীয়তের মাসআলা হিসাবে সকল দায়দায়িত্ব সে বাখবর জামাতের উপরই আসবে। বেখবরের অপরাধ হবে জাহালাতের অপরাধ, আর বাখবরের অপরাধ হবে জেনেও না করার অপরাধ।

বা-খবর যে জামাতটি জানত যে, সংবিধানে এমন একটি ধারা আছে যে ধারার শক্তিতে পুরো দেশে ইসলামী আইন প্রতিষ্ঠিত হয়ে যাবে, সে জামাতটি তাদের এ অবগতির উপর কী আমল করেছে? আর শরীয়তের দৃষ্টিতে তাদের কী করার ছিল? এ বিষয়ক যথাযথ প্রতিবেদন অবগত মহলই দিতে পারবেন। তার উপর বিবেচনা করেই বেখবর অজ্ঞ জামাতের বিচার করা হবে।

## আর যদি

দ্বিতীয় আরেকটি কথাও বলে যাই। কথাটি হচ্ছে, কেউ বলতে পারেন, ধারাটি সংবিধানে সংযোজিত হয়েছে কিছু কাল আগে। আর সে কারণে পাকিস্তান প্রতিষ্ঠায় অগ্রনী ভূমিকা পালনকারী আকাবির ওলামায়ে কেরাম এ ধারাটি কাজে লাগানোর মত সময় সুযোগ পাননি।

কারো মনের ভাব যদি এমন হয় তাহলে এ বিষয়ে আমার বক্তব্য হচ্ছে, এ একটি ধারার গুণে মানবরচিত আইনে পরিচালিত একটি শতভাগ গণতান্ত্রিক দেশ নিজেকে দারুল ইসলাম বলে দাবি করছে। এখন হাকীকত যদি এমন হয় যে, এ দেশের ইতিহাসে এবং সংবিধানের

ইতিহাসে এমন দীর্ঘ একটি পর্ব পার হয়েছে যখন এ ঐতিহাসিক ধারাটি সংবিধানে ছিল না, তাহলে তখন এ দেশটি দারুল ইসলাম ছিল? না কি একটি গণতান্ত্রিক দারুল হারব ছিল?

## সত্য কোনটি

সমস্যা কিন্তু দ্বিমুখী। সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ কথাটা বোঝার চেষ্টা করতে হবে। এ সত্যটি স্বীকার করতে হবে। ধারাটি যদি দেশ ও সংবিধানের জন্ম থেকেই থেকে থাকে তাহলে আকাবির ওলামায়ে কেরামও কেন ধারাটিকে কাজে লাগাননি? কেন তাঁরা তাদের সারা জীবনের স্বপ্নকে এভাবে ভুলে গেলেন? আর যদি ধারাটি তখন থেকে না থেকে থাকে যে ধারার গুণে দেশটি দারুল ইসলাম তাহলে সে ধারাটি না থাকা অবস্থায় সে দেশের স্বপ্নদ্রষ্টা ও প্রতিষ্ঠাতাগণ নীরব ছিলেন কীভাবে? এমন একটি দেশের বিষয়ে তাদের অবস্থান কী ছিল?

পাঠক ভুলে যাবেন না যে, এ প্রশ্নগুলো এবং এসব জটিল জটিল পরস্থিতিগুলো শায়খে মুহতারামের সে অভিযোগের ভিত্তিতেই জন্ম নিয়েছে যে অভিযোগ তিনি হুকুমত, সাধারণ মানুষ ও দ্বীনদার মহলের বিরুদ্ধে করেছেন। তিনি বেখবরীর যে অভিযোগ করেছেন সে কারণে। নচেৎ আমাদের ভাসা ভাসা অধ্যয়ন অনুযায়ী কুরআন, হাদীস, সীরাত ও ইসলামের ইতিহাসের আলোকে বিচার করলে এখানে মুশতাবিহ কোন বিষয় নেই। তাই স্পষ্ট বিষয়গুলোকে মুশতাবিহ ও অস্পষ্ট করে তোলারও কোন মানে হয় না।

## জরুরী টীকা : ১৫

“

ও অনুভূতিহীনতার উপর...

# জরুরী টীকা-১৫

*ও অনুভূতিহীনতার উপর...*

*এরকমভাবে 'অনুভূতিশীল' বা 'অনুভূতিহীনতা' এগুলো শরয়ী কোন পরিভাষা নয়। একটি ফরয দায়িত্ব নিয়ে আলোচনা চলছে। ঈমান নিয়ে টানাটানি চলছে। এ ক্ষেত্রে আবেগী শব্দ ব্যবহার কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এর দ্বারা শরয়ী বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত দেয়া যায় না। কার উপর কী দায়িত্ব তা সুনিশ্চিত করে বণ্টন করে দেয়া যায় না। তবে মনে রাখতে হবে, দায়িত্বশীল ফেরেশতাগণের খাতায় সব কিছু সুনির্দিষ্ট করেই লিপিবদ্ধ আছে এবং থাকবে।*

**শব্দগুলোর কুরআনী ব্যবহার**

'অনুভূতিশীল' বা 'অনুভূতিহীনতা' বা এ ধরনের শব্দগুলোর ব্যবহার কুরআনে কারীমে রয়েছে। কিন্তু কুরআনের যেসব আয়াতে এ জাতীয় শব্দ ব্যবহার হয়েছে সেসব আয়াতের ভাবার্থ নিয়ে চিন্তা করলে আপনি বুঝতে পারবেন যে, যাদের সম্পর্কে এ শব্দগুলো ব্যবহার করা হয়েছে তাদের জন্য তাদের এ অবস্থাকে গ্রহণযোগ্য ওযর হিসাবে ধর্তব্য করা হয়নি। কিন্তু আমরা যে ক্ষেত্রে শব্দগুলোকে ব্যবহার করি তা থেকে সিদ্ধান্ত নেয়া যায় না যে, যার অনুভূতি নেই সে তার এ অনুভূতিহীনতার কারণে দায়িত্ব থেকে মুক্তি পাবে কি পাবে না।

এ জন্য এসব ক্ষেত্রে ফকীহ মুজতাহিদগণ যেসব পরিভাষা ব্যবহার করেছেন সেগুলো ব্যবহার করা উচিৎ। আল্লাহর বিধান প্রতিষ্ঠার বিষয়ে অনুভূতিহীনতাকে যদি আমরা কুরআনের ভাষায় ব্যক্ত করি তাহলে মাসআলা অনেক জটিল হয়ে যাবে।

আমরা এ কথা স্বীকার করছি যে, কুরআনে যে অনুভূতিহীনতার কথা বলা হয়েছে তা যে চূড়ান্ত পর্যায়ের অনুভূতিহীনতা শায়খে মুহতারাম সে পর্যায়ের কোন অনুভূতিহীনতার কথা এখানে বলেননি। বরং স্বাভাবিক অবহেলা বা গুরুত্ব না দেয়ার অর্থে বলেছেন। কিন্তু শব্দটির উপর আমাদের আলোচনা বিশেষ দু'টি কারণে। **এক.** অনুভূতিহীনতার যে মাত্রা কুফর পর্যন্ত পৌঁছে যায় সে মাত্রার অনুভূতিহীনতা এখন জন্মগত মুসলমানদের মাঝে ব্যাপক। পাকিস্তানের মুসলমানরাও এর ব্যতিক্রম নয়। **দুই.** শায়খে মুহতারামের মত ব্যক্তিদের বক্তব্যের ভাষাগুলোও সাধারাণ ওলামায়ে কেরামের দৃষ্টিতে দলিল হিসাবে বিবেচিত হচ্ছে। বিভিন্ন ক্ষেত্রে আমরা এর মুখোমুখী হচ্ছি।

আরেকটি কথা হচ্ছে, এ অনুভতিহীনতাকে সাধারণ মানুষের ক্ষেত্রে সহজ অর্থে নেয়া গেলেও দায়িত্বশীল ওলামায়ে কেরাম এবং দেশের নির্বাহী শক্তির ক্ষেত্রে সহজ অর্থে নেয়া যায় না। সহজ অর্থে নেয়ার কোন সুযোগ নেই। কারণ বিষয়গুলো মুস্তাহাব, মুবাহ বা ঐচ্ছিক কোন বিষয় নয়। আর শায়খে মুহতারাম শব্দটি এ দু'টি শ্রেণীর বেলায়ও ব্যবহার করেছেন।

এ সকল বিবেচনায় এ বিষয়ে কুরআন থেকে দুয়েকটি উদাহরণ দেখে নিলেই ভালো হবে। আমাদের জরিপমতে কুরআনের নিম্নোক্ত আয়াতগুলোতে যে পর্যায়ের অনুভূতিহীনতার কথা উল্লেখ করা হয়েছে এবং এর যে ফলাফল বলা হয়েছে পাকিস্তানের নির্বাহী শক্তির ক্ষেত্রে সে পর্যায়ের অনুভূতিহীনতা এবং সে পর্যায়ের ফলাফলই প্রযোজ্য হবে।

## এ সম্পর্কিত কয়েকটি আয়াত

﴿وَإِذَا قِيلَ لَهُمْ لَا تُفْسِدُوا فِي الْأَرْضِ قَالُوا إِنَّمَا نَحْنُ مُصْلِحُونَ. أَلَا إِنَّهُمْ هُمُ الْمُفْسِدُونَ وَلَكِنْ لَا يَشْعُرُونَ﴾ {سورة البقرة: ١١-١٢}

"আর যখন তাদেরকে বলা হয় যে, দুনিয়ার বুকে দাঙ্গা-হাঙ্গামা সৃষ্টি করো না, তখন তারা বলে, আমরা তো মীমাংসার পথ অবলম্বন করেছি। মনে রেখো, তারাই হাঙ্গামা সৃষ্টিকারী, কিন্তু তারা তা অনুভব করে না।" -সূরা বাকারা ১১-১২

এ আয়াতে যাদের ব্যাপারে বলা হয়েছে 'তারা অনুভব করতে পারে না' তারা আল্লাহর বিচারে মুনাফিক, ফাসাদ সৃষ্টিকারী এবং কাফের। তাদের এ অনুভব না করা কোন পর্যায়ের কোন ওযর হিসাবে উল্লেখ করা হয়নি।

﴿وَإِذَا قِيلَ لَهُمْ آمِنُوا كَمَا آمَنَ النَّاسُ قَالُوا أَنُؤْمِنُ كَمَا آمَنَ السُّفَهَاءُ أَلَا إِنَّهُمْ هُمُ السُّفَهَاءُ وَلَكِنْ لَا يَعْلَمُونَ﴾ {سورة البقرة: ١٣}

"আর যখন তাদেরকে বলা হয়, অন্যান্যরা যেভাবে ঈমান এনেছে তোমরাও সেভাবে ঈমান আন, তখন তারা বলে, আমরাও কি ঈমান আনব বোকাদেরই মত! মনে রেখো, প্রকৃতপক্ষে তারাই বোকা, কিন্তু তারা তা বোঝে না।" -সূরা বাকারা ১৩

এ আয়াতে যাদেরকে বোকা বলা হয়েছে তাদেরকে দায়িত্ব থেকে নিষ্কৃতি দেয়া হয়নি। যাদের বিষয়ে বলা হয়েছে, 'তারা জানে না' তাদের এ না জানাকে কোন পর্যায়ের কোন ওযর হিসাবে গ্রহণ করা হয়নি। এদেরকে বোকা বলে এবং বোঝে না বলে আল্লাহ তাআলা এ সিদ্ধান্তই দিয়েছেন যে, এরা মুনাফিক ও নিকৃষ্ট কাফের। যাদের ঠিকানা জাহান্নামে।

﴿وَلَقَدْ ذَرَأْنَا لِجَهَنَّمَ كَثِيرًا مِنَ الْجِنِّ وَالْإِنْسِ لَهُمْ قُلُوبٌ لَا يَفْقَهُونَ بِهَا وَلَهُمْ أَعْيُنٌ لَا يُبْصِرُونَ بِهَا وَلَهُمْ آذَانٌ لَا يَسْمَعُونَ بِهَا أُولَئِكَ كَالْأَنْعَامِ بَلْ هُمْ أَضَلُّ أُولَئِكَ هُمُ الْغَافِلُونَ﴾ {سورة الأعراف: ١٧٩}

"আর আমি সৃষ্টি করেছি জাহান্নামের জন্য বহু জ্বিন ও মানুষ। তাদের অন্তর রয়েছে তার দ্বারা তারা বিবেচনা করে না, তাদের চোখ রয়েছে, তার দ্বারা তারা দেখে না, আর তাদের কান রয়েছে, তার দ্বারা তারা

শোনে না। তারা চতুষ্পদ জন্তুর মত; বরং তার চেয়েও নিকৃষ্টতর। তারাই হল গাফেল।” -সূরা আরাফ ১৭৯

এ আয়াতে যাদের ব্যাপারে বলা হয়েছে, ‘তারা বোঝে না’ এবং যাদেরকে গাফেল ও বেখবর বলা হয়েছে তাদের ব্যাপারেই আল্লাহ রাব্বুল আলামীনের ফয়সালা হচ্ছে, তাদেরকে জাহান্নামের জন্য সৃষ্টি করা হয়েছে। তাদেরকেই আল্লাহ তাআলা চতুষ্পদ প্রাণী এমনকি তার চাইতে অধম বলে ঘোষণা করেছেন।

﴿يَاأَيُّهَا النَّبِيُّ حَرِّضِ الْمُؤْمِنِينَ عَلَى الْقِتَالِ إِنْ يَكُنْ مِنْكُمْ عِشْرُونَ صَابِرُونَ يَغْلِبُوا مِائَتَيْنِ وَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ يَغْلِبُوا أَلْفًا مِنَ الَّذِينَ كَفَرُوا بِأَنَّهُمْ قَوْمٌ لَا يَفْقَهُونَ. الْآنَ خَفَّفَ اللَّهُ عَنْكُمْ وَعَلِمَ أَنَّ فِيكُمْ ضَعْفًا فَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ صَابِرَةٌ يَغْلِبُوا مِائَتَيْنِ وَإِنْ يَكُنْ مِنْكُمْ أَلْفٌ يَغْلِبُوا أَلْفَيْنِ بِإِذْنِ اللَّهِ وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ﴾ {سورة الأنفال: ٦٥-٦٦}

“হে নবী, আপনি মুসলমানগণকে উৎসাহিত করুন জিহাদের জন্য। তোমাদের মধ্যে যদি বিশ জন দৃঢ়পদ ব্যক্তি থাকে, তবে জয়ী হবে দু’শর মোকাবেলায়। আর যদি তোমাদের মধ্যে থাকে একশ লোক, তবে জয়ী হবে হাজার কাফেরের উপর; কারণ তারা এমন জাতি যারা বোঝে না। এখন বোঝা হালকা করে দিয়েছেন আল্লাহ তা’আলা তোমাদের উপর এবং তিনি জানেন যে, তোমাদের মধ্যে দুর্বলতা রয়েছে। কাজেই তোমাদের মধ্যে যদি দৃঢ়চিত্ত একশ লোক বিদ্যমান থাকে, তবে জয়ী হবে দু’শর উপর। আর যদি তোমরা এক হাজার হও তবে আল্লাহর হুকুম অনুযায়ী জয়ী হবে দু’হাজারের উপর। আর আল্লাহ রয়েছেন দৃঢ়চিত্ত লোকদের সাথে।” -সূরা আনফাল ৬৫-৬৬

এ আয়াতে যাদেরকে অবুঝ সম্প্রদায় বলা হয়েছে তারা কারা? এ অবুঝ ব্যক্তিরা তারাই যাদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য আল্লাহ রাব্বুল আলামীন মুসলমানদেরকে আদেশ করেছেন। আল্লাহর খাতায় এরা কাফের। অবুঝ সম্প্রদায় বলে তাদের কোন ওযরকে গ্রহণ করার রাস্তা খোলা রাখা হয়নি।

﴿وَإِذَا أُنْزِلَتْ سُورَةٌ أَنْ آمِنُوا بِاللَّهِ وَجَاهِدُوا مَعَ رَسُولِهِ اسْتَأْذَنَكَ أُولُو الطَّوْلِ مِنْهُمْ وَقَالُوا ذَرْنَا نَكُنْ مَعَ الْقَاعِدِينَ. رَضُوا بِأَنْ يَكُونُوا مَعَ الْخَوَالِفِ وَطُبِعَ عَلَى قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ﴾ {سورة التوبة: ٨٦-٨٧}

"আর যখন এ মর্মে কোন সূরা নাযিল হয় যে, তোমরা ঈমান আন আল্লাহর উপর, আর তাঁর রাসূলের সাথে জিহাদ কর তখন বিদায় কামনা করে তাদের সামর্থ্যবান লোকেরা এবং বলে আমাদের অব্যাহতি দিন, যাতে আমরা (নিষ্ক্রিয়ভাবে) বসে থাকা লোকদের সাথে থেকে যেতে পারি। তারা পেছনে পড়ে থাকা লোকদের সাথে থেকে যেতে পেরে আনন্দিত হয়েছে এবং মোহর এঁটে দেয়া হয়েছে তাদের অন্তরসমূহের উপর। বস্তুতঃ তারা বোঝে না।" -সূরা তাওবা ৮৬-৮৭

'তারা বোঝে না' বলে আয়াতে যাদের কথা বলা হয়েছে তারা হচ্ছে মুনাফিক। আল্লাহ রাব্বুল আলামীনের ভাষ্যমতে তাদের অন্তরে মহর মেরে দেয়া হয়েছে। অর্থাৎ তারা আর কখনো হক ও সত্যকে গ্রহণ করবে না। যাদের জন্য জাহান্নামের ফায়সালা হয়ে গেছে।

﴿وَإِذَا مَا أُنْزِلَتْ سُورَةٌ نَظَرَ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ هَلْ يَرَاكُمْ مِنْ أَحَدٍ ثُمَّ انْصَرَفُوا صَرَفَ اللَّهُ قُلُوبَهُمْ بِأَنَّهُمْ قَوْمٌ لَا يَفْقَهُونَ﴾ {سورة التوبة: ١٢٧}

"আর যখনই কোন সূরা অবতীর্ণ হয়, তখন তারা একে অন্যের দিকে তাকায় যে, কোন মুসলমান তোমাদের দেখছে কিনা অতঃপর সরে পড়ে। আল্লাহ ওদের অন্তরকে সত্য বিমুখ করে দিয়েছেন! নিশ্চই তারা নির্বোধ সম্প্রদায়।" -সূরা তাওবা ১২৭

আল্লাহ রাব্বুল আলামীন যাদের অন্তরকে সত্য গ্রহণ থেকে বিমুখ করে দিয়েছেন তাদের বিষয়ে শব্দ ব্যবহার করেছেন, 'তারা এমন সম্প্রদায় যারা বোঝে না'। 'তারা বোঝে না' এ জন্য বলেননি যে, তাদের এ না বোঝাকে ওযর হিসাবে গ্রহণ করে আল্লাহ তাআলা তাদেরকে মাফ করে দেবেন। বরং তাদের এ না বোঝাটা তাদের অপরাধ।

﴿ذَلِكَ بِأَنَّهُمْ آمَنُوا ثُمَّ كَفَرُوا فَطُبِعَ عَلَى قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ﴾ {سورة المنافقون: ٣}

“এটা এজন্য যে, তারা বিশ্বাস করার পর পুনরায় কাফের হয়েছে। ফলে তাদের অন্তরে মোহর মেরে দেয়া হয়েছে। অতএব তারা বোঝে না।” -সূরা মুনাফিকূন ৩

এমন একটি সম্প্রদায় সম্পর্কেই বলা হয়েছে যে, তারা বোঝে না যারা ঈমানের পর আবার কুফরী করেছে। আর তাদের কুফরীর অবস্থা এমন যে এ কুফরী থেকে তারা আর কখনো ফিরে আসবে না। এ থেকে বোঝা যায়, তাদের এ না বোঝাটাই একটি ভয়ংকর অপরাধ।

﴿هُمُ الَّذِينَ يَقُولُونَ لَا تُنْفِقُوا عَلَىٰ مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ حَتَّىٰ يَنْفَضُّوا وَلِلَّهِ خَزَائِنُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلَٰكِنَّ الْمُنَافِقِينَ لَا يَفْقَهُونَ﴾ {سورة المنافقون: ٧}

“তারাই বলে, আল্লাহর রাসূলের সাহচর্যে যারা আছে তাদের জন্য ব্যয় করো না। পরিণামে তারা আপনা-আপনি সরে যাবে। ভূ ও নভোমণ্ডলের ধন-ভাণ্ডার আল্লাহরই, কিন্তু মুনাফিকরা তা বোঝে না।” -সূরা মুনাফিকূন ৭

এমন মুনাফিকদের ব্যাপারে আল্লাহ তাআলা বলেছেন ‘তারা বোঝে না’ যারা আল্লাহর রাসূল ও তাঁর সাহাবায়ে কেরামের মাঝে দূরত্ব সৃষ্টি করার জন্য বহুমুখী ষড়যন্ত্র করেছিল। এ থেকে প্রমাণিত হয়, না বোঝা কোন ওযর হতে পারে না।

### জাহালাত ও গাফলতের ফযীলত

যে না বোঝাকে আমরা যে কোন অপরাধ থেকে নিজেদেরকে মুক্ত মনে করার জন্য ঢাল হিসাবে ব্যবহার করছি কুরআনের ভাষায় তা অপরাধ থেকে বাঁচার কোন ঢাল ছিল না; বরং এসব না বোঝা, না জানা ও অনুভব না করা কুরআনের ভাষ্য অনুসারে অপরাধের তালিকায় রয়েছে।

তাহলে আমরা যে এসব শব্দ ব্যবহার করছি এগুলোর উদ্দেশ্য কী? কুরআনে যে অর্থে ব্যবহার করা হয়েছে সে অর্থে হলে এ শব্দগুলো ওযরের কোন শব্দ নয়; বরং এগুলো সবই হচ্ছে অপরাধের শব্দ। কিন্তু আমরা শব্দগুলো যেভাবে ব্যবহার করছি তা থেকে সন্দেহ

হতেই পারে যে, আমাদের বা উম্মতের এসকল অবস্থা কোন ফযীলতের বিষয়, অথবা কমপক্ষে এগুলো অপরাধের তালিকায় পড়ে না, অথবা এগুলো এমন অপরাধ যা মুছে যাওয়া খুবই সহজ বিষয়।

তাই আমাদের নিবেদন হচ্ছে, এসব ক্ষেত্রে আমাদের ও উম্মতের আচরণগুলোর ফিকহী মূল্যায়ন হওয়া জরুরী। মুশতাবিহ ও আবেগের শব্দ ও বাক্য দিয়ে আমাদের দায়িত্বগুলো আমাদের সামনে স্পষ্ট হচ্ছে না। আমরা যে অবস্থায় যেভাবে সময় পার করছি অবশ্যই এর একটি ফিকহী মূল্যায়ন আছে। সে মুল্যায়নটা ফিকহের পরিভাষায় শরীয়তের দায়িত্ব হিসাবে স্পষ্টভাবে সামনে আসা দরকার।

## উদ্দিষ্ট ব্যক্তিদের বিধান

আমি বলতে চাচ্ছি, অবস্থাগুলোর 'তাকয়ীফে ফিকহী' হওয়া দরকার। পাকিস্তান জন্মের আগ থেকে শুরু করে বর্তমান পাকিস্তান পর্যন্ত প্রতিটি পর্বের শরয়ী অবস্থান পরিষ্কার হয়ে উম্মতের সামনে আসলেই প্রতিদিনের মাসআলাগুলোতে উম্মত সহজে সিদ্ধান্ত নিতে পারত। এসব ক্ষেত্রে আবেগের শব্দ ও বাক্য ব্যবহার না করে ফিকহী পরিভাষা ব্যবহার করার অনেকগুলো সুবিধা রয়েছে।

সবচাইতে বড় কথা হচ্ছে, পাকিস্তানের একজন নাগরিক যেন আল্লাহর বান্দা হিসাবে তার করণীয় বুঝে নিতে পারে। আমি উদাহরণস্বরূপ দু'চারটি মাসআলা এখানে তুলে ধরছি, যেগুলোর ব্যাপারে আমাদের ধারণা হচ্ছে, এসব বিষয়ে পরিষ্কার সিদ্ধান্ত হয়নি। উদাহরণগুলো তুলে ধরার সঙ্গে সঙ্গে আমাদের সন্দেহের কারণও সামান্য ব্যাখ্যা করব, ইনশা-আল্লাহ।

## অমীমাংসিত অতীত

**ক.** ভারত নামের একটি দারুল হারব থেকে মুক্ত হয়ে পাকিস্তান শিরোনামে একটি দারুল ইসলাম তৈরি হয়েছে? না কি একটি দারুল ইসলামকে দুই ভাগ করে একটি ভাগ পাকিস্তান নামে অত্মপ্রকাশ করেছে।

যদি একটি দারুল ইসলামকে দুই ভাগ করে এক ভাগ পাকিস্তান নামে আত্মপ্রকাশ করে থাকে তাহলে এর কী প্রয়োজন ছিল? কেন

মুসলমানদের এত বৃহৎ একটি শক্তিকে এবং ওলামায়ে কেরামের এত বিশাল একটি জামাতকে ভেঙ্গে দুই ভাগ করা হল? এর প্রাপ্তি ও অর্জন কী? এবং এর বিসর্জন কী?

**খ.** যদি একটি দারুল হারব থেকে মুক্ত হয়ে পাকিস্তান নামে একটি দারুল ইসলাম তৈরি হয়ে থাকে তাহলে প্রশ্ন হচ্ছে, সেই দারুল হারব ভারত এখনো দারুল হারবই আছে? না কি পাকিস্তান দেশটি জন্ম লাভ করার পর অলৌকিক কোন কারণে ভারত দারুল ইসলামে রূপান্তরিত হয়ে গেছে। ভারত যদি দারুল ইসলামে রূপান্তরিত হয়ে থাকে তাহলে তা কীভাবে? এবং তা কখন থেকে?

**গ.** আর যদি ভারত তখন থেকে এখনো পর্যন্ত দারুল হারবই হয়ে থাকে তাহলে প্রশ্ন হচ্ছে, এ দারুল হারবের সঙ্গে বিগত সত্তর/বাহাত্তর বছর যাবত পাকিস্তানের আচরণ কী ছিল? এখন কী আচরণ চলছে? একটি দারুল হারবের সঙ্গে একটি দারুল ইসলামের যেসব আচরণের কথা কিতাবে লেখা আছে তার কী কী পাকিস্তান করেছে?

**ঘ.** ভারতকে দারুল হারব হিসাবে রেখে পাকিস্তান শিরোনামে দারুল ইসলাম তৈরি হওয়ার পর ভারতের মুসলমানরা দারুল হারব ভারতে অবস্থান করার ব্যাপারে পাকিস্তানের ওলামায়ে কেরামের ফাতওয়া কী ছিল এবং কোন দলিলের ভিত্তিতে ছিল? এখন সেখানে মুসলমানদের অবস্থানের বিষয়ে পাকিস্তানের ওলামায়ে কেরামের সিদ্ধান্ত কী?

**ঙ.** সম্প্রতিকালে 'দারুল আমান' নামে যে পরিভাষাটির বহুল ব্যবহার শোনা যাচ্ছে, পাকিস্তানের যিম্মাদারদের দৃষ্টিতে ভারতের বেলায়ও সে পরিভাষাটি প্রযোজ্য কি না? প্রযোজ্য হয়ে থাকলে তা পাকিস্তান জন্মের আগে থেকে না কি পরবর্তী কোন সময় থেকে শুরু হয়েছে? প্রযোজ্য হয়ে থাকলে সে মেয়াদ কত কালের এবং কত যুগের? এবং ভারতের ক্ষেত্রে পরিভাষার এ পরিবর্তনের হেতুগুলো কী ছিল?

**চ.** বর্তমান ভারতের সংবিধান ও বর্তমান পাকিস্তানের সংবিধানের মাঝে মৌলিক ব্যবধানগুলো কী? যার কারণে পাকিস্তান দারুল ইসলাম, আর ভারত তা নয়। এমনিভাবে বিশ্বের অন্যান্য গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ দেশগুলোর সংবিধানের সঙ্গে পাকিস্তানের সংবিধানের মৌলিক ব্যবধানগুলো কী কী? যার দরুন পাকিস্তান দারুল ইসলাম এবং অন্যান্য দেশগুলো তা নয়।

**ছ.** যেসব বৈশিষ্ট্যের কারণে পাকিস্তান দারুল ইসলাম সেসব বৈশিষ্ট্য অন্যান্য দেশে না থাকার কারণে সেসব দেশ পাকিস্তানের যিম্মাদারগণের দৃষ্টিতে দারুল হরব কি না? সেগুলো দারুল হারব না হয়ে থাকলে পাকিস্তানের বৈশিষ্ট্য কী? আর সেসব দেশ দারুল হারব হয়ে থাকলে সেগুলোর সঙ্গে পাকিস্তানের আচরণ কী?

**জ.** পাকিস্তান জন্মের পর সেখানে আল্লাহর আইন বাস্তবায়ন হয়েছিল কি না? যা একটি দেশ দারুল ইসলাম হওয়ার জন্য শর্ত। যদি আল্লাহর আইন বাস্তবায়ন হয়ে থাকে এবং পাকিস্তান যদি দারুল ইসলাম হয়ে থাকে তাহলে শাব্বীর আহমদ ওসমানী রহ. কায়েদে আজম মুহাম্মদ আলি জিন্নাহকে কোন বিধান বাস্তবায়ন করার জন্য আজীবন পীড়াপীড়ি করে গেছেন? জিন্নাহ মারা যাওয়ার পর আবারও কেন সে বিধান বাস্তবায়নের জন্য পরবর্তীদেরকে অনুরোধ করতে থাকলেন? সবশেষে শাব্বীর আহমদ ওসমানী রহ. এর ইন্তেকালের পর তাঁর অনুসারীরাও হুকুমতকে কোন আইন বাস্তবায়নের জন্য অনুরোধ করতে থেকেছেন?

**ঝ.** পাকিস্তান জন্মের পর যখন সেখানে আল্লাহর বিধান বাস্তবায়িত হয়নি, কিন্তু এর বিপরীতে মানবরচিত গণতান্ত্রিক কুফরী আইন বাস্তবায়িত হয়েছে তখন পাকিস্তানের মুসলমান ও মুসলমানদের যিম্মাদার ওলামায়ে কেরামের করণীয় কী ছিল?

**ঞ.** যে উদ্দেশ্যে পাকিস্তানের জন্ম সে উদ্দেশ্য বাস্তবায়িত হয়নি দেখার পর মানবরচিত কুফরী আইনের উপর চলার জন্য পাকিস্তানের মুসলমানদেরকে শরীয়ত কত দিন, কত মাস বা কত বছরের সময় দিয়েছে?

**ট.** একটি দেশের নির্বাহী শক্তি সকল ক্ষমতার অধিকারী হয়ে, দেশের শতকরা নিরানব্বই ভাগ নাগরিকের পক্ষ থেকে কৃত আল্লাহর বিধান বাস্তবায়নের দাবিকে প্রত্যাখান করে সম্পূর্ণ এখতিয়ারের সাথে আল্লাহর বিধানকে বিধান হিসাবে গ্রহণ না করে মানবরচিত কুফরী আইনকে আইন হিসাবে প্রণয়ন করে বাস্তবায়িত করে মানুষদেরকে তা মানতে বাধ্য করে দিয়েছে। কোটি কোটি মুসলমানকে আল্লাহর বিধানের উপর না চলতে বাধ্য করেছে এবং মানবরচিত কুফরী আইনের উপর চলতে বাধ্য করেছে। সে নির্বাহী শক্তি মুসলমান না কি কাফের?

যদি মুসলমান হয়ে থাকে তাহলে কেন? ইবলিস, আবু তালিব, কারূন, বাদশাহ আকবর, কাদিয়ানী, ইসমাঈলী শিয়া, ইসনা আশারিয়া শিয়া, নুসাইরি শিয়া ইত্যাদি এরা কেন কাফের এবং পাকিস্তানের নির্বাহী শক্তি কেন কাফের নয়?

**ঠ.** নির্বাহী শক্তি কাফের হয়ে থাকলে তাদের সঙ্গে মুসলমানদের করণীয় দায়িত্ব কী? তাদের সঙ্গে আচরণের বিধান কী? তাদের সঙ্গে লেনদেন বিবাহ শাদীর বিধান কী? তাদের অধীনস্ত দেশের নাম দারুল হারব না কি দারুল ইসলাম? সে দেশে মুসলমানদের বসবাস করার বিধান কী?

**ড.** পাকিস্তানের সে মুরতাদ সরকারের বিরুদ্ধে মুসলমানদের অস্ত্র নিয়ে লড়াইয়ের ফরয দায়িত্ব ছিল কি না? ফরয হয়ে থাকলে সে ফরয দায়িত্ব তাঁরা কীভাবে আদায় করেছেন? অথবা লড়াই করার মত সামর্থ্য না থাকলে তাঁরা হিজরত করেছিলেন কি না? অস্ত্র নিয়ে লড়াই করতে হবে এ মর্মে কোন ফাতওয়া দিয়েছিলেন কি না? অথবা সামর্থ্য নেই প্রমাণিত হওয়ার পর হিজরত করা ফরয এ মর্মে কোন ফাতওয়া দিয়েছিলেন কি না?

**ঢ.** পাকিস্তানের মুরতাদ সরকারের বিরুদ্ধে লড়াই করা বা সামর্থ্য না থাকলে হিজরত করা যদি ফরয না হয়ে থাকে তাহলে নিম্নোক্ত আয়াত, হাদীস ও মুহাদ্দিস ফকীহগণের ভাষ্যগুলোর জবাব কী?

**পাকিস্তানের কর্ণধারগণ বলতে হবে**

﴿وَأَنِ احْكُمْ بَيْنَهُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ وَاحْذَرْهُمْ أَنْ يَفْتِنُوكَ عَنْ بَعْضِ مَا أَنْزَلَ اللَّهُ إِلَيْكَ فَإِنْ تَوَلَّوْا فَاعْلَمْ أَنَّمَا يُرِيدُ اللَّهُ أَنْ يُصِيبَهُمْ بِبَعْضِ ذُنُوبِهِمْ وَإِنَّ كَثِيرًا مِنَ النَّاسِ لَفَاسِقُونَ. أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِقَوْمٍ يُوقِنُونَ﴾ {سورة المائدة: ٤٩–٥٠}

"আর তাদের মধ্যে তার মাধ্যমে ফয়সালা কর যা আল্লাহ নাযিল করেছেন এবং তাদের প্রবৃত্তির অনুসরণ করো না। আর তাদের থেকে সতর্ক থাক যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তার কিছু থেকে তারা তোমাকে বিচ্যুত করবে। অতঃপর যদি তারা মুখ ফিরিয়ে নেয় তাহলে জেনে রাখ যে, আল্লাহ তো কেবল তাদেরকে তাদের কিছু পাপের

কারণেই আযাব দিতে চান। আর মানুষের অনেকেই ফাসেক। তারা কি তবে জাহিলিয়্যাতের বিধান চায়? আর নিশ্চিত বিশ্বাসী কওমের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে কে অধিক উত্তম?" -সূরা মায়েদাহ ৪৯-৫০

﴿وقوله: {**أفحكم الجاهلية يبغون ومن أحسن من الله حكما لقوم يوقنون**} ينكر تعالى على من خرج عن حكم الله المحكم المشتمل على كل خير، الناهي عن كل شر وعدل إلى ما سواه من الآراء والأهواء والاصطلاحات، التي وضعها الرجال بلا مستند من شريعة الله، كما كان أهل الجاهلية يحكمون به من الضلالات والجهالات، مما يضعونها بآرائهم وأهوائهم. وكما يحكم به التتار من السياسات الملكية المأخوذة عن ملكهم جنكزخان، الذي وضع لهم اليساق وهو عبارة عن كتاب مجموع من أحكام قد اقتبسها عن شرائع شتى، من اليهودية والنصرانية والملة الإسلامية، وفيها كثير من الأحكام أخذها من مجرد نظره وهواه، فصارت في بنيه شرعا متبعا، يقدمونها على الحكم بكتاب الله وسنة رسوله صلى الله عليه وسلم.

ومن فعل ذلك منهم فهو كافر يجب قتاله، حتى يرجع إلى حكم الله ورسوله [صلى الله عليه وسلم]فلا يحكم سواه في قليل ولا كثير﴾
{تفسير ابن كثير : ١٣١/٣}

"আল্লাহর বাণী **أفحكم الجاهلية يبغون ومن أحسن من الله حكما لقوم يوقنون** আল্লাহ তাআলা সেসব লোকের অবস্থানকে অস্বীকার করছেন যারা আল্লাহ তাআলার সুপ্রতিষ্ঠিত বিধান থেকে বের হয়ে গেছে যে বিধানে সকল কল্যাণ রয়েছে এবং সকল অকল্যাণ থেকে বিরত রাখা হয়েছে সে বিধান থেকে বের হয়ে অন্যান্য বিভিন্ন মত, মনষ্কামনা ও বিভিন্ন পরিভাষার অনুগামী হয়ে পড়েছে যা মানুষ রচনা করেছে,

যেগুলোতে আল্লাহর বিধানকে ভিত্তি বানানো হয়নি। যেমন জাহেলী যুগের লোকেরা এসব ভ্রষ্টতা ও অজ্ঞতা দিয়ে তাদের বিচারকার্য পরিচালনা করত যা তারা নিজেদের মতামত ও মনষ্কামনার ভিত্তিতে তৈরি করত।

এরকমভাবে যেমন তাতারীরা তাদের রাজপরিবারের শাসননীতি দিয়ে শাসন করে যা তাদের আদি পুরুষ চেঙ্গিস খান থেকে নেয়া হয়েছে। যে চেঙ্গিস খান তাদের জন্য 'ইয়াসাক' (নামের একটি সংবিধান) তৈরি করেছিল। আর 'ইয়াসাক' হচ্ছে একটি রচনা যা বিভিন্ন বিধিবিধানের সমষ্টি যে বিধানগুলো সে বিভিন্ন শরীয়ত থেকে গ্রহণ করেছে। যেমন ইহুদী ধর্ম, খ্রিস্টান ধর্ম, ইসলাম ধর্ম ইত্যাদি থেকে। এর মাঝে বহু বিধান ছিল এমন যা শুধু নিজস্ব মতামত ও মনষ্কামনা থেকে গৃহীত। এ বিধানসমগ্র পরবর্তীতে তার বংশধরদের মাঝে অনুসৃত শরীয়ত হিসাবে প্রতিষ্ঠিত হয়ে গেছে। তারা আল্লাহর কিতাব ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহের উপর তাদের এ বিধানসমগ্রকে প্রাধান্য দিত।

তাদের মধ্যে যারা এ কাজ করবে তারা কাফের, তার বিরুদ্ধে জিহাদ করা ওয়াজিব। যতক্ষণ পর্যন্ত তারা আল্লাহ ও আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিধানের দিকে ফিরে আসবে না এবং ছোট বড় অল্প বেশি সর্ব ক্ষেত্রে কুরআন সুন্নাহর আলোকে বিচার করবে না ততক্ষণ পর্যন্ত তাদের বিরুদ্ধে জিহাদ করা ওয়াজিব।" -তাফসীরে ইবনে কাসীর

﴿عن جنادة بن أبي أمية ... بايعنا على .... وأن لا ننازع الأمر أهله إلا أن تروا كفرا بواحا عندكم من الله فيه برهان﴾ {البخارى : رقم الحديث: ٧٠٥٦ -٦/٢٥٨٨}

"জুনাদা ইবনে আবু উমাইয়া বলেন, ... তখন তিনি আমাদের কাছ থেকে যেসব বিষয়ে অঙ্গীকার নিয়েছেন তার মধ্যে ছিল, ... আর আমরা ক্ষমতার বিষয়ে ক্ষমতাবানদের সঙ্গে টানাটানি করব না, তবে যদি তোমরা তার থেকে এমন কোন স্পষ্ট কুফর প্রকাশ পেতে দেখ যার ব্যাপারে তোমাদের কাছে আল্লাহর পক্ষ থেকে দলিল রয়েছে।" -সহীহ বুখারী, কিতাবুল ফিতান, باب قول النبي صلى الله عليه وسلم سترون بعدي أمورا تنكرونها

﴿قَالَ الْقَاضِي: فَلَوْ طَرَأَ عَلَيْهِ كُفْرٌ وَتَغْيِيرٌ لِلشَّرْعِ أَوْ بِدْعَةٌ خَرَجَ عَنْ حُكْمِ الْوِلَايَةِ وَسَقَطَتْ طَاعَتُهُ وَوَجَبَ عَلَى الْمُسْلِمِينَ الْقِيَامُ عَلَيْهِ وَخَلْعُهُ وَنَصْبُ إِمَامٍ عَادِلٍ إِنْ أَمْكَنَهُمْ ذَلِكَ، فَإِنْ لَمْ يَقَعْ ذَلِكَ إِلَّا لِطَائِفَةٍ وَجَبَ عَلَيْهِمُ الْقِيَامُ بِخَلْعِ الْكَافِرِ وَلَا يَجِبُ فِي الْمُبْتَدِعِ إِلَّا إِذَا ظَنُّوا الْقُدْرَةَ عَلَيْهِ﴾

"কাযী বলেন, যদি সে নতুনভাবে কুফরে পতিত হয় এবং শরীয়তের বিধানকে বদলে দেয়, অথবা বিদআতের শিকার হয় তাহলে সে ক্ষমতার অধিকার থেকে বেরিয়ে যাবে এবং তার আনুগত্য বিলুপ্ত হয়ে যাবে এবং তার বিরুদ্ধে মুসলমানরা অবস্থান নেয়া এবং তাকে পদচ্যুত করা এবং সে স্থলে সম্ভব হলে একজন উপযুক্ত ইমাম (খলিফা) বসানো ওয়াজিব হয়ে যাবে। যদি বিষয়টি মুসলমানদের শুধু একটি কাফেলার ক্ষেত্রে হয় তাহেল তাদের উপর ওয়াজিব হয়ে যাবে ঐ কাফেরকে পদচ্যুত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা, বিদআতীর ক্ষেত্রে তা ওয়াজিব হবে না, তবে যদি তার বিরুদ্ধে অবস্থান নিতে সক্ষম হবে বলে ধারণা করে তাহলে ব্যবস্থা নেবে। -শরহে সহীহ মুসলিম, ইমাম নববী, কিতাবুল ইমারাত।

﴿إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا فَأُولَئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءَتْ مَصِيرًا﴾ {سورة النساء: ٩٧ }

"যারা নিজের অনিষ্ট করে, ফেরেশতারা তাদের প্রাণ হরণ করে বলে, তোমরা কী অবস্থায় ছিলে? তারা বলে, এ ভূখণ্ডে আমরা অসহায় ছিলাম। ফেরেশতারা বলে, আল্লাহর পৃথিবী কি প্রশস্ত ছিল না যে, তোমরা দেশত্যাগ করে সেখানে চলে যেতে? অতএব, এদের বাসস্থান হল জাহান্নাম এবং তা অত্যন্ত মন্দ স্থান।" -সূরা নিসা ৯৭

﴿عن أبي سعيد الخدري أنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: يوشك أن يكون خير مال المسلم غنم يتبع بها شعف الجبال ومواقع القطر يفر بدينه من الفتن﴾ {الموطأ : رقم الحديث: ٣٥٥٨- ٩٧٠/٢}

"এমন হতে পারে যে, মুসলমানের সবচাইতে উত্তম সম্পদ হবে ছাগল যা নিয়ে সে পাহাড়ের চূড়ায় চলে যাবে এবং বিভিন্ন উপত্যকায় নিজের ঈমান নিয়ে ভেগে যাবে ফেতনা থেকে বাঁচার জন্য।" -মুয়াত্তা মালেক, কিতাবুল ইসতিযান, বাবু মা জাআ ফী আমরিল গানামি

﴿قَالَ الْقَاضِي: فَإِنْ تَحَقَّقُوا الْعَجْزَ لَمْ يَجِبِ الْقِيَامُ وَلْيُهَاجِرِ الْمُسْلِمُ عَنْ أَرْضِهِ إِلَى غَيْرِهَا وَيَفِرَّ بِدِينِهِ﴾ {شرح مسلم للنووى : ٢٤٠/٤}

"আর যদি তারা নিশ্চিত হয় যে, তারা বিপক্ষে অবস্থান নিতে সক্ষম নয় তাহলে বিপক্ষে অবস্থান নেয়া ওয়াজিব হবে না। বরং তখন মুসলমান তার এলাকা থেকে হিজরত করে অন্যত্র চলে যাবে এবং নিজের দ্বীন ঈমান নিয়ে পালিয়ে যাবে।" -শরহে সহীহ মুসলিম, ইমাম নববী, কিতাবুল ইমারাত, باب وجوب طاعة الأمراء في غير معصية

আপাতত এতটুকুই। এ প্রশ্নগুলোর উত্তর প্রয়োজন। কুরআন, হাদীস, সীরাত, উসূলে ফিকহ ও উসূলে ইফতার আলোকে উত্তরগুলো দরকার। একটি তালাকের মাসআলায় যেভাবে তাহকীক করে সুস্পষ্ট সিদ্ধান্ত দেয়া হয়। একটি রোযার মাসআলায় যেমন বলা হয়। একটি নামাযের মাসআলায় যেভাবে বলা হয়। ঠিক সেভাবে উপরোল্লিখিত মাসআলাগুলোর বিষয়ে সিদ্ধান্ত আসা দরকার। স্পষ্টভাবে আসা দরকার। এগুলোর সঠিক ও সুস্পষ্ট উত্তরের উপর নির্ভর করছে বিশ্বের মুসলমানদের পথ ও পন্থা নির্ধারণের সিদ্ধান্ত।

## জরুরী টীকা : ১৬

“

তাদের এ অনুভূতিহীনতার কারণে এ ধারাটি অকার্যকর হয়ে আছে.....

”

## জরুরী টীকা-১৬

*তাদের এ অনুভূতিহীনতার কারণে এ ধারাটি অকার্যকর হয়ে আছে.....*

**এসব শিশুসুলভ আবদারের কথা। দায়িত্বশীলদের জন্য দায়িত্বশীলদের পক্ষ থেকে প্রদত্ত সিদ্ধান্তমূলক কোন কথা নয়। বিষয়গুলো দুনিয়া আখেরাতের উভয় বিবেচনায় সর্বোচ্চ গুরুত্বপূর্ণ বিষয়। সেক্ষেত্রে এ জাতীয় কথা একদম মানায় না।*

**অকার্যকর... ধারা....**

আর কোন ধারা যখন অকার্যকর হয় তখন তা আর ধারা হয় না। তা ধারা হওয়ার মর্যাদা হারিয়ে ফেলে। এমন সব ধারার বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সিদ্ধান্তই এমন হয় যে, তা কখনো সূর্যের মুখ দেখবে না। এটা হচ্ছে হাতির দাঁত। এ দাঁত যত বড়ই হোক সমস্যা নেই। কারণ এর কোন কাজ নেই।

এর আগেও আমরা বলে এসেছি যে, এগুলো হচ্ছে কানামাছি ভোঁ ভোঁ খেলা। যে খেলায় ব্যক্তি নিজেই বলে দেয় যে, আমার চোখ বেঁধে দাও, যাতে আমি তোমাদেরকে না দেখি। দ্বীনের এতবড় একটি বিষয় নিয়ে এসব ছেলেখেলা আর চলে না।

কিছু মানুষের অবহেলার কারণে কোটি কোটি মুসলমানের একটি ভূখণ্ডে আল্লাহর বিধান বাস্তবায়িত হতে পারেনি -এসব কোন ধরনের কথা?! এ

অবহেলাকারীরা কে? তাদের এ অবহেলা কুফর? না কি হারাম? না কি মাকরূহ? না কি এসব অবহেলা মুস্তাহাব?! যে সকল মহান ব্যক্তিবর্গের উপর এসব অবহেলার অপবাদ দেয়া হয়েছে তাদের জীবন চরিত রচয়িতাগণ দাবি করেছেন, তাঁরা জীবনে কোন মাকরূহে তানযীহিরও শিকার হননি।

কর্ণধারগণ কেন বুঝতে চেষ্টা করেন না, যে ধারাটি যুগের পর যুগ অকার্যকর থাকে সে ধারার জন্মই এ উদ্দেশ্যে। কর্ণধারগণ বুঝে শুনেও এমন কথা বলছেন বলে সন্দেহ করতে একদম ইচ্ছা করে না। পুরো দেশের যিম্মাদারী যাদের হাতে ন্যস্ত করে কোটি কোটি মুসলমান শত শত শরয়ী যিম্মাদারী থেকে নিজেদেরকে মুক্ত করে ফেলেছে বলে নিশ্চয়তা বোধ করছে, দেশের সেসব যিম্মাদাররা তাদের চেয়ারে বসা থাকা অবস্থায় জনগণের অবহেলার কারণে কেন সংবিধানের এত জটিল একটি ধারা অকার্যকর হয়ে থাকবে?!

যে দেশের মালিক পক্ষকে দ্বীনের যিম্মাদারগণ আমীরুল মুমিনীন হিসাবে ভাবতে পছন্দ করেন, যে দেশের সেনাবাহিনীকে আল্লাহর পথের মুজাহিদ মনে করেন, যে দেশের সীমান্ত প্রহরীদেরকে রিবাতের মুজাহিদ মনে করতে পছন্দ করেন, সে দেশের সাধারণ মানুষদের অবহেলার কারণে কেন সংবিধানের এমন একটি ধারা অকার্যকর হয়ে থাকবে যার উপর নির্ভর করছে কোটি কোটি মুসলমানের দুনিয়া আখেরাতের ভাগ্য। অনন্তকালের সুখ বা দুঃখ।

**আলহামদু লিল্লাহ! সুম্মা আলহামদু লিল্লাহ!!**

শায়খে মুহতারাম এ বিষয়ে দ্বিমত করার কথা নয় যে, ধারাটি এক সময় ছিল না, এরপর যখন থেকে মনে করা হচ্ছে যে, ধারাটি আছে তখন থেকে ধারাটি অকার্যকরই ছিল, এখনো অকার্যকরই আছে। যার অনিবার্য ফলাফল হচ্ছে, সত্তর/বাহাত্তর বছর যাবত পাকিস্তানে আল্লাহর বিধান কার্যকর হয়নি। সাথে সাথে শায়খে মুহতারাম এ কথা স্বীকার করবেন যে, পাকিস্তান তার জন্ম থেকে মানবরচিত গণতান্ত্রিক আইনের উপর চলছে এবং আইনগুলো তৈরি ও পাস করার আগে পাকিস্তান সংসদের সদস্যগণ ও স্পীকার কুরআন, হাদীস ও হেদায়া অধ্যয়ন করে আসেনি।

এতসব অবস্থার উপলব্ধি রেখেই সিদ্ধান্ত নিতে হবে, আমরা কি 'আলহামদু লিল্লাহ' এর মকামে আছি, না কি 'সুম্মা আলহামদু লিল্লাহ' এর মকামে আছি। বিষয়টি কি একান্তই দুনিয়াবি কোন প্রাপ্তির বিষয় যার উপর আমরা 'কানাআত' এর ফযীলত অর্জন করার চেষ্টা করব। না কি এটি একটি দ্বীনী দুর্বলতার বিষয় যার উপর আমাদের ভয় পাওয়া উচিত।

## জরুরী টীকা : ১৭

“

এবং তারা একে কাজে লাগাচ্ছে না।

”

## জরুরী টীকা-১৭

*এবং তারা একে কাজে লাগাচ্ছে না।*

* তারা কারা? ধারার প্রবর্তকরা কেন এর আওতাভুক্ত নয়? ধারার প্রহরীরা কেন এ হুকুমের আওতাভুক্ত নয়? এ বাক্যগুলো বক্তৃতার মঞ্চে যতটা মানানসই, গবেষণার টেবিলে ততটা মানানসই নয়; বরং গবেষণা ও সিদ্ধান্তের টেবিলে এগুলো হাস্যরসের উপাদানমাত্র। রাষ্ট্রের মালিক পক্ষ আইন প্রণয়ন করবেন গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার আলোকে, আর বায়বীয় 'তারা' জাতীয় কিছু মানুষের দায়িত্ব হচ্ছে, কুরআন সুন্নাহর জন্য করুণার ভিক্ষা করতে 'মাননীয় আদালতে'র দরবারে করজোড়ে দাঁড়িয়ে থাকা। এটা হতেই পারে না।

কুরআন সুন্নাহর পাওয়ার হচ্ছে فَاصْدَعْ بِمَا تُؤْمَرُ وَأَعْرِضْ عَنِ الْمُشْرِكِينَ ও ألا إن كل شيء من أمر الجاهلية تحت قدمي موضوع -এর কোন বিকল্প নেই।

এ সকল ধারা উপধারার মূল লক্ষ হচ্ছে, কুরআন সুন্নাহকে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার চুঙ্গায় আবদ্ধ করা। কারণ বক্তা, শ্রোতা ও পাঠক সবাই এ কথা জানেন যে, শায়খে মুহতারাম যা যা বলেছেন তা বাস্তবায়ন করার জন্য একজন নাগরিককে অবশ্যই গণতান্ত্রিক পদ্ধতিতে দেশের কুফরী আইনকে শ্রদ্ধা প্রদর্শন করেই সামনে বাড়তে হবে।

**কাজে লাগাতে পারছে না**

কাজে লাগাচ্ছে না, বিষয়টি এমন নয়। এ ধারা কাজে লাগানো সম্ভব নয়। আমরা আগে বলে এসেছি, যে ধারা তার জন্ম থেকে অকার্যকর সে ধারা আসলে কোন ধারা নয়। দ্বিতীয়ত বলেছি, এ ধারা কাজে লাগানোর দায়িত্ব ধারা প্রবর্তকদের। নিরক্ষর ও বেখবর জনগণের এ দায়িত্ব নয়। তৃতীয়ত এখন বলছি, এ ধারা কাজে লাগানো সম্ভব নয়। কারণ-

**ক.** পাকিস্তানে যে তাগুতী শক্তি কুফরী আইন তৈরি করে তাদের শক্তি এবং যারা তাগুতের আইনের বিরুদ্ধে মামলা করবে তাদের শক্তি বরাবর নয়। তাগুতী আইন প্রণেতারা হচ্ছে দেশের প্রভু, আর এর বিপরীতে অবস্থানকারীরা হচ্ছে তাদের দরবারে করুণার ভিখারী।

**খ.** দেশ হচ্ছে শত ভাগ গণতান্ত্রিক এবং সারা বিশ্বে প্রচলিত অর্থেই গণতান্ত্রিক। যারা তাগুতের আইনের বিরুদ্ধে মামলা করবে তারা হচ্ছে শরীয়াহ অনুসারী। আর গণতন্ত্রের আদালতে শরীয়াহ ভিত্তিক কোন মামলা গ্রহণযোগ্য নয়। বাক স্বাধীনতার শিরোনামে গণতন্ত্রের আদালতে শরীয়ার পক্ষে আওয়াজ করা যাবে, এরপরে আর কিছু করা যাবে না। গণতন্ত্রের আদালতে, গণতন্ত্রের এলাকায় এবং গণতন্ত্রের সীমানার ভিতরে অনেক কিছুই করা যায়, শুধু গণতন্ত্রকে অতিক্রম করা যায় না।

**গ.** তাগুতের বিরুদ্ধে এবং শরীয়ার পক্ষে দায়েরকৃত মামলার চূড়ান্ত সিদ্ধান্ত তাগুতের কাছেই। মানবরচিত গণতন্ত্রের হাতেই।

**ঘ.** তাগুতের আইনের বিরুদ্ধে এবং শরয়ী আইনের পক্ষে মামলা দায়ের করার পর ফলাফল যাই হোক, ফলাফলের আগে মামলা নিয়ে চলার পথে তাগুতের বহু আইনের সামনে, মানবরচিত বহু কুফুরী আইনকে সিজদা করে করেই সামনে বাড়তে হবে। ততক্ষণে ঈমান তার খাঁচা থেকে বের হয়ে যাওয়ার সমূহ আশঙ্কা রয়েছে।

**পরীক্ষা করে দেখা হয়েছে**

ঐতিহাসিক ধারাটি কাজে লাগানো সম্ভব নয় বলে আমরা যে দাবি করেছি তা কাল্পনিক কোন বিষয় নয়; এমনকি যুক্তি তর্ক ভিত্তিক কোন বিষয়ও নয়। এটি একটি বাস্তব কারগুজারী। এ ধারা কাজে লাগানোর চেষ্টা করা হয়েছে, কিন্তু কাজে লাগানো সম্ভব হয়নি। সর্বোচ্চ মহল থেকে, সর্বোচ্চ সময় নিয়ে, সর্বোচ্চ শক্তি ব্যবহার করে চেষ্টা করা

হয়েছে। এমন চেষ্টা করা হয়েছে যে, শুধু চেষ্টার বাহারেই সর্বদিক থেকে বাহবা, শুভেচ্ছা ও আশীর্বাদের জোয়ার বইয়ে দেয়া হয়েছে।

কেন সম্ভব হয়নি প্রশ্ন করা হলে হয়ত এমন কিছু ওযরই পেশ করা হবে যে ওযর থেকে সোনালী গাভীটিকে কখনোই বাঁচানো যাবে না। গাভী দুর্বা ঘাসের ঘ্রান নেয়া থেকে বাঁচতে পারলে প্রতিদিন তিনটি করে স্বর্ণমুদ্রা মলত্যাগ করবে। দুর্বা ঘাসের ঘ্রাণ না নিয়ে গাভী বাঁচতেও পারবে না, স্বর্ণমুদ্রা মলত্যাগ করাও সম্ভব হবে না।

কিন্তু আমরা যতটুকু জানি, ঐতিহাসিক ধারাটি কাজে লাগানোর প্রচেষ্টা গণতন্ত্রের জিলাপীর পেঁচে আটকে গেছে। তাগুতের আদালতে হেরে গেছে। মানবরচিত আইনের বিপরীতে লড়ার শক্তি পায়নি। আর এমন হওয়াই স্বাভাবিক, এমন না হওয়াটাই অস্বাভাবিক।

## জরুরী টীকা : ১৮

কিন্তু এ ধারা আলহামদু লিল্লাহ রয়েছে। আজও যদি আমরা এ সিদ্ধান্ত নিয়ে নেই যে, এ ধারাটিকে কাজে লাগাব তাহলে এর জন্য আলহামদু লিল্লাহ রাস্তা খোলা রয়েছে।

## জরুরী টীকা-১৮

*কিন্তু এ ধারা আলহামদু লিল্লাহ রয়েছে। আজও যদি আমরা এ সিদ্ধান্ত নিয়ে নেই যে, এ ধারাটিকে কাজে লাগাব তাহলে এর জন্য আলহামদু লিল্লাহ রাস্তা খোলা রয়েছে।*

*এই আমরাটা কে? সবাই মিলে দায়িত্ব দিয়ে দিল সংবিধান প্রণয়নকারীদেরকে। ভোট দেয়াকে ওয়াজিব বলা হল। মুসলমানদেরকে ভোট দিতে বাধ্য করা হল। কর্ণধারগণের নির্দেশনা অনুযায়ী মুসলমানরা ভোট দিয়ে তাদের আইনদাতা ও বিধানদাতা নির্বাচন করে দিল। আর সংবিধান প্রণয়নকারীরা আল্লাহর বিধানকে পেছনে ফেলে দিয়ে মানবরচিত কুফরী আইনে গণতান্ত্রিকভাবে সংবিধান তৈরি করল এবং সেভাবে দেশ পরিচালনা করতে থাকল। এখন বলা হচ্ছে, আল্লাহর বিধান বাস্তবায়নের জন্য আমাদেরকে কাজ করতে হবে। প্রশ্ন হচ্ছে এ আমরাটা কে বা কারা?

আর শায়খে মুহতারাম যে সিদ্ধান্তের কথা বলছেন নতুন করে সে সিদ্ধান্ত নেয়ার কোন সুযোগ রাখা হয়নি। যদি বাস্তবে সে সুযোগ থাকত তা হলে পাকিস্তান প্রতিষ্ঠার জন্য যারা জীবন শেষ করে গেছেন তারা কেন এ সুযোগটি গ্রহণ করলেন না?

তাঁদের উপর এ অপবাদ আনাকে আমি বৈধ মনে করি না যে, ইসলামের জন্য যারা রাষ্ট্র তৈরি করেছেন তারা এত সুবর্ণ সুযোগ থাকা

*সত্ত্বেও ইসলামী আইন বাস্তবায়নের জন্য সত্তর/বাহাত্তর বছর পর্যন্ত চেষ্টা করেননি। আর যদি এ কথা হয় যে, তাঁরা চেষ্টা করেছেন, তা হলে এমন চেষ্টার পরও যে দেশে ইসলামী আইন বাস্তবায়ন হয়নি সে দেশ দারুল ইসলাম হতে পারে না এবং সে দেশের মালিক পক্ষ মুসলমান হতে পারে না।*

*এ রাস্তা খোলা নেই। এ রাস্তার মুখে এমন জাল বসানো আছে যার প্রবাহ চালু থাকবে কিন্তু মাছগুলো সব আটকে যাবে। সে জাল হয়ত আমরা দেখছি না, অথবা দেখেও দেখছি না।*

**রাস্তা খোলা**

আমরা যে পৃথিবীতে বাস করি সে পৃথিবী নতুন কোন পৃথিবী নয়। মানবরচিত আইনগুলোরও শতাব্দীর পর শতাব্দী অনুশীলন হয়ে আসছে, যদিও ফলাফলে তা সব সময়ই বিফল হয়েছে। শরীয়তের আইনগুলোও সহস্রাব্দীর পর সহস্রাব্দী কাল ধরে অনুসৃত হয়ে আসছে এবং সফলতার সাথে হয়ে আসছে। সর্বাবস্থায় ধারাগুলোর প্রয়োগ পদ্ধতি অনেকে পুরাতন। কোন ধারাটি প্রয়োগ করার জন্য, আর কোন ধারাটি শুধু দেখানোর জন্য ও প্রদর্শনীর জন্য এ বিষয়গুলো বোঝার মত ব্যবস্থা সংবিধানেই থাকে। বিশেষত গণতান্ত্রিক সংবিধানগুলোতে এমন অসংখ্য গদ ও ধারা সন্নিবেশিত করা হয় যার সঙ্গে প্রায়োগিক কোন সম্পর্ক থাকে না। তবু প্রথাগতভাবে সব সময় কথাগুলো বলে যেতে হয়।

এ ধারাগুলো তৈরি করা এবং সংবিধানে লিখে রাখার সব চাইতে বড় ফায়দা হচ্ছে, গণতন্ত্রের মালিক পক্ষ যেন প্রয়োজনের সময় বলতে পারে, 'রাস্তা খোলা' রাখা আছে। ধর্মের অনুসারীরা এ কথা বোঝা দরকার যে, প্রত্যেক ধর্মের অনুসারীরা শুধুমাত্র একটি ধর্ম নিয়ে চলে, বাকি সব ধর্মকে তারা উপেক্ষা করে চলে। কিন্তু গণতন্ত্র তা পারে না। গণতন্ত্রকে সব ধর্ম নিয়ে চলতে হয়।

গণতন্ত্রের মূল থিওরীগুলোর একটি হচ্ছে 'তাওহীদুল আদয়ান' বা সকল ধর্মকে এক করা। এ কাজটি করা কোন চাট্টিখানি বিষয় নয়। প্রত্যেক ধর্মের লেজ কেটে কেটে এক মুঠোয় ধারন করার উপযুক্ত করা একটি সুকঠিন বিষয়। সে কারণে সব ধর্মের উপর রাজত্ব করতে গিয়ে গণতন্ত্রকে এভাবে রাস্তা খোলা রাখতে হয়। কিন্তু যারা জগতে বিচরণ

করার দীর্ঘ অভিজ্ঞতা অর্জন করেছে তারা এ কথাগুলো না বুঝলে চলে না যে, সংবিধানের বক্তব্য ও ধারাগুলো দুই ধরনের হয়ে থাকে। কিছু প্রয়োগের জন্য, আর কিছু প্রদর্শনীর জন্য।

তাই আমি বলতে চাই, দুনিয়ার বিচারে এবং মানবরচিত আইনের বিচারে হোক বা দ্বীনের তথা আল্লাহর আইনের বিচারে হোক সকল ধারা অনুযায়ী একটু বিবেচনা করুন, এ 'রাস্তা খোলা' থাকার কী অর্থ? আদৌ একে রাস্তা খোলা বলা হয় কি না? জেলেরা এভাবে মাছের জন্য অনেক রাস্তা খুলে রাখে। কিন্তু মাছ বুঝতে পারে না যে, আসলে তার জন্য রাস্তা খোলা হয়েছে না কি রাস্তা বন্ধ করা হয়েছে। কিন্তু মাছের এ চরিত্র মানুষের জন্য মোটেও মানায় না। তাও আবার উম্মতে মুহাম্মদীর জন্য যাদের জন্য ধোঁকা খাওয়াও হারাম। তাও আবার যামানার রাহবারদের ক্ষেত্রে।

### রাস্তা বন্ধ

আসলে রাস্তা বন্ধ। এ ধারার মাধ্যমেই আল্লাহর আইন বাস্তবায়নের আসল রাস্তা বন্ধ করে দেয়া হয়েছে। যে কথা শায়খে মুহতারাম একটু পরে বলবেন। তখন আমরাও সে সম্পর্কে কিছু কথা বলব, ইনশা-আল্লাহ। আজ রক্তশূন্য এ ধারাটি যদি পাকিস্তান সংবিধানে না থাকত তাহলে পাকিস্তানের মালিক পক্ষের আসল চেহারা কিছু মানুষকে বোঝানো আরো সহজ হত।

আমাদের বাংলাদেশে গণতন্ত্রের মালিক পক্ষের পক্ষ থেকে যখন বলা হয়েছে, সংবিধান থেকে ধর্মের ছায়া পর্যন্ত মুছে ফেলা হবে, তখন আমরা কিছু লোককে বোঝাতে পেরেছি যে, এখন ধর্মের যা কিছু আছে তা আসলে ধর্ম নয়, ধর্মের ছায়া মাত্র। রাষ্ট্রপক্ষ সে ছায়াটুকুকে সহ্য করতে পারছে না। তাই তা মুছে দেয়ার চেষ্টা চলছে। কিন্তু যারা মনে করে ছায়াটা বাকি থাকলে ভোটের রাজনীতিতে কাজে লাগবে তাদের কারণে ছায়াটুকু মোছা যাচ্ছে না।

পাকিস্তান সংবিধানের এ ধারাটিও মূলত ধর্মের একটি ছায়া। যে ছায়ার কারণে পাকিস্তান জনগণকে বোঝানো কঠিন হয়ে গেছে যে, এখানে ধর্ম নেই। যারফলে একটি দেশে ধর্ম না থাকলে যা করতে হয় তা করা যাচ্ছে না। পাকিস্তানের জনগণ যদি বুঝতে পারত পাকিস্তানের প্রথম

গণতান্ত্রিক রাজাই ইসলামের গলায় ছুরি চালিয়ে দিয়ে গেছে তাহলে তারা ঐ দিবাস্বপ্নে বিভোর হয়ে থাকত না যে স্বপ্ন আজো পর্যন্ত তারা দেখেই চলেছে।

## 'আলহামদু লিল্লাহ' বলার কোন অবস্থা নেই

তাই পাকিস্তানের এ অবস্থার উপর আজ আলহামদু লিল্লাহ বলার কোন অবস্থা নেই। বর্তমানে দেশভিত্তিক জাতীয়তাবোধের যে জোয়ার চলছে এবং জাতীয়তার প্রতিযোগিতায় সবাই এক নম্বরে পাস করার চেষ্টা করছে সে প্রতিযোগিতায় জেতার জন্য বা জেতার মানসিকতা নিয়ে কেউ এসব ক্ষেত্রে আলহামদু লিল্লাহ বলে শুকরিয়া আদায় করতে পারে।

কিন্তু সমস্যা হচ্ছে, এ শুকরিয়া সব দেশের কর্ণধারগণ আদায় করে চলেছেন। ভারতের কুতুবে অলম (?) শুকরিয়া আদায় করে চলেছেন, তার দেশে মুসলমানরা এত ভালো অবস্থায় আছে যে, পৃথিবীর কোথাও কোন মুসলমান এত ভালো অবস্থায় নেই। বাংলাদেশের কুতুবে বাঙ্গাল (?) শুকরিয়া আদায় করে চলেছেন, বাংলাদেশের মুসলমানরা ধর্ম নিয়ে ব্যবসা করে না। তারাই খাঁটি মুসলমান। সকল ধর্মের মানুষদেরকে নিয়ে সৌহার্দ্য ও সম্প্রীতির সুন্দর একটি সমাজ তারা গড়েছে। যেখানে ধর্মে ধর্মে কোন দূরত্ব নেই, ধর্মে ধর্মে কোন লড়াই নেই। এ দেশই একমাত্র দেশ যে দেশ মুসলিম অমুসলিম সবাই মিলে যুদ্ধ করে কেউ গাজী হয়ে, আর কেউ শহীদ হয়ে জিহাদের সর্বোচ্চ ফযীলত অর্জন করেছে।

এভাবে পাকিস্তানের মুসলমানরা পাকিস্তানে যেতে পেরে খুশি। ভারতের মুসলমানরা ভারতে থেকে যেতে পেরে খুশি। পাকিস্তানের মুসলমানরা বাঙ্গালীদেরকে তাড়িয়ে দিতে পেরে খুশি। বাঙ্গালীরা পাকিস্তান থেকে পালিয়ে আসতে পেরে খুশি। উভয় পক্ষ উভয় পক্ষকে মারতে পেরে খুব খুশি। আবার উভয় পক্ষ উভয় পক্ষের হাতে মার খেতে পেরে আরো বেশি খুশি।

পাকিস্তানীরা বাঙ্গালী ও ভারতীয় না হতে পেরে খুব খুশী, আর বাঙ্গালীরা পাকিস্তানী ও ভারতীয় না হতে পেরে খুব খুশি। আবার ভারতীয়রা বাঙ্গালী ও পাকিস্তানী না হতে পেরে অরো অনেক বেশি খুশি।

এভাবেই জাতীয়তাবাদের প্রতিযোগিতায় সবাই সবাইকে হারিয়ে প্রত্যেকে জিতে চলেছে। কিন্তু বিপত্তি ঘটেছে অন্য জায়গায়। প্রত্যেক দেশের কর্ণধারগণই আন্তর্জাতিক মানের বড় হওয়ার কারণে সবার কথা সবাই জেনে যায়, আর বিপরীতমুখী যুক্তির কষাঘাতে দিশেহারা হয়ে পড়ে।

মাসআলা হচ্ছে মুসলমানদের, মাসআলা হচ্ছে ইসলামের। সে মাসআলা যখন ইসলামের কিতাবের আলোকে আলোচনার টেবিলে না এসে জাতীয়তাবাদের কিতাবের আলোকে আলোচনায় আসে তখন মুসলমান আর এসব বিষয়ের শরয়ী সমাধান পায় না।

প্রত্যেক দেশের কর্ণধার যেসব দলিলের আলোকে নিজের দেশকে প্রাধান্য দিতে থাকে অপর দেশের কর্ণধার সেসব দলিলের সম্পূর্ণ বিপরীত দলিল দিয়ে তার দেশকে প্রাধান্য দিতে থাকে। দলিলে দলিলে বৈপরীত্যের কারণে উভয় পক্ষের দলিল শরীয়তের কিতাবে পাওয়া যায় না এবং জাতীয়তাবাদ ভিত্তিক প্রাধান্য দেয়ার সূত্রগুলোও শরীয়তের কিতাবে পাওয়া যায় না।

যে মুসলমানরা এ কথা জানে যে, সারা বিশ্বের সব মুসলমান এক জাতি, তারা ভূখণ্ড ভিত্তিক এ ফযীলতগুলো দেখলে মনে ব্যথা অনুভব করে। এ ক্ষেত্রে এসে আলহমদু লিল্লাহ পড়ার কোন কারণ খুঁজে পায় না। শুকরিয়া আদায় করার মত কোন বিষয় খুঁজে পায় না।

### 'ইন্না লিল্লাহ' পড়ার সব ব্যবস্থা আছে

পরিস্থিতির ভয়াবহতার উপর তারা ইন্না লিল্লাহ পড়তে থাকে। কারণ ইন্না লিল্লাহ পড়ার সব ধরনের অবস্থা তৈরি হয়ে আছে। যে অবস্থাগুলো আমাদের দেখা ও শোনার আওতায়ই রয়েছে। পাকিস্তান, ভারত ও বাংলাদেশের কথাই আপাতত বলি। যে দেশগুলোর কর্ণধারগণ তাদের নিজ নিজ দেশের ফযীলত বয়ান করেই চলেছেন সে দেশগুলোর সংবিধানে ও বাস্তব চিত্রে এমন সব কারণ ও ঘটনা ঘটে আছে যেগুলোর উপর ইন্না লিল্লাহ বলা ছাড়া কোন উপায় নেই। কিন্তু আমাদের শরীর অবশ হয়ে যাওয়ার কারণে আমরা খুব লজ্জাজনক পরিমাণে তৃপ্তি বোধ করে চলেছি। এখানে তিন দেশের সম্মিলিত কিছু ভয়াবহ চিত্র তুলে ধরছি-

**ক.** তিন দেশেরই নীতি নির্ধারক ও আইনপ্রণয়কারী পরিষদ হচ্ছে তাগুত। গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ কুফরী শক্তি।

**খ.** তিন দেশেই মুসলিম অমুসলিম সবাই সমান অধিকার ও সমান শক্তি নিয়ে বসবাস করে।

**গ.** তিন দেশেই আইন প্রণয়নকারী, প্রয়োগকারী ও আইনের প্রহরী হিসাবে সকল ধর্মের মানুষ সমানভাবে দায়িত্ব পালন করতে পারে।

**ঘ.** তিন দেশেই প্রত্যেক ধর্মের অনুসারীদের জন্য তাদের ধর্মের দাবি অনুযায়ী কিছু আলাদা সুযোগ সুবিধা রাখা আছে।

**ঙ.** তিন দেশেই খেলাফত প্রতিষ্ঠার সশস্ত্র পদ্ধতি গ্রহণকারী মুজাহিদদেরকে সন্ত্রাসী আখ্যা দিয়ে তাদেরকে দমন করার সকল আয়োজন সম্পন্ন করে তার প্রয়োগ চলছে।

**ঘ.** তিন দেশেই ওলামায়ে কেরামের একটি বড় জামাত তাগুত ও গণতান্ত্রিক কুফরী শক্তির পক্ষ নিয়ে মুজাহিদদের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন এবং তাগুতকে সর্বোচ্চ সহযোগিতা ও সমর্থন দিয়ে চলেছেন।

**ঙ.** তিন দেশেরই সেনাবাহিনী আন্তর্জাতিক কুফরী শক্তির নেতৃত্বে মুজাহিদদের বিরুদ্ধে অস্ত্র ধারণ করে কৃতিত্ব অর্জন করে চলেছে।

**চ.** তিন দেশই বিশ্ব কুফরী সংঘের অত্যন্ত অনুগামী ও বাধ্য সদস্য।

**ছ.** তিন দেশই বিশ্বের আইম্মাতুল কুফরের বন্ধুত্বের গর্বে গর্বিত।

**জ.** তিন দেশেরই ধর্মীয় প্রতিনিধিরা বিশ্ব কুফরী শক্তির সঙ্গে বিশ্বব্যাপী শান্তি প্রতিষ্ঠার জন্য একাত্বতা ঘোষণা করে ইসলামের শান্তিনীতিকে জবাই করে এসেছে।

**ঝ.** তিন দেশেরই মুসলিম প্রতিনিধিরা বিশ্বের আইম্মাতুল কুফরের কাছ থেকে জিহাদের বিরুদ্ধে স্বাক্ষর সংগ্রহ করে জিহাদকে সন্ত্রাস হিসাবে আখ্যায়িত করার সকল কাজ সম্পন্ন করে ফেলেছে।

**ঞ.** তিন দেশের ওলামায়ে কেরামের একটি বিশাল অংশ এ সিদ্ধান্তে পৌঁছে গেছে যে, এখন আর কাফেরদের বিরুদ্ধে সশস্ত্র জিহাদ করা সম্ভব নয়; বরং কাফেরদের বিরুদ্ধে জিহাদ করা বৈধও নয়।

**ট.** তিন দেশের ওলামায়ে কেরামের একটি বড় অংশ এ সিদ্ধান্তে পৌঁছে গেছে যে, জাতিসংঘ চুক্তির পর সকল কুফরী শক্তির সঙ্গে আজীবনের জন্য মুআহাদা হয়ে গেছে। এ মুআহাদা আর কখনো ভঙ্গ করা যাবে ন।

এভাবে অসংখ্য বিষয়ে পাকিস্তান অপরাপর গণতান্ত্রিক দেশগুলোর মত অনেকগুলো কুফরের অঙ্গীকার করে সে কুফরগুলো বাস্তবায়ন করে চলেছে। আর আমরা তার সগীরা গুনাহের ওযর খুঁজে বেড়াচ্ছি। মুস্তাহাব-মানদূবের তালিকা তৈরি করে চলেছি।

এ ঘরে আগুন লেগে সব পুড়ে ছাই হয়ে গেছে বহু আগে। আমরা এখনো খুঁজে বেড়াচ্ছি কার কনিষ্ঠা আঙ্গুলের মাথাটা এখনো অক্ষত আছে, কার চোখের কালিমা এখনো নষ্ট হয়নি। কার পাঁজরের তিনটা হাড় খুব বেশি পুড়ে যায়নি। আর এভাবেই আমাদের পরিতৃপ্তির পাহাড় উঁচু থেকে আরো উঁচু হয়ে চলেছে। আমরা আমাদের দুর্ভিক্ষকে অনুভব করতে পারিনি।

## জরুরী টীকা : ১৯

“

অতএব যেসব লোক এ প্রোপাগাণ্ডা...

”

## জরুরী টীকা-১৯

*অতএব যেসব লোক এ প্রোপাগাণ্ডা...*

**‘প্রোপাগাণ্ডা’ শব্দের অর্থ**

**ফায়েদা:** কুরআনের আয়াতে বলা হয়েছে: ১. বর্তমানের শক্তিশালী কুফরী দেশের তুলনায় বেশি শক্তিশালী যেসব কুফরের দেশকে বিনাশ করে দেয়া হয়েছে তার সংখ্যা অনেক। ২. কোন বন্ধুদেশই আল্লাহর শক্তির প্রতিরোধ করতে পারেনি। প্রতিরোধ করার সাহস করেনি।

﴿وَكَمْ أَهْلَكْنَا قَبْلَهُمْ مِنْ قَرْنٍ هُمْ أَشَدُّ مِنْهُمْ بَطْشًا فَنَقَّبُوا فِي الْبِلَادِ هَلْ مِنْ مَحِيصٍ﴾ {سورة ق: ٣٦}

“আমি তাদের (অর্থাৎ মক্কাবাসী কাফেরদের) আগে কত জাতিকে ধ্বংস করেছি, যারা শক্তিতে তাদের চেয়ে প্রবল ছিল। তারা নগর-নগরে ঘুরে বেড়িয়েছিল। তাদের কি পালানোর কোন জায়গা ছিল?” -সূরা কাফ ৩৬

**ফায়েদা:** কুরআনের আয়াতে বলা হয়েছে: ১. বর্তমানের চাইতে বেশি শক্তিধর প্রভাবশালী অতীতের যেসব কুফরী শক্তিকে, কুফরী গোষ্ঠীকে বিনাশ করে দেয়া হয়েছে তাদের সংখ্যা অনেক। ২. সেসব কুফরী শক্তি শহর বন্দর চষে বেড়িয়ে ত্রাসের রাজ্য সৃষ্টি করেছে। ৩. সেসব কুফরী শক্তির পালানোর মত কোন জায়গা ছিল না। আল্লাহর পক্ষের শক্তির সামনে তাদের প্রভাব তাদেরকে রক্ষা করতে পারেনি।

**ঞ. আল্লাহর দুশমনকে বন্ধু বানাতে হবে**

(...বাতিলের সোহবত নিতে হবে, দিতে হবে...)

বাতিলের সঙ্গ দিয়ে, বাতিলের সংস্রব গ্রহণ করে, কিছু কিছু বিষয়ে বাতিলের অনুসরণ করে এবং কুফর শিরক ও হারাম বিষয়ে বাতিলকে মৌন সমর্থন করে বাতিলকে শুদ্ধ করার কোন পদ্ধতি কুরআনে হাদীসে দেয়া হয়নি। যে শক্তি মূর্তিকে সিজদা করছে, মানবরচিত আইনকে সিজদা করছে সে শক্তির সঙ্গ দিয়ে মূর্তিকে সিজদা দেয়ার মধ্যে কি ভুল হচ্ছে সে ভুল ধরে দেয়ার জন্য লোকমা দেয়ার দায়িত্ব মুসলমানের উপর নয়। মুসলমানের দায়িত্ব মূর্তির ঘর ভেঙ্গে চুরমার করে ফেলা এবং মূর্তির ঘর থেকে সিজদাকারীকে বের করে নিয়ে আসা। কুরআনের আয়াত দেখুন-

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا عَدُوِّي وَعَدُوَّكُمْ أَوْلِيَاءَ تُلْقُونَ إِلَيْهِمْ بِالْمَوَدَّةِ وَقَدْ كَفَرُوا بِمَا جَاءَكُمْ مِنَ الْحَقِّ يُخْرِجُونَ الرَّسُولَ وَإِيَّاكُمْ أَنْ تُؤْمِنُوا بِاللَّهِ رَبِّكُمْ إِنْ كُنْتُمْ خَرَجْتُمْ جِهَادًا فِي سَبِيلِي وَابْتِغَاءَ مَرْضَاتِي تُسِرُّونَ إِلَيْهِمْ بِالْمَوَدَّةِ وَأَنَا أَعْلَمُ بِمَا أَخْفَيْتُمْ وَمَا أَعْلَنْتُمْ وَمَنْ يَفْعَلْهُ مِنْكُمْ فَقَدْ ضَلَّ سَوَاءَ السَّبِيلِ. إِنْ يَثْقَفُوكُمْ يَكُونُوا لَكُمْ أَعْدَاءً وَيَبْسُطُوا إِلَيْكُمْ أَيْدِيَهُمْ وَأَلْسِنَتَهُمْ بِالسُّوءِ وَوَدُّوا لَوْ تَكْفُرُونَ. لَنْ تَنْفَعَكُمْ أَرْحَامُكُمْ وَلَا أَوْلَادُكُمْ

يَوْمَ الْقِيَامَةِ يَفْصِلُ بَيْنَكُمْ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ. قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِي إِبْرَاهِيمَ وَالَّذِينَ مَعَهُ إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَآءُ مِنْكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ كَفَرْنَا بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاءُ أَبَدًا حَتَّىٰ تُؤْمِنُوا بِاللَّهِ وَحْدَهُ........﴾ {سورة الممتحنة: ١-٤}

'হে মুমিনগণ ! তোমরা যদি আমার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে আমার পথে জিহাদের জন্য (ঘর থেকে) বের হয়ে থাক, তবে আমার শত্রু ও তোমাদের নিজেদের শত্রুকে এমন বন্ধু বানিও না যে, তাদের কাছে ভালোবাসার বার্তা পৌঁছাতে শুরু করবে, অথচ তোমাদের কাছে যে সত্য এসেছে তারা তা এমনই প্রত্যাখ্যান করেছে যে, রাসূলকে এবং তোমাদেরকেও কেবল এই কারণে (মক্কা হতে) বের করে দিচ্ছে যে, তোমরা তোমাদের প্রতিপালক আল্লাহর প্রতি ঈমান এনেছ। তোমরা গোপনে তাদের সাথে বন্ধুত্ব কর, অথচ তোমরা যা কিছু গোপনে কর ও যা কিছু প্রকাশ্যে কর আমি তা ভালোভাবে জানি। তোমাদের মধ্যে কেউ এমন করলে সে সরল পথ থেকে বিচ্যুত হল। তোমাদেরকে বাগে পেলে তারা তোমাদের শত্রু হয়ে যাবে এবং নিজেদের হাত ও মুখ বিস্তার করে তোমাদেরকে কষ্ট দেবে। তাদের কামনা এটাই যে, তোমরা কাফের হয়ে যাও। কিয়ামতের দিন তোমাদের আত্মীয়-স্বজন ও তোমাদের সন্তান-সন্ততি কাজে আসবে না। আল্লাহই তোমাদের মধ্যে ফয়সালা করবেন। তোমরা যা-কিছু করছ আল্লাহ তা ভালোভাবে দেখছেন। তোমাদের জন্য ইবরাহীম ও তার সঙ্গীদের মধ্যে উত্তম আদর্শ আছে, যখন সে নিজ সম্প্রদায়কে বলেছিল, তোমাদের সঙ্গে এবং তোমরা আল্লাহ ছাড়া যাদের উপসনা করছ তার সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। আমরা তোমাদের (আকিদা-বিশ্বাস) অস্বীকার করি। আমাদের ও তোমাদের মধ্যে চিরকালের জন্য শত্রুতা ও বিদ্বেষ সৃষ্টি হয়ে গেছে, যতক্ষণ না তোমরা এক আল্লাহর প্রতি ঈমান আনবে ..........।" -সূরা মুমতাহিনা ১-৪

**ফায়েদাঃ** উপরোক্ত কয়েকটি আয়াতে যে কথাগুলো খুব স্পষ্ট করে বলা হয়েছে সেগুলো হচ্ছে যথাক্রমে এই: ১. মুমিনের জন্য আল্লাহর দুশমন ও মুমিনের দুশমন কাফেরদেরকে বন্ধু হিসাবে গ্রহণ করার সম্ভাব্য কোন পদ্ধতি ও কোন ক্ষেত্র নেই। ২. আল্লাহ ও মুমিনদের দুশমন কাফেরদের

প্রতি ভালোবাসা, সম্প্রীতি ও সৌহার্দ্য প্রকাশের সম্ভাব্য কোন পদ্ধতি ও ক্ষেত্র নেই। ৩. যারা কুরআন ও ইসলাম ধর্মকে নিজেদের জীবনে ধারণ করতে অস্বীকৃতি জানায় তাদের সঙ্গে ভালোবাসার সম্ভাব্য কোন পদ্ধতি ও ক্ষেত্র নেই। ৪. দুনিয়ার যত বড় স্বার্থই জড়িত থাকুক না কেন আল্লাহর দুশমন ও মুমিনদের দুশমন কাফেরদের সঙ্গে ভালোবাসা ও সম্প্রীতি রাখার সম্ভাব্য কোন পদ্ধতি ও ক্ষেত্র নেই। ৫. অমুসলিমদের সঙ্গে যেকোন রকমের ভালোবাসা ও সম্প্রীতি ঈমানের পথ থেকে বিচ্যুত করে দেবে। ৬. কুফরী শক্তি কখনো আল্লাহ ও মুমিনদের সঙ্গে তাদের শত্রুতা ছাড়বে না। ৭. কুফরী শক্তি সর্বদা মুমিনদেরকে হাতে মুখে কষ্ট দিতে চাইবে অথবা চাইবে মুমিনরা যেন তাদের মত কাফের হয়ে যায়। ৮. কুফরী শক্তির সঙ্গে রক্তের সম্পর্কের দোহাই দিয়েও ভালোবাসা ও সম্প্রীতির কোন সুযোগ নেই। ৯. মুসলমানদের আদি পিতা এ আদর্শ প্রতিষ্ঠিত করে এর পদ্ধতি দেখিয়ে দিয়ে গেছেন। ১০. ঈমান গ্রহণ না করলে কুফরী শক্তির সঙ্গে শত্রুতা, বিদ্বেষ চলতেই থাকবে। কুফরের সঙ্গে বন্ধুত্বের সম্ভাব্য কোন পদ্ধতি ও ক্ষেত্র নেই।

### ট. দ্বীনের মহিমাকে কুরবান করতে হবে, পানির গায়ে ফুল আঁকতে হবে

(...কাফেরদের মাধ্যমে ইসলামী আইন বাস্তবায়ন করা...)

যখন কোন কুফরী শক্তি ক্ষমতার মসনদ দখল করে নেয়। কুফরী মতবাদকে প্রতিষ্ঠিত করার শপথ করে। সে শপথের উপর বহাল থেকে যুগের পর যুগ তা বাস্তবায়ন করে যেতে থাকে। ইসলামের সকল আইনকে অকার্যকর করার জন্য সকল আয়োজন করে রাখে। ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্রের যে কোন পর্বে ইসলামের আইন প্রবেশের সকল ছিদ্র বন্ধ করে রাখে। ইসলামের আইনকে সামনে নিয়ে আসার জন্য যারা চেষ্টা প্রচেষ্টা করছে বলে সন্দেহ হয় তাদেরকে নির্মূল করার জন্য সকল শক্তি ব্যয় করে থাকে।

-এমন ক্ষমতাসীন কুফরী শক্তিকে ইসলামের দাওয়াত না দিয়ে, ঈমানের উপর আসতে না বলে, ঈমানের উপর আসার ক্ষেত্রে অস্বীকৃতির উপর তার বিরুদ্ধে অস্ত্রধারণ না করে তাকে ইসলামী আইন বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা এবং কুরআনের আইন বাস্তবায়নের উপকারিতা তাকে বুঝিয়ে ইসলামের আইন বাস্তবায়ন হবে এমন আশায় বসে থাকার কোন নমুনা অতীত ও বর্তমানের কোন আসমানী ধর্মে নেই।

অতীত ও বর্তমানের সকল আসমানী ধর্মে ক্ষমতাসীন কুফরী শক্তিকে দাওয়াত দেয়ার কয়েকটি নমুনা কুরআন ও হাদীস থেকে দেখুন-

﴿أَلَّا تَعْلُوا عَلَيَّ وَأْتُونِي مُسْلِمِينَ﴾ {سورة النمل: ٣١}

"তোমরা আমার অবাধ্যতা করো না এবং আনুগত্য স্বীকার করে তোমরা আমার কাছে এসে হাজির হও।" -সূরা নামল ৩১

**ফায়েদা:** ক্ষমতাসীন কুফরী শক্তির বিষয়ে করণীয় যথাক্রমে: ১. অবাধ্যতা করবে না বলে সরাসরি নিষেধাজ্ঞা জারি করা। ২. আত্মসমর্পণ করে চলে আসার আদেশ জারি করা। ৩. আত্মসমর্পণ করে আসতে না চাইলে জোর করে বেঁধে নিয়ে আসা।

﴿بسم الله الرحمن الرحيم من محمد عبد الله ورسوله إلى هرقل عظيم الروم، سلام على من اتبع الهدى، أما بعد! فإني أدعوك بدعاية الإسلام، أسلم تسلم يؤتك الله أجرك مرتين، فإن توليت فإن عليك إثم الأريسيين ..﴾ **{صحيح البخاري، كيف كان بدء الوحي إلى رسول الله صلى الله عليه وسلم وقول الله جل ذكره{إنا أوحينا إليك كما أوحينا إلى نوح والنبيين من بعده}**

"বিসমিল্লাহির রাহমানির রাহীম। আল্লাহর বান্দা ও তাঁর রাসূল মুহাম্মদের পক্ষ থেকে রোম সম্রাট হেরাক্লিয়াসের প্রতি। যে হেদায়াতের অনুসরণ করবে তার উপর শান্তি বর্ষিত হোক। অতঃপর আমি তোমাকে ইসলামের আহ্বানে আহ্বান করছি। তুমি ইসলাম গ্রহণ কর তাহলে নিরাপদ হয়ে যাবে। আল্লাহ তোমাকে দ্বিগুণ সাওয়াব দান করবেন। আর যদি গ্রহণ করতে অস্বীকৃতি জানাও তাহলে তোমার অনুগামী প্রজাদের বোঝাও তোমাকে বহন করতে হবে।" -সহীহ বুখারী।

**ফায়েদা:** হাদীসে উদ্ধৃত কয়েকটি স্পষ্ট বিষয় হচ্ছে যথাক্রমে: ১. শান্তির কামনা শুধুমাত্র হেদায়াতের অনুসারীর জন্য হবে। ২. ক্ষমতাসীন কুফরী শক্তিকে সরাসরি ইসলামের দাওয়াত দিতে হবে। ৩. ইসলাম গ্রহণ না করলে তার কি পরিণতি ভোগ করতে হবে তাও স্পষ্ট করে বলে দিতে হবে। ৪. ইসলাম গ্রহণ করলে নিরাপত্তার নিশ্চয়তা দেয়া যেতে পারে,

এছাড়া নিরাপত্তার কোন নিশ্চয়তা নেই। ৫. ক্ষমতাসীন কুফরী শক্তি দাওয়াত গ্রহণ করলে দ্বিগুণ সাওয়াব পাবে, না করলে বহু গুণ শাস্তি পাবে।

﴿أَلَمْ تَرَ إِلَى الَّذِي حَاجَّ إِبْرَاهِيمَ فِي رَبِّهِ أَنْ آتَاهُ اللَّهُ الْمُلْكَ إِذْ قَالَ إِبْرَاهِيمُ رَبِّيَ الَّذِي يُحْيِي وَيُمِيتُ قَالَ أَنَا أُحْيِي وَأُمِيتُ قَالَ إِبْرَاهِيمُ فَإِنَّ اللَّهَ يَأْتِي بِالشَّمْسِ مِنَ الْمَشْرِقِ فَأْتِ بِهَا مِنَ الْمَغْرِبِ فَبُهِتَ الَّذِي كَفَرَ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ﴾ {سورة البقرة: ٢٥٨}

"তুমি কি সেই ব্যক্তির অবস্থা চিন্তা করেছ, যাকে আল্লাহ রাজত্ব দান করার কারণে সে নিজ রবের (অস্তিত্ব) সম্পর্কে ইবরাহীমের সঙ্গে বিতর্কে লিপ্ত হয়? যখন ইবরাহীম বলল, আমার রব তিনিই, যিনি জীবনও দান করেন এবং মৃত্যুও! তখন সে বলতে লাগল, আমিও জীবন দেই এবং মৃত্যু ঘটাই! ইবরাহীম বলল, আচ্ছা! আল্লাহ তো সূর্যকে পূর্ব থেকে উদিত করেন, তুমি তা পশ্চিম থেকে উদিত কর তো! এ কথায় সে কাফির নিরুত্তর হয়ে গেল। আর আল্লাহ (এরূপ) জালিমদেরকে হিদায়াত করেন না।" -সূরা বাকারা ২৫৮

**ফায়েদা:** আয়াতে উল্লেখিত কয়েকটি বিষয় যথাক্রমে: ১. তাগুতী রাজত্বের অধিকারী হওয়া আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহের একটি কারণ। ২. ক্ষমতাসীন কুফরী শক্তির বিরুদ্ধে সত্যের চ্যালেঞ্জ হবে প্রকাশ্যে। ৩. ক্ষমতাসীন কুফরী শক্তির অজ্ঞতামূলক হঠকারিতা তার সামনেই ধরিয়ে দিতে হবে এবং মুখের উপর ছুড়ে মারতে হবে। ৫. ক্ষমতাসীনকে তার বোকামী বুঝতে দিতে হবে।

## জরুরী টীকা : ২১

“

-এই প্রোপাগাণ্ডা একেবারেই ভুল....

”

# জরুরী টীকা-২১

*-এই প্রোপাগাণ্ডা একেবারেই ভুল....*

এ প্রোপাগাণ্ডা দ্বারা উদ্দেশ্য হচ্ছে যা আমরা বিশ নম্বর টীকায় দেখে এসেছি যে, **পাকিস্তানে ইসলামী আইন বাস্তবায়নের জন্য অস্ত্র হাতে নেয়া ছাড়া কোন উপায় নেই**। শায়খে মুহতারাম এ প্রোপাগাণ্ডাকে শতভাগ ভুল বলছেন। এ ভুলের কিছু কারণ শায়খে মুহতারামের আলোচ্য বক্তব্যেও এসেছে। এছাড়া আরো অন্যান্য বক্তব্য ও লিখনীতেও কিছু কারণের আভাস পাওয়া যায়। সব মিলিয়ে এ প্রোপাগাণ্ডা ভুল হওয়ার দলিল হিসাবে যে কারণগুলো কাজে আসতে পারে তা মোটামুটি এই-

**ভুলের কারণগুলোর তালিকা**

ক). পাকিস্তানের মানবরচিত গণতান্ত্রিক সংবিধানে মুসলমানদের স্বার্থবিরোধী আইনের বিরুদ্ধে আপিল করার সুযোগ রাখা হয়েছে এবং গণতান্ত্রিক আইনের পক্ষ থেকে সে আপিলের উপর বিবেচনা করার আশ্বাস দেয়া হয়েছে। অতএব পাকিস্তান আইনের বিরুদ্ধে অস্ত্রধারণের সিদ্ধান্ত একেবারেই ভুল।

খ). পাকিস্তানের ধর্মনিরপেক্ষ ধর্মের অনুসারী মালিকপক্ষ সকল ধর্মের সঙ্গে মুসলমানদেরকেও ইসলাম ধর্ম পালনের স্বাধীনতা দিয়েছে। অতএব পাকিস্তান আইনের বিরুদ্ধে অস্ত্রধারণের সিদ্ধান্ত একেবারেই ভুল।

গ). মানব রচিত গণতান্ত্রিক আইন বাস্তাবায়নের উপর শপথ করলেও প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী তাদের শপথ বাক্যে নিজেদেরকে মুসলমান

বলে দাবি করেছে। অতএব পাকিস্তান সরকারের বিরুদ্ধে অস্ত্রধারণের সিদ্ধান্ত একেবারেই ভুল।

ঘ). পাকিস্তানের গণতান্ত্রিক আইন প্রণেতা, আইন বাস্তবায়ক, আইনের প্রহরী অমুসলিম হলেও তাদের শপথ বাক্যের শুরুতে বিসমিল্লাহ'র উল্লেখ রয়েছে। অতএব পাকিস্তান আইনের বিরুদ্ধে অস্ত্রধারণের সিদ্ধান্ত একেবারেই ভুল।

ঙ). পাকিস্তানের গণতান্ত্রিক আইন প্রণেতা, আইনের বাস্তবায়ক ও আইনের প্রহরী অমুসলিম হলেও তাদের শপথনামার শেষে এ কথাটি রয়েছে اللہ تعالی میری مدد اور رہنمائی فرمائے (آمین) 'আল্লাহ তাআলা আমাকে সাহায্য ও পথ প্রদর্শন করুন। আমীন'। অতএব পাকিস্তান আইনের বিরুদ্ধে অস্ত্রধারণের সিদ্ধান্ত একেবারেই ভুল।

চ). পাকিস্তিানের গণতান্ত্রিক আইন প্রণেতা, আইনের বাস্তবায়ক ও আইনের প্রহরী অমুসলিম হলেও তাদের শপথনামার মাঝে এ কথাটি রয়েছে کہ میں اسلامی نظریہ کو برقرار رکھنے کے لئے کوشاں رہوں گا جو قیام پاکستان کی بنیاد ہے 'আমি ইসলামী চিন্তা চেতনাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি'। অতএব পাকিস্তান আইনের বিরুদ্ধে অস্ত্রধারণের সিদ্ধান্ত একেবারেই ভুল।

ছ). পাকিস্তানের ইসলামী আইনের জন্য অস্ত্র ধারণের পদ্ধতি গ্রহণ করলে সে অস্ত্র ধারণ করতে হবে মুসলমানদের বিরুদ্ধে। আর মুসলমানদের বিরুদ্ধে অস্ত্রধারণ মানেই হচ্ছে নিজের জন্য চিরস্থায়ী বা দীর্ঘস্থায়ী জাহান্নামকে ওয়াজিব করা। আয়াতে এসেছে

﴿وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ خَالِدًا فِيهَا وَغَضِبَ اللَّهُ عَلَيْهِ وَلَعَنَهُ وَأَعَدَّ لَهُ عَذَابًا عَظِيمًا﴾ {سورة النساء: ٩٣}

"যে ব্যক্তি কোনও মুসলিমকে জেনে শুনে হত্যা করবে, তার শাস্তি জাহান্নাম, যাতে সে সর্বদা থাকবে এবং আল্লাহ তার প্রতি গযব নাযিল করবেন ও তাকে লা'নত করবেন। আর আল্লাহ তার জন্য মহা শাস্তি প্রস্তুত করে রেখেছেন।" -সূরা নিসা ৯৩

অতএব পাকিস্তান সরকারের বিরুদ্ধে অস্ত্র ধারণ করার সিদ্ধান্ত একেবারেই ভুল।

জ). পাকিস্তান সরকার ইসলামী আইন বাস্তবায়নের পক্ষে অনেক কাজ করেছে। সরকার যখন শরয়ী আইন বাস্তবায়নের পথে এগিয়ে চলেছে তখন সরকারের বিরুদ্ধে অস্ত্র ধারণের সিদ্ধান্ত নেয়ার মানে হচ্ছে ইসলামী আইন বাস্তবায়নের পথে বাধা সৃষ্টি করা। অতএব ইসলামী আইন বাস্তবায়নের জন্য পাকিস্তান সরকারের বিরুদ্ধে অস্ত্র হাতে নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা একবারেই ভুল।

## ভুলগুলোর বিশ্লেষণ

শায়খে মুহতারাম প্রোপাগাণ্ডাকারীদের প্রোপাগাণ্ডাকে যেসব কারণে ভুল বলেছেন সে কারণগুলোর উপর ইতিমধ্যে বিভিন্ন প্রসঙ্গে পর্যালোচনা এসে গেছে। এরপরও কারণগুলোর উপর খুব সংক্ষেপে দু'চারটি কথা বলে যাওয়া মুনাসিব হবে বলে মনে করছি। এ ক্ষেত্রে ধারা পরম্পরা রক্ষা করার চেষ্টা করা হবে, ইনশা-আল্লাহ।

**ক).** প্রথম কারণ সম্পর্কে আমাদের কথা হচ্ছে; **এক.** গণতান্ত্রিক সংবিধানে আপিল করার সুযোগ থাকলে আপিলের সিদ্ধান্ত ও রায় গণতান্ত্রিক সংবিধান অনুযায়ীই হবে। শরীয়তের আলোকে হবে না। তাই অস্ত্রধারণের সিদ্ধান্তকে একেবারে ভুল বলার আগে আরেকটু ভাবতে হবে। **দুই.** গণতান্ত্রিক আইন শরীয়তের অনুসারীদেরকে আশ্বাস দেয়ার কোন অধিকার রাখে না। শরীয়তে মুহাম্মদীর অনুসারী মুসলমান গণতান্ত্রিক আশ্বাসের প্রত্যাশা করার কোন বৈধতা নেই। এ প্রত্যাশার সম্ভাব্য কোন পদ্ধতি নেই। অতএব অস্ত্রধারণের সিদ্ধান্তকে একেবারেই ভুল বলার আগে আরো ভাবতে হবে।

**খ).** দ্বিতীয় কারণ সম্পর্কে বলা যায়; **এক.** যে সরকার ও যে দেশ ইসলাম ধর্মের সাথে সাথে অন্যান্য ধর্মকেও স্বাধীনতা প্রদান করে, রাষ্ট্র পরিচালনায় অমুসলিমদেরকে শরিক করে, সর্বোপরি সকল ধর্মকে সমান মূল্যায়ন করে সে সরকার ও দেশের বিরুদ্ধে মুসলমানরা অস্ত্র ধারণ করা একেবারে ভুল হওয়ার কথা নয়। **দুই.** যে সরকারের ফরয দায়িত্ব হচ্ছে দেশে শতভাগ ইসলামী আইন প্রতিষ্ঠিত করা সে সরকার যদি মুসলমানদেরকে ইসলাম ধর্ম পালনের স্বাধীনতা দেয় তাহলে এ দাতার বিরুদ্ধে মুসলমানরা অস্ত্রধারণ করা একেবারে ভুল হওয়ার কথা নয়।

**গ).** তৃতীয় কারণ সম্পর্কে বলা যায়, গণতান্ত্রিক আইন বাস্তবায়ন করার শপথ করলে একজন মুসলমান মুরতাদ হয়ে যায়। আল্লাহর আইনের বিপরীত আইন বাস্তবায়নের উপর শপথ করে যে রাষ্ট্রপক্ষ মুরতাদ হয়ে গেছে সে রাষ্ট্রপক্ষের বিরুদ্ধে মুসলমানরা অস্ত্রধারণ করা ভুল হওয়ার কথা নয়।

**ঘ).** চতুর্থ কারণ সম্পর্কে বলা যায়; **এক.** একটি কুফরী আইনের শুরুতে বিসমিল্লাহ'র উল্লেখ কুফরের অপরাধকে আরো বাড়িয়ে দেয়, কুফরের মাত্রা কমায় না। **দুই.** আর যে দেশে আইন প্রণেতা, আইন বাস্তবায়ক, আইনের প্রহরী জন্মসূত্রে কাফের হয়েও বিসমিল্লাহ'র উল্লেখসহ শপথ করতে পারে তখন একজন মুরতাদ ও নতুন কাফের বিসমিল্লাহ দিয়ে তার শপথ শুরু করতে সমস্যা কী? আর যে সরকার মুসলমানদের বিসমিল্লাহকে মুসলিম অমুসলিম সবার সম্পদ বানিয়ে দিয়েছে তার বিরুদ্ধে মুসলমানদের অস্ত্রধারণ কেন ভুল হবে?

**ঙ).** পঞ্চম কারণ সম্পর্কে বলা যায়; **এক.** যে দোয়া মুসলিম অমুসলিম সবাই করতে পারে সে দোয়া দিয়ে কোন ব্যক্তি মুসলমান প্রমাণিত হওয়া সম্ভব নয়। সে দোয়া দিয়ে কোন সংবিধান ইসলামী সংবিধান হিসাবে প্রমাণিত হওয়া সম্ভব নয়। সে দোয়া দিয়ে একটি সরকার ইসলামী সরকার প্রমাণিত হওয়া সম্ভব নয়। সুতরাং এমন সরকারের বিরুদ্ধে মুসলমানদের অস্ত্রধারণ কেন ভুল হবে? **দুই.** আর যদি প্রত্যেক ধর্মের অনুসারীদের জন্য আলাদা আলাদা শপথনামার ব্যবস্থা থেকে থাকে তাহলে শপথনামার সে বাক্যগুলো সামনে আসা দরকার। যাতে সাধারণ মানুষ ধোঁকায় না পড়ে যায়। **তিন.** আর যাদি এসব বাক্য অর্থহীন হয়ে থাকে তাহলে এ দাবি করতে কোন সমস্যা নেই যে, এসব বাক্য শুধুমাত্র মুসলমানদেরকে ধোঁকা দেয়ার জন্য সংযোজন করা হয়েছে। অতএব এমন সরকারের বিরুদ্ধে মুসলমানদের অস্ত্রধারণ কেন ভুল হবে?

**চ).** ষষ্ঠ কারণ সম্পর্কে বলা যায়, ইসলামী 'নযরিয়া'র দু'টি ভাগ রয়েছে। একটি হচ্ছে ঈমান এবং ঈমানের সকল শাখা প্রশাখা। আরেকটি ভাগ হচ্ছে ইসলামী শরীয়াহ তথা ইসলামী আইন কানূন। পাকিস্তান তার জন্ম থেকে আজো পর্যন্ত ইসলামী শরীয়া তথা ইসলামী আইন প্রতিষ্ঠা করেনি। বরং ইসলামী আইন প্রতিষ্ঠাকে রোধ করার জন্য সকল প্রচেষ্টাই করেছে।

আর ঈমান ও ঈমানের শাখা প্রশাখা সম্পর্কে পাকিস্তান সংবিধানে শতভাগ এখতিয়ার দেয়া আছে। যে কোন ব্যক্তি যে কোন আকীদা বিশ্বাস পোষণ করে পূর্ণ অধিকারের সাথে পাকিস্তানে বসবাস করতে পারবে। শুধু এতটুকুই নয়; বরং কুফর শিরকের আকীদাসহ যে কোন আকীদা পোষণকারী দেশ পরিচালনায় অংশগ্রহণ করা, আইন প্রণয়ন করা এবং আইনের প্রহরী হিসাবে কাজ করার পূর্ণ অধিকার রাখে। পাকিস্তান সংবিধানে এ অধিকার দেয়া আছে।

এমতাবস্থায় ইসলামী নযরিয়া'র তৃতীয় এমন কোন্ ক্ষেত্র রয়েছে যা বহাল রাখার জন্য সাংবিধানিকভাবে শপথ নেয়া হয়? আর যদি ইসলামী নযরিয়ার তৃতীয় আর কোন ক্ষেত্র না থেকে থাকে তাহলে এ ধোঁকাবাজ সংবিধান ও সংবিধানের মালিকপক্ষের বিরুদ্ধে মুসলমানরা অস্ত্রধারণ করলে কেন তা ভুল হবে?

**ছ).** সপ্তম কারণ সম্পর্কে বলার বিষয় হচ্ছে, ইসলামী আইন প্রতিষ্ঠা এবং শরীয়াহ প্রতিষ্ঠার ক্ষেত্রে যারা বাধা দেয় তাদের বিরুদ্ধে অস্ত্রধারণ করলে এবং তাদেরকে হত্যা করলে মুসলমানদের জন্য চিরস্থায়ী জান্নাত ওয়াজিব না হয়ে চিরস্থায়ী জাহান্নাম ওয়াজিব হবে কেন? পাকিস্তানের সংবিধান এবং সংবিধানের মালিক পক্ষ সত্তর/পঁচাত্তর বছর যাবত শরীয়া বাস্তবায়ন করেনি এবং শরীয়া বাস্তবায়নের পথে বরাবর বাধা দিয়েই চলেছে। এ সত্য অস্বীকার করার কোন সুযোগ নেই। আর আল্লাহ তাআলা কুরআনে কারীমে ঘোষণা করছেন-

﴿إِنَّ الَّذِينَ كَفَرُوا يُنفِقُونَ أَمْوَالَهُمْ لِيَصُدُّوا عَن سَبِيلِ اللَّهِ فَسَيُنفِقُونَهَا ثُمَّ تَكُونُ عَلَيْهِمْ حَسْرَةً ثُمَّ يُغْلَبُونَ وَالَّذِينَ كَفَرُوا إِلَىٰ جَهَنَّمَ يُحْشَرُونَ﴾

{سورة الأنفال: ٣٦}

"যারা কুফর অবলম্বন করেছে তারা আল্লাহর পথে (মানুষকে) বাঁধা দেওয়ার জন্য নিজেদের অর্থ-সম্পদ ব্যয় করে। এর পরিণাম হবে এই যে, তারা অর্থ-সম্পদ ব্যয় করতে থাকবে। অতঃপর তা তাদের আফসোসের কারণ হয়ে যাবে এবং শেষ পর্যন্ত তারা পরাভূত হবে। আর যারা কুফরী করে তাদেরকে (আখিরাতে) জাহান্নামে একত্র করা হবে।" -সূরা আনফাল ৩৬

অতএব আমরা দাবি করতে পারি যে, কোন দেশের এমন মালিক পক্ষের বিরুদ্ধে অস্ত্রধারণ করা একেবারে ভুল হওয়ার কথা নয়।

**জ).** অষ্টম কারণ সম্পর্কে আমাদের বক্তব্য হচ্ছে, যে সরকার সত্তর/পঁচাত্তর বছর যাবত তার দেশে ইসলামী শরীয়াহ বাস্তবায়ন করতে পারেনি, এমনকি শরীয়া বাস্তবায়নের ঘোষণাটুকুও দিতে পারেনি সে সরকারের বিরুদ্ধে মুসলমানরা অস্ত্রধারণ করা একেবারে ভুল হওয়ার কথা নয়। বরং পাকিস্তানের ইতিহাস বলে, একটি ইসলামী ভূখণ্ডের স্বপ্নদ্রষ্টা উম্মতের রাহবার ওলামায়ে কেরাম তাঁদের জীবনের শেষ নিশ্বাস পর্যন্ত পাকিস্তানে ইসলামী শরীয়া বাস্তবায়নের জন্য হা-হুতাশ করে গেছেন, আর দেশের মালিক পক্ষ তা বরাবর প্রত্যাখ্যান করে গেছে। তাই শরীয়া বাস্তবায়নের পথে তারা কখনো অগ্রসর হয়েছে বা হচ্ছে এমন দাবি করার কোন সুযোগ নেই। সুতরাং এমন সরকারের বিরুদ্ধে অস্ত্রধারণের সিদ্ধান্ত কেন ভুল হবে?

এ পর্যায়ে এসে আমাদের জানার বিষয় হচ্ছে, যেসব কারণে শরয়ী আইন বাস্তবায়নের জন্য অস্ত্রধারণের সিদ্ধান্তকে ভুল বলা হয়েছে সেসব কারণ যদি সঠিক হয়ে থাকে তাহলে এমন একটি দেশে আল্লাহর আইন বাস্তবায়নের কার্যকারী উপায়গুলো কী?

## বাকি উপায়গুলোর বিশ্লেষণ

শরীয়া বাস্তবায়ন যখন মুসলমানদের উপর অবধারিত একটি ফরয দায়িত্ব। আর ইসলামের ইতিহাস বলে এ ফরয দায়িত্ব কখনো অস্ত্রধারণ ছাড়া আদায় হয়নি। এখন বলা হচ্ছে অস্ত্রধারণের এ সিদ্ধান্ত একেবারেই ভুল। তাহলে এ প্রশ্ন একেবারেই স্বাভাবিক যে, শরীয়াহ বাস্তবায়নের জন্য অস্ত্রধারণের পদ্ধতি ব্যতীত বাকি পদ্ধতিগুলো কী?

শায়খে মুহতারামের বিভিন্ন আলোচনা ও বক্তব্যে সে উপায়গুলোর কিছু কিছু উঠে এসেছে। শায়খে মুহতারামের আলোচনাকে পুঁজি করে এবং তাঁর বাতলানো পদ্ধতিগুলোকে সামনে রেখে আরো বহুজন বহু পদ্ধতির কথা বলেছেন। শরীয়াহ বাস্তবায়নের জন্য অস্ত্রবিহীন জিহাদের সে পদ্ধতিগুলো নিয়ে সামান্য আলোচনা হওয়া দরকার। কোন রকমের বিন্যাস ছাড়াই সংক্ষিপ্ত পর্যালোচনাসহ সে কারণগুলো তুলে ধরছি।

### এক. আদালতের শরণাপন্ন হওয়া

ইসলামী হুকুমত ও শরীয়া বাস্তবায়নের জন্য মুসলমানরা আদালতে যাবে। ইসলামী হুকুমতের জন্য আদালতের কাছে আবেদন করবে। আদালত যেন ইসলামী হুকুমত করার অনুমতি দেয় বা আদেশ করে। মুসলমানরা এ মামলা দায়ের করবে গণতন্ত্রের প্রতিষ্ঠাতাদের বিরুদ্ধে, মানবরচিত আইন প্রণয়নকারীদের বিরুদ্ধে, দেশের মালিক পক্ষের বিরুদ্ধে। এ মামলা দায়ের করবে গণতন্ত্র প্রয়োগকারীর আদালতে, মানবরচিত আইন বাস্তবায়নকারীর দরবারে।

মানবরচিত আইনের আদালত যা সিদ্ধান্ত দেবে তার বিপরীত কোন কিছু করা যাবে না। মানব রচিত আদালত যেভাবে যা করতে বলবে তাই সেভাবে করতে হবে। এর বিপরীত কিছু করতে গেলেই আইন হাতে তুলে নেয়া হয়ে যাবে। **আইন হাতে তুলে নেয়া যাবে না। আল্লাহর আইন মানুষ হাতে তুলে নিয়েছে তাতে কোন অপরাধ হয়নি। মানুষের আইন মানুষ হাতে তুলে নিলে অপরাধ হয়ে যাবে। শুধু তাই নয়, মানুষের আইন আল্লাহর আইনের হাতে তুলে দিলেও অপরাধ হয়ে যাবে।**

আর সে মানবরচিত আইন আদালতের শরণাপন্ন হয়ে ইসলামী আইন ও শরীয়াহ প্রতিষ্ঠার পরামর্শ দেয়া হচ্ছে। আসমানী ধর্মের ইতিহাসে এর কোন নযীর নেই। ইসলামের ইতিহাসে তো এর প্রশ্নই আসে না। কারণ ইসলামী আইন ও শরীয়াহ প্রতিষ্ঠিত হবে শরীয়াহ আইনে, মানব রচিত আইনে নয়। শরীয়াহ আইন যে আদালতের চালিকা শক্তি নয় সে আদালত শরীয়াহ সম্পর্কে কোন সিদ্ধান্ত দেয়ার অধিকার রাখে না। মুসলমানরা সে আদালতের শরণাপন্ন হওয়ার কোন বৈধতা নেই।

### দুই. রাজপথে আন্দোলন করা

মুসলমান রাস্তায় রাস্তায় হেঁটে হেঁটে তাদের আবেদনগুলো ও প্রার্থনাগুলো বলে যেতে থাকবে উচ্চ স্বরে, নিম্ন স্বরে ও নিঃশব্দে। তৃতীয় কোন পক্ষের মাধ্যমে দেশের ও মানবরচিত আইনের মালিক পক্ষ জানতে পারবে মুসলমানরা ইসলামী আইনের জন্য আন্দোলন করছে। মালিক পক্ষ তাদের সংবিধানের মূলনীতি গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্র ও জাতীয়তাবাদের সকল রীতিনীতিকে বহাল রেখে দাবির যতটুকু যেভাবে রক্ষা করা সম্ভব ততটুকু সেভাবে রক্ষা করার চেষ্টা করবে।

কুরআন ও সুন্নাহ তথা শরীয়ার দাবি অনুযায়ী দাবি রক্ষা না করলে মুসলমানদের কিছুই করার থাকবে না। সর্বোচ্চ এক দিনের জায়গায় দশ দিন মিছিল করা যাবে। এক লক্ষের জমায়েতের জায়গায় এক কোটির জমায়েত করা যাবে। একই দাবির কথা সকালে একবার বিকালে একবার বারের পর বার উচ্চারণ করতে থাকতে পারবে। এভাবে শুধু উচ্চারণ করতেই থাকবে।

চিরাচরিত এ বাক্যগুলো আওড়াতে থাকতে পারবে: 'এ্যাকশান এ্যাকশান ডাইরেক্ট এ্যাকশান', 'বদর যুদ্ধের হাতিয়ার গর্জে উঠুক আরেকবার', 'রক্তের বন্যায় ভেসে যাবে অন্যায়', 'প্রধানমন্ত্রীর গালে গালে জুতা মারো তালে তালে', 'শায়খুল হাদীসের বাংলায় নাস্তিকের ঠাঁই নাই', 'আমরা সবাই রাসূল সেনা ভয় করি না বুলেট বোমা', 'বিশ্বের মুসলিম এক হও লড়াই কর', 'হৈ হৈ রৈ রৈ হাসিনা/খালেদা গেল কই' এ সব বলা যাবে। আর কিছু করা যাবে না।

এ কথাগুলো বলার পর তা মানতে বাধ্য করার কোন ব্যবস্থা মুসলমানদের কাছে নেই। বাধ্য করার ব্যবস্থা করতে গেলেই আইন হাতে তুলে নেয়া হয়ে যাবে। অস্ত্র হাতে নেয়ার অপরাধ করে ফেলতে হবে। আর তা সম্ভব নয়। কারণ এ কথাগুলো যারা বলবে তারা অস্ত্র হাতে নেয়া অবৈধ, যাদের বিরুদ্ধে বলবে তাদের হাতে অস্ত্র থাকা জরুরী।

**এভাবে 'ইসলামী আন্দোলন' করা যাবে, কিন্তু 'ইসলামী শাসন' করা যাবে না। কারণ 'ইসলামী শাসনতন্ত্র' আর 'গণপ্রজাতন্ত্র ও গণতন্ত্র' সম্পূর্ণ বিপরীতমুখী বিষয়। একটির অধিকারভুক্ত এলাকায় আরেকটি করা যাবে না। একটি হচ্ছে মানবরচিত তন্ত্র, আরেকটি হচ্ছে আল্লাহ প্রদত্ত তন্ত্র। মানবরচিত তন্ত্রের অধিকারভুক্ত এলাকায় আল্লাহর তন্ত্র বাস্তবায়নের আন্দোলন ও আবদার-আবেদন কার্যকারী হতে পারে না। গণতন্ত্রের দেশে আন্দোলন, লড়াই, সংগ্রাম এসবই হচ্ছে আবদার ও আবেদনের সমার্থবোধক।**

আর যদি আন্দোলন, লড়াই ও সংগ্রাম ইত্যাদি আবদার ও আবেদনের সমার্থবোধক না হয় তাহলে তা চলে যাবে অস্ত্রধারণের দিকে যা শায়খে মুহতারামের দৃষ্টিতে একেবারেই ভুল। আর বলাবাহুল্য, অস্ত্রধারণ না করে মানবরচিত আইনের প্রতিষ্ঠাতাদের কাছে আবেদন নিবেদন করে ইসলামী হুকুমত ও শরীয়াহ প্রতিষ্ঠার কোন পদ্ধতি শরীয়তের কোন কিতাবে নেই।

## তিন. সরকারের কাছে আবেদন করা, স্মারকলিপি দেয়া

ইসলামী হুকুমত প্রতিষ্ঠা এবং শরীয়াহ বাস্তবায়নের আরেকটি পদ্ধতি হচ্ছে, আন্দোলন ও সংগ্রামে না গিয়ে মানব রচিত আইনের প্রতিষ্ঠাতা ও মালিক পক্ষের বরাবরে আবেদন ও স্মারকলিপি পাঠাতে থাকা। বিধানদাতাদের যার সঙ্গে মুসলমানদের যার ভালো সম্পর্ক সে তাকে ফোনে আবেদন নিবেদন করতে থাকা। বিধানদাতাদের দরবারে অসংখ্য পরিমাণ টেলিগ্রাম বার্তা পাঠাতে থাকা। পত্রিকার বিজ্ঞাপন এরিয়ায় আকুল আবেদন লিখে বিধানদাতাদের দৃষ্টিগোচর ও কর্ণগোচর করার আপ্রাণ চেষ্টা করা।

এ পদ্ধতিগুলো হচ্ছে আবেদন নিবেদনের সহীহ ও কপটতামুক্ত তরিকা। আন্দোলন সংগ্রাম হচ্ছে আবেদনের কপট পদ্ধতি এবং জিহাদ ও অস্ত্রধারণ পদ্ধতির বিকৃত রূপ।

যাই হোক, গণতান্ত্রিক বিধানদাতাদের দরবারে আবেদন নিবেদন করার ক্ষেত্রে এবং স্মারকলিপি পেশ করার ক্ষেত্রে বিধানদাতাদের প্রতি শতভাগ শ্রদ্ধা প্রদর্শন করেই করতে হয়। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার গায়ে সামান্য রকমের আঁচড় না লাগে মতই আবেদন নিবেদন করতে হয়। ইসলামীতন্ত্র প্রতিষ্ঠার আবেদন পত্রে ধর্মনিরপেক্ষতা ও গণতন্ত্রের সকল শিরক কুফরের নীতিমালাকে কুর্নিশ করতে হয়। বিধানদাতাদের দৃষ্টি আকর্ষণ করার জন্য যত ধরনের কৌশল গ্রহণ করার দরকার সবই করতে হয়। যত ধরনের মেকাপ করা দরকার সবই করতে হয়। প্রয়োজনে একজন মুসলমান নিজেকে একজন খাঁটি গণতান্ত্রিক ও খাঁটি ধর্মনিরপেক্ষ হিসাবে প্রমাণ করতে হয়। অবশেষে ইসলামী তন্ত্রের বাস্তবায়নের জন্য নিজেকে কুফরী তন্ত্রের ধারক বাহক হিসাবে প্রতিষ্ঠিত করতে হয়। এমনকি ইসলাম প্রতিষ্ঠার আন্দোলনকারীরা এ কথার স্বীকৃতি দিতে হয় যে, আমাদের এ আন্দোলন কোন ধর্মভিত্তিক আন্দোলন নয়।

বলাবাহুল্য, শরীয়তের কোন কিতাবে এর কোন অস্তিত্ব নেই।

## চার. ক্ষমতাসীনদের পেছনে দাওয়াতের মেহনত করা

ইসলামী হুকুমত প্রতিষ্ঠার আরেকটি আলোচিত পদ্ধতি হচ্ছে ক্ষমতাসীনদের পেছনে দাওয়াতের মেহনত করা। অর্থাৎ মুসলমানরা মানবরচিত আইনের মালিক পক্ষ বিধানদাতাদেরকে এ বিষয়ের প্রতি

উদ্বুদ্ধ করা যে, আপনারা ইসলামী আইনকে আইন হিসাবে গ্রহণ করুন এবং ইসলামী শরীয়াকে বাস্তবায়ন করুন। এসব বিধানদাতাদেরকে ইসলাম গ্রহণ করার দাওয়াত দেয়ার আগেই ইসলামী আইন বাস্তবায়নের দাওয়াত দিতে হবে। বরং অনেক ক্ষেত্রে মনে করা হয় এসব বিধানদাতাকে ইসলাম গ্রহণের দাওয়াত দেয়াই যাবে না। কারণ এতে হিতে বিপরীত হতে পারে।

এসব বিধানদাতাদেরকে ইসলামী আইন বাস্তবায়নের জন্য দাওয়াত দেয়ার ক্ষেত্রে যিনি দাওয়াত দেবেন তিনি কয়েকটি বিষয়ে খুব সতর্ক থাকতে হবে। **এক.** তিনি যে ধর্মনিরপেক্ষতাকে কুফর মনে করেন তা প্রকাশ পেতে পারবে না। **দুই.** তিনি যে গণতন্ত্রকে কুফর মনে করেন তা প্রকাশ পেতে পারবে না। **তিন.** তিনি যে একমাত্র ইসলাম ধর্মকেই ধর্ম মনে করেন তা প্রকাশ পেতে পারবে না। **চার.** মানুষ যে মানুষের দেয়া বিধান অনুযায়ী চলা বৈধ নয়; বরং মানুষ একমাত্র আল্লাহর বিধন অনুযায়ীই চলতে হবে -এ বিশ্বাস প্রকাশ পেতে পারবে না। **পাঁচ.** তিনি যে ইসলাম ব্যতীত অন্যান্য ধর্মকে ঘৃণা করেন তা প্রকাশ পেতে পারবে না। **ছয়.** তিনি যে ধর্মের জন্য প্রয়োজনে অস্ত্রধারণকে পছন্দ করেন তা প্রকাশ পেতে পারবে না। **সাত.** শুধুমাত্র ঈমানদার মুসলমান চির সুখের জান্নাতে যাবে, এ ছাড়া সকল ধর্মের অনুসারী চির কষ্টের জাহান্নামে যাবে -এ বিশ্বাস প্রকাশ পেতে পারবে না। ইত্যাদি ইত্যাদি।

এ বিষয়ে আরেকটি তথ্য হচ্ছে, এ দাওয়াতের কোন মেয়াদ নেই। দাওয়াতদানকারী দাওয়াত দিতেই থাকবে। বিধানদাতাদের কুফরী, কুফরী আইন প্রণয়ন, কুফর প্রতিষ্ঠা ও কুফরের প্রয়োগ আপন গতিতে চলতে থাকবে, আর মুসলমান মানব রচিত আইনের বিধানদাতাদেরকে ইসলামী আইন প্রয়োগের জন্য দাওয়াত দিতেই থাকবে। উভয়ের সঙ্গে উভয়ের কখনো কোন সংঘর্ষ হবে না। সংঘর্ষ হলেই তা চলে যাবে অস্ত্রধারণের দিকে যা শায়খে মুহতারামের দৃষ্টিতে একেবারেই ভুল।

উল্লেখ্য, সীরাতে ও ইসলামের ইতিহাসে এর কোন উদাহরণ নেই। শরীয়তের কোন কিতাবে এর কোন বৈধতা নেই।

### পাঁচ. সরকারী জামাতে শরিক হয়ে লোকমা দেয়া

ইসলামী হুকুমত প্রতিষ্ঠা এবং শরীয়াহ প্রয়োগের জন্য কেউ কেউ পদ্ধতি দিয়েছেন, মানবরচিত আইনের বিধানদাতাদের দলে শরিক

হয়ে যাওয়া। যৌক্তিকতা হিসাবে বলা হচ্ছে, নামাযের জামাতের বাইরে থেকে লোকমা দিলে লোকমা সহীহ হয় না এবং নামাযও সহীহ হয় না। গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও ধর্মদ্রোহিতার পতাকাবাহীদেরকে সঠিক পথে আনতে হলে তাদের জামাতে শরিক হতে হবে। তাদের ইমামের পেছনে ইক্তিদা করতে হবে। ইমামুল কুফরের পেছনে ইক্তিদা করে পরে লোকমা দিয়ে দিয়ে ইমামকে সঠিক পথে পরিচালনা করতে হবে। আর এভাবে এক দিন দেশে ইসলামী হুকুমত ও শরয়ী আইন প্রতিষ্ঠিত হয়ে যাবে।

এ পদ্ধতিতে একজন মুসলমান কতকাল কুফরের দলভুক্ত হয়ে ইমামুল কুফরের ইক্তিদা করতে থাকবে? এ প্রশ্নের উত্তর হচ্ছে, অনন্তকাল। কারণ ইমামুল কুফর লোকমা গ্রহণ না করলে জোরপূর্বক তাকে তা গ্রহণ করানো যাবে না। জোরপূর্বক গ্রহণ করাতে গেলে সংঘর্ষ হবে, অস্ত্রধারণ করতে হবে। অস্ত্রধারণ করতে গেলে তা একেবারেই ভুল হয়ে যাবে।

আর কাফের ইমামের মুসলমান মুক্তাদী লোকমা দিতে গিয়ে সেসব ভুলেরই লোকমা দেবেন যেগুলোতে ইমাম বিগড়ে যাবে না। যেসব ভুল ধরতে গেলে কাফের ইমাম বিগড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে সেসব ভুল ধরা থেকে মুসলমান মুক্তাদী শতভাগ বেঁচে থাকতে হবে।

পৃথিবীর ইতিহাসে সকল কাফেরের সম্মিলিত কুফর হচ্ছে আল্লাহর বিধান অনুযায়ী না চলে এবং না চালিয়ে নিজেদের বিধান অনুযায়ী চলা ও চালানো। আল্লাহর বিধানকে বিচারক না বানিয়ে মানবরচিত বিধানকে বিচারক বানানো। আর সর্ব কালের সকল নবীর সম্মিলিত দাওয়াত ছিল মানুষদেরকে মানবরচিত বিধান থেকে বের করে এনে আল্লাহর বিধানের অনুসারী বানানো। অর্থাৎ মানবরচিত বিধানকে প্রকাশ্যে সুস্পষ্ট ভাষায় প্রত্যাখ্যান করা। এখন কর্ণধারগণ বলছেন, ইসলামী আইন প্রতিষ্ঠা ও আল্লাহর বিধান প্রয়োগের জন্য কার্যকারী পদ্ধতি হচ্ছে, মানবরচিত আইনের বিধানদাতাদের ইক্তিদা করতে হবে। আর এ ইক্তিদা করে যেতে হবে অনন্তকাল পর্যন্ত।

উল্লেখ্য, আল্লাহর বিধান বাস্তবায়নের ইতিহাসে এর কোন উদাহরণ নেই। দ্বীন ও শরীয়তের কিতাবাদিতে এর কোন বৈধতা নেই।

### ছয়. ছদ্ম পরিচয়ে ক্ষমতা দখল করে ফেলা

ইসলামী হুকুমত ও শরীয়াহ বাস্তবায়নের আরেকটি পদ্ধতির অনুশীলন চলছে খুবই সন্তর্পণে। গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্র ও জাতীয়তাবাদের ধারকবাহকদের ফাঁকি দিয়ে। এ পদ্ধতির অনুশীলন করে চলেছে প্রচলিত ধারার ইসলামী রাজনৈতিক দলগুলো। পৃথিবীর প্রায় দেশেই এ পদ্ধতির অনুশীলন চলছে। তবে বাংলাদেশে এর ছড়াছড়ি একটু বেশি।

এ পদ্ধতির ধারক বাহকদের থিওরি হচ্ছে, তারা কুফরী শক্তির সঙ্গে কুফর কুফর খেলবে। মানবরচিত সংবিধানের বিধানদাতারা জানবে তারা এ সংবিধানকে শ্রদ্ধার সাথে অনুসরণ করে। গণতান্ত্রিকরা জানবে তারা গণতন্ত্রের খাঁটি মুরিদ। ধর্মনিরপেক্ষ ধর্মের বাস্তবায়করা জানবে তারা মুখলিস ধর্মনিরপেক্ষ। জাতীয়তাবাদের হর্তাকর্তারা জানবে তারা জাতীয়তাবাদ ও সাম্প্রদায়িকতা প্রতিষ্ঠার জন্য জান কুরবান দিতে প্রস্তুত। সমাজতান্ত্রিকরা জানবে তারা সোসালিস্ট হিসাবে সবার আগে।

এ পদ্ধতির অনুশীলনকারীরা তাদের কথায় কাজে ও লিখনীতে মানবরচিত সংবিধানের প্রতি শ্রদ্ধা, গণতন্ত্রের প্রতি আস্থা, ধর্মনিরপেক্ষতার প্রতি অনুরাগ প্রকাশ করতে থাকে। জাতীয়তা ও সাম্প্রদায়িকতার ফযীলত তারা কুরআন হাদীস দিয়ে প্রমাণ করতে থাকে। গানে গজলে বক্তৃতায় তার বন্দনা গাইতে থাকে। এক পর্যায়ে তারা এ দাবিও করার চেষ্টা করে যে, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্র ও জাতীয়তাবাদ এসবই মানুষ ইসলাম থেকে নিয়েছে। ইসলামের মূল শিক্ষাই এগুলো। ইসলামের ইতিহাসের বিভিন্ন খণ্ডচিত্র তুলে ধরে ধরে তারা তাদের শ্রোতা ও পাঠকদেরকে বোঝানোর চেষ্টা করে থাকে যে, এ মতবাদগুলোর মূল ফর্মুলা ইসলাম থেকেই নেয়া হয়েছে।

মানবরচিত আইনে পরিচালিত দেশের মালিক পক্ষ, সে দেশের নির্বাচন কমিশন, সে দেশের প্রতিরক্ষা শক্তি, সে দেশের আইন শৃংখলা বাহিনী, সে দেশের আইন ও বিচার বিভাগসহ সর্বস্তরের জনগণকে তারা বোঝানোর চেষ্টা করে যে, সে দেশের আইন ও সংবিধানের কোন বিন্দু বিসর্গের সঙ্গেও তাদের কোন দ্বিমত নেই। সর্বোচ্চ এতটুকু হতে পারে যে, সংবিধান ও আইনের কোন বিন্দু বুঝে না আসলে মানবরচিত আইন

ও সংবিধানের নির্দেশিত পথেই তারা তাদের আবেদন ও নিবেদন করবে। যা বুঝে আসেনি তা বোঝার চেষ্টা করবে। মানবরচিত আইন ও সংবিধানের সঙ্গে কোন ধরনের কোন বেয়াদবি হবে না।

তারা তাদের নির্বাচনি ইশতিহারে ইসলামের নামও উচ্চারণ করবে না। ইসলামী হুকুমত প্রতিষ্ঠা ও শরীয়াহ প্রয়োগ বিষয়ক কোন নাম গন্ধও তাতে থাকবে না। নির্বাচনের প্রচার পত্রে এমন কিছু বুলি ও বাক্য তারা আওড়াবে যা সচরাচর সবাই আওড়ে থাকে।

রাষ্ট্রীয় বিভিন্ন আচার অনুষ্ঠান, প্রথাগত রীতিনীতি, সাম্প্রদায়িক পূজা আর্চনা ইত্যাদিতে তারা সমানে সমানে অংশগ্রহণ করার চেষ্টা করে থাকে। জাতীয় ও সাম্প্রদায়িকভাবে চলে আসা নির্দিষ্ট দিন, নির্দিষ্ট ব্যক্তির মূর্তি, নির্দিষ্ট বস্তুর মূর্তি, নির্দিষ্ট এলাকা ও বিভিন্ন বস্তু ও শব্দের প্রতি সুনির্দিষ্ট পদ্ধতিতে শ্রদ্ধা নিবেদন করার ক্ষেত্রেও তারা পিছিয়ে থাকে না।

মোটকথা, সকল বুদ্ধি, বিবেচনা, অভিজ্ঞতা, জ্ঞান ও বিজ্ঞান ব্যবহার করে সর্বস্তরের সবাইকে এ কথা বোঝানো হবে যে, আমরা মানবরচিত আইনের বিপরীত কিছুই করব না এবং ইসলামী হুকুমত প্রতিষ্ঠা বা শরীয়াহ প্রতিষ্ঠা জাতীয় কোন কিছুই আমাদের লক্ষ উদ্দেশ্যের মধ্যে নেই। দেশের লক্ষ উদ্দেশ্য ও মূলনীতির বাইরে কোন পদক্ষেপই আমরা গ্রহণ করব না।

**শুধু মনের সুপ্ত কোন এক মণিকোঠায় ঈমান ও ইসলামকে লুকিয়ে রাখবে যা কখনো কেউ দেখবে না। সময়ে সময়ে ঈমানটুকু কোথায় লুকিয়ে রাখা হয়েছিল তা নিজেও ভুলে যাবে।**

আর এসব কিছুর বিনিময়ে ইসলামী দলগুলো মানবরচিত গণতান্ত্রিক আইনে নিবন্ধিত হতে পারবে, নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবে, রাজপথে আত্মপ্রদর্শনের অনুমতি পাবে, আইন শৃংখলা বাহিনীর হাতে বন্দি হলে কারাগারে রাজবন্দি হিসাবে ডিভিশন পাবে। এক সময় সংসদ সদস্য হয়ে সংসদ ভবনে প্রবেশ করবে, সংসদের সংখ্যাগরিষ্ঠ আসন নিজেদের হাতে চলে আসবে, নিজেরাই প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী নির্বাচন করবে সংসদীয় নিয়মে মন্ত্রীপরিষদ গঠন করবে, দুই তৃতীয়াংশ আসন হাতে থাকবে, স্পীকার ও ডেপুটি স্পীকার সবই নিজেরা নির্বাচন করবে।

সংসদীয় অধিবেশন ডেকে দেশের নব্বই/পঁচানব্বই ভাগ গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, সমাজতান্ত্রিক, জাতীয়তাবাদীদেরকে অবাক করে দিয়ে, নির্বাচন কমিশনকে অবাক করে দিয়ে, সাবেক সকল ক্ষমতাসীনকে অবাক করে দিয়ে, প্রতিরক্ষা বাহিনী ও আইন শৃংখলা বাহিনীকে অবাক করে দিয়ে, আদালতপাড়াকে অবাক করে দিয়ে দুই তৃতীয়াংশ সদস্যের ভোট নিয়ে হঠাৎ করে ঘোষণা এসে যাবে 'আজ থেকে এ দেশ শতভাগ ইসলামী শরীয়া আইন অনুযায়ী পরিচালিত হবে, ইসলামী শরীয়তের বিপরীত সকল কার্যক্রম বিলুপ্ত করা হল এবং অকার্যকর ঘোষণা করা হল'।

তখন পৃথিবীর অত্যাশ্চর্য এ অঘটনের দিকে পুরো বিশ্ব অবাক দৃষ্টিতে তাকিয়ে থাকবে। ফ্যালফ্যাল করে তাকিয়ে থাকা ছাড়া তাদের আর কিছুই করার থাকবে না।

প্রচলিত ইসলামী রাজনৈতিক দলগুলো যদি তাদের কথা ও দাবিতে সত্যবাদি হয়ে থাকে তাহলে ঘটনাগুলো এভাবে ঘটবে। আর যদি এমন স্বপ্ন না দেখে থাকে তাহলে তারা মিথ্যুক, ধোঁকাবাজ, প্রতারক।

**স্বপ্নভঙ্গ**

এ স্বপ্ন ভেঙ্গে যাবে। নিশ্চিত ভেঙ্গে যাবে। কারণ এটি একটি দিবাস্বপ্ন। কারণ এটি একটি শিশুর স্বপ্ন। কারণ এটি দুধবিহীন রাবার চোষা নবজাতকের স্বপ্ন। কারণ এটি আত্মভোলা মানুষের স্বপ্ন। কারণ পৃথিবীর ইতিহাসে এমন কোন ঘটনা কখনো ঘটেনি। কারণ শরীয়তের কিতাবে এর কোন বৈধতা নেই।

এ স্বপ্ন ভেঙ্গে যাওয়ার কারণে অনেকে মনে কষ্ট পাবে। আবার অনেকেই কোন কষ্টই পাবে না। কর্ণধারদের তুলনায় সাধারণ কর্মীরা একটু বেশি কষ্ট পাবে। কর্ণধারদের অনেকেই কষ্ট পাবে না। কারণ তারা যে স্বপ্ন কর্মীদেরকে দেখায় নিজেরা সে স্বপ্ন দেখে না। আর যারা স্বপ্ন দেখে না তারা স্বপ্ন ভঙ্গের কষ্টেও ভোগে না। কর্ণধারদের অনেকের মুখ থেকে কখনো কখনো মুখ ফসকে এমন কথা বের হয়ে গেছে যা শুনে আমরা বুঝে ফেলেছি যে, তারা এসব অলীক স্বপ্ন দেখে না। তবে কেন তারা এসব অভিনয় করে চলেছে তা বোঝার মত মেধা এখনো আমাদের হয়নি। অথবা বলা যায়, সে বাস্তবতা উচ্চারণের সৎ সাহস এখনো আমাদের হয়নি।

দু'একজন হাবাগোবা নেতা ও কর্মীদের যারা এসব অলীক স্বপ্ন দেখে তাদের জন্য বলছি, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার জাল যারা বুনেছে সে জেলে ও শিকারী ঐ মাছের চাইতে অনেক বেশি চালাক যে মাছ ভাবছে, জেলের জালে ঢুকে জালের মধ্যে নিজেকে পেঁচিয়ে হেচকা টান মেরে জেলেকে সমুদ্রের তলদেশে নিয়ে আসবে। আল্লাহ তাঁর অনুগত বান্দাদেরকে এতটা বোকা হওয়ার অনুমতি দেননি, এতটা অজ্ঞ থাকার অনুমতি দেননি। মুহাম্মদে আরাবীর উম্মত এতটা বোকা হলে চলে না।

আর বোকা বা চালাক হওয়ার প্রয়োজন ছিল না যদি আমরা এসব বিষয়ে নিজেদেরকে শরীয়তের সিদ্ধান্তের উপর ন্যাস্ত করে দিতাম। নিজেদের আবেগ, অভিজ্ঞতা এবং লাভ ও ক্ষতির বিচারে সিদ্ধান্ত গ্রহণ না করতাম।

## সাত. দোয়া কান্নাকাটি করা

ইসলামী হুকুমত প্রতিষ্ঠা ও শরীয়াহ বাস্তবায়নের সর্বশেষ পদ্ধতি হচ্ছে দোয়া কান্নাকাটি করা এবং দোয়া মোনাজাতের মাধ্যমে ইসলামী আইন প্রয়োগ করা। তবে মনে রাখতে হবে এ দোয়া কান্নাকাটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাতলানো দোয়া কান্নাকাটি নয়, মুজাহিদের দোয়া কান্নাকাটি নয়, সালাফে সালেহীনের দোয়া কান্নাকাটি নয়।

এ দোয়া কান্নাকাটি হচ্ছে, অর্পিত ফরয দায়িত্বকে প্রত্যাখ্যান করে দোয়া কান্নাকাটি করা। ফরয দায়িত্বকে প্রত্যাখ্যান করে যারা দোয়া কান্নাকাটির কথা বলে থাকে তারা এমন কথাও বলে থাকে যে, ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করতে গেলে ইবাদতে ব্যাঘাত ঘটে। উদাহরণ দেখিয়ে দেখিয়ে বোঝানোর চেষ্টা করেছে যে, যারা খেলাফত প্রতিষ্ঠা করেছে তারা এখন ঠিকমত ইবাদতটুকুও করতে পারছে না।

প্রশ্ন হচ্ছে, এ দোয়া কান্নাকাটির বৈধতা কতটুকু? এ দোয়া কান্নাকাটির অতীত উদাহরণ কী?

## একটি সারসংক্ষেপ

এভাবে আরো বহু রকমের উপায় ও পদ্ধতি প্রতিদিন আবিষ্কার হয়েই চলেছে। ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য এবং কুফরী শক্তিকে পদানত করার জন্য যে পদ্ধতি আল্লাহ রাব্বুল আলামীন দিয়েছেন এবং যে পদ্ধতি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দেখিয়ে দিয়ে গেছেন সে

পদ্ধতি ছেড়ে দেয়ার কারণে উম্মত এখন উদ্ভ্রান্তের মত ঘুরে বেড়াচ্ছে। উপায়ের পর উপায় আবিষ্কার করে চলেছে, কিন্তু সমস্যার কোন সমাধান নেই। এ উম্মত যত দিন তাদের রাসূলের নির্দেশিত পথে আসবে না তত দিন এভাবে ঘুরতেই থাকবে যেভাবে বনী ইসরাঈল তাদের নবীর দির্দেশিত পথে না চলে ঘুরতেই থেকেছে-

﴿يَاقَوْمِ ادْخُلُوا الْأَرْضَ الْمُقَدَّسَةَ الَّتِي كَتَبَ اللَّهُ لَكُمْ وَلَا تَرْتَدُّوا عَلَى أَدْبَارِكُمْ فَتَنْقَلِبُوا خَاسِرِينَ. قَالُوا يَامُوسَى إِنَّ فِيهَا قَوْمًا جَبَّارِينَ وَإِنَّا لَنْ نَدْخُلَهَا حَتَّى يَخْرُجُوا مِنْهَا فَإِنْ يَخْرُجُوا مِنْهَا فَإِنَّا دَاخِلُونَ. قَالَ رَجُلَانِ مِنَ الَّذِينَ يَخَافُونَ أَنْعَمَ اللَّهُ عَلَيْهِمَا ادْخُلُوا عَلَيْهِمُ الْبَابَ فَإِذَا دَخَلْتُمُوهُ فَإِنَّكُمْ غَالِبُونَ وَعَلَى اللَّهِ فَتَوَكَّلُوا إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ. قَالُوا يَامُوسَى إِنَّا لَنْ نَدْخُلَهَا أَبَدًا مَا دَامُوا فِيهَا فَاذْهَبْ أَنْتَ وَرَبُّكَ فَقَاتِلَا إِنَّا هَاهُنَا قَاعِدُونَ. قَالَ رَبِّ إِنِّي لَا أَمْلِكُ إِلَّا نَفْسِي وَأَخِي فَافْرُقْ بَيْنَنَا وَبَيْنَ الْقَوْمِ الْفَاسِقِينَ. قَالَ فَإِنَّهَا مُحَرَّمَةٌ عَلَيْهِمْ أَرْبَعِينَ سَنَةً يَتِيهُونَ فِي الْأَرْضِ فَلَا تَأْسَ عَلَى الْقَوْمِ الْفَاسِقِينَ﴾ {سورة المائدة: ٢١-٢٦}

“হে আমার সম্প্রদায়! আল্লাহ তোমাদের জন্য যেই পবিত্র ভূমি নির্দিষ্ট করেছেন, তাতে প্রবেশ কর এবং নিজেদের পশ্চাদ্দিকে ফিরে যেও না; তাহলে তোমরা উল্টে গিয়ে ক্ষতিগ্রস্ত হয়ে পড়বে। তারা বলল, হে মূসা! সেখানে তো অতি শক্তিমান এক সম্প্রদায় রয়েছে। যতক্ষণ পর্যন্ত তারা সেখান থেকে বের না হয়ে যাবে, আমরা কিছুতেই সেখানে প্রবেশ করব না। হ্যাঁ, তারা যদি সেখান থেকে বের যায়, তবে অবশ্যই আমরা সেখানে প্রবেশ করব। যারা আল্লাহকে ভয় করত, তাদের মধ্যে দুইজন লোক, যাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছিলেন, বলল, তোমরা তাদের উপর চড়াও হয়ে (নগরের) দরজা দিয়ে প্রবেশ কর। তোমরা যখন তাতে প্রবেশ করবে, তখন তোমরাই বিজয়ী হবে। আল্লাহ তা'আলার উপরই ভরসা রেখ, যদি তোমরা প্রকৃত মুমিন হও। তারা বলতে লাগল, হে মূসা! তারা যতক্ষণ পর্যন্ত সেখানে (সেই দেশে) অবস্থানরত থাকবে,

ততক্ষণ আমরা কিছুতেই প্রবেশ করব না। আর (তাদের সাথে যুদ্ধ করতে হলে) তুমি ও তোমার রব্ব চলে যাও এবং তাদের সাথে যুদ্ধ কর। আমরা তো এখানেই বসে থাকব। মূসা বলল, হে আমার প্রতিপালক! আমার নিজ সত্তা এবং আমার ভাই ছাড়া আর কারও উপর আমার কর্তৃত্ব নেই। সুতরাং আপনি আমাদের ও ঐ অবাধ্য সম্প্রদায়ের মধ্যে ফয়সালা করে দিন। আল্লাহ বললেন, তবে সে ভূমি তাদের জন্য চল্লিশ বছর কাল নিষিদ্ধ করে দেয়া হল। (এ সময়) তারা যমীনে দিকভ্রান্ত হয়ে ঘুরতে থাকবে। সুতরাং (হে মূসা) তুমি অবাধ্য সম্প্রদায়ের জন্য দুঃখ করো না।" -সূরা মায়েদা ২১-২৬

### 'একেবারেই' শব্দের বিশ্লেষণ

শায়খে মুহতারাম বলেছেন, এটা 'একেবারেই' ভুল। অর্থাৎ পাকিস্তানে ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য এবং শরয়ী আইন বাস্তবায়নের জন্য অস্ত্রধারণের পদ্ধতি একেবারেই ভুল। তার মানে হচ্ছে অস্ত্রধারণের কোন বৈধ পদ্ধতি এ ক্ষেত্রে নেই। যখন অস্ত্রধারণের কোন পদ্ধতিই বৈধতা পাবে না তখন বলতেই হবে যে, উপরে উল্লিখিত সাতটি পদ্ধতির কোন একটি পদ্ধতি গ্রহণ করতে হবে। সে পদ্ধতিগুলোর মধ্য থেকে কোন কোনটির কথা শায়খে মুহতারাম নিজেই বলেছেন।

আমাদের জানার বিষয় হচ্ছে, যে পদ্ধতিগুলোর কোন উদাহরণ ইসলামের ইতিহাসে নেই এবং যে পদ্ধতিগুলোর বৈধতা শরীয়তের কিতাবাদিতে নেই ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য সে উপায়গুলোকে কেন গ্রহণ করা হবে। আর যে পদ্ধতির হুকুম কুরআনে রয়েছে, হাদীসে রয়েছে, ফিকহের কিতাবে রয়েছে, বিশ্বের বরেণ্য মুফতীগণের ফাতওয়ার মাঝে রয়েছে সে পদ্ধতি কেন ভুল হিসাবে চিহ্নিত হল? এবং একেবারেই ভুল হিসাবে কেন ভূষিত হল?

এ প্রশ্নের সম্ভাব্য উত্তর হচ্ছে, অস্ত্রধারণ হবে কাফেরের বিরুদ্ধে দারুল হারবে। পাকিস্তান হচ্ছে দারুল ইসলাম এবং অস্ত্রধারণ করলে তা করতে হবে মুসলমাদের বিরুদ্ধে। তাই পাকিস্তান সরকারের বিরুদ্ধে অস্ত্রধারণের এ সিদ্ধান্ত একেবারেই ভুল এবং এ প্রোপাগাণ্ডা একেবারেই মিথ্যা।

এ বিষয়ে আমাদের নিবেদন হচ্ছে, বিষয়টি এমন নয় যেমনটি শায়খে মুহতারাম বলছেন। বিষয়টি একটু খুলে বললেই পাঠকের জন্য সুবিধা হবে।

**প্রোপাগাণ্ডা শতভাগ সঠিক; কারণ**

পাকিস্তানে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করতে হলে এবং শরয়ী আইন বাস্তবায়ন করতে হলে মুসলমানরা অস্ত্র হাতে নেয়া ব্যতীত আর কোন পথ নেই -এই সিদ্ধান্ত শতভাগ সঠিক এবং দলিলভিত্তিক।

এ বিষয়ে প্রথমে সংক্ষিপ্ত নিবেদন হচ্ছে, যে শক্তির কারণে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করা যায় না এবং যে অপশক্তির কারণে ইসলামী শরীয়াহ বাস্তবায়ন করা যায় না সে শক্তি ও অপশক্তির ব্যাপারে মুসলমানদের প্রতি ইসলামের নির্দেশনা হচ্ছে, মুসলমানরা সে শক্তিকে ইসলামের সকল বিধি বিধান মেনে নিয়ে ইসলাম গ্রহণ করার প্রতি আহ্বান জানাবে। তারা সে আহ্বানে সাড়া দিলে তাদেরকে আপন অবস্থায় ছেড়ে দেয়া হবে। আর যদি সাড়া না দেয় তাহলে তাদেরকে এ আহ্বান প্রত্যাখ্যানের অপরাধে কর দিয়ে হীনতার সাথে মুসসলমানদের অধীনে বসবাস করতে প্রস্তাব করা হবে। যদি এ প্রস্তাব গ্রহণ করে তাহলে তাই করা হবে। আর যদি এ প্রস্তাব গ্রহণ না করে তাহলে তাদের বিরুদ্ধে অস্ত্রধারণ করবে এবং বিজয় লাভ করা পর্যন্ত তাদের বিরুদ্ধে জিহাদ করতে থাকবে।

**দ্বীন ও শরীয়াহ বাস্তবায়নের পথে যেই বাধা হবে মুসলমানরা তার বিরুদ্ধে জিহাদ করবে। সে বাধা লাল মিয়া দিয়েছে না কি কালা মিয়া দিয়েছে তা আলাদা করার দায়িত্ব মুসলমানদের উপর নয়। দ্বীন ও শরীয়াহ বাস্তবায়নের পথে বাধাদানকারী জন্মসূত্রে জন্মনিবন্ধন পত্রে ও জাতীয় পরিচয় পত্রে কী পরিচয়ে পরিচিত, গুলি চালানোর আগে তা জানা মুসলমানের দায়িত্ব নয়। সে তাহাজ্জুদগুজার নাকি মসজিদে হারামের নির্মাতা, সে জমজমের সাকী না কি কাবার প্রহরী তা জানা মুসলমানের দায়িত্ব নয়। দ্বীন ও শরীয়াহ বাস্তবায়নের পথে যে বাধা দেবে মুসলমান তার বুকে বুলেট চালিয়ে দেবে। এটা তার ফরয দায়িত্ব। শরীয়তের পক্ষ থেকে তার উপর এটাই হুকুম।**

## এবার একটু বিস্তারিত

পাকিস্তানে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করতে হলে এবং শরয়ী আইন বাস্তবায়ন করতে হলে মুসলমানরা অস্ত্র হাতে নেয়া ব্যতীত আর কোন পথ নেই -এই সিদ্ধান্ত শতভাগ সঠিক এবং দলিলভিত্তিক। এ দাবির পক্ষে আমাদের কিঞ্চিত বিস্তারিত বক্তব্য হচ্ছে এই-

মুসলমানরা দ্বীন ও শরীয়াহ প্রতিষ্ঠা করার জন্য জিহাদ করবে কাফেরদের বিরুদ্ধে। কাফেরদের ক্ষমতায় পরিচালিত দারুল হারবকে দারুল ইসলামে রূপান্তরিত করার জন্য মুসলমানরা জিহাদ করবে। পাকিস্তানের নির্বাহী ক্ষমতার অধিকারীরা হচ্ছে কাফের, তাই মুসলমানরা তাদের বিরুদ্ধে জিহাদ করবে। নির্বাহী ক্ষমতার অধিকারীরা মুরতাদ হওয়ার কারণে দেশটি দারুল হারব। তাই এ দেশকে দারুল ইসলামে রূপান্তরিত করার জন্য মুসলমানরা জিহাদ করবে, অস্ত্রধারণ করবে।

## পাকিস্তানের শাসকবর্গ কাফের-মুরতাদ

পাকিস্তানের শাসকবর্গ তথা প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী, মন্ত্রী পরিষদ, স্পীকার, ডেপুটি স্পীকার ও সংসদ সদস্যরা যারা গণতন্ত্র ও মানবরচিত আইন প্রতিষ্ঠা করার শপথ গ্রহণ করেছে তারা কাফের ও মুরতাদ। কারণ এরা সবাই আইন প্রণয়ন ও আইন অনুমোদনের সঙ্গে সরাসরি জড়িত। তবে সংসদ সদস্যদের কেউ যদি গণতন্ত্র ও মানবরচিত বিধানের বিরোধিতার জন্য এবং কুরআনের আইন প্রতিষ্ঠার জন্য সেখানে গিয়ে থাকে তাহলে তাদের বিষয়টি তাহকীকের মুহতাজ।

এ আইন প্রণয়ন বিভাগটি মানব জীবনের প্রতিটি অঙ্গনকে মানব রচিত আইন দিয়ে পরিচালিত করে। আইন প্রণয়নের ক্ষেত্রে তারা আল্লাহ ও আল্লাহর রাসূল প্রদত্ত আইনের শরণাপন্ন হয় না। জীবনের প্রতিটি অঙ্গনে আল্লাহ ও আল্লাহর রাসূলের আইনকে এড়িয়ে গায়রুল্লাহর আইনকে গ্রহণ করে। তাদের সামনে আল্লাহর আইন ও গায়রুল্লাহর আইন দু'টি থাকা সত্ত্বেও তারা আল্লাহর আইনকে গ্রহণ না করে গায়রুল্লাহর আইনকে গ্রহণ করে। জীবনের প্রতিটি অঙ্গনের যেখানে যেখানে আল্লাহর বিধানের আলোকে সিদ্ধান্ত দেয়া রয়েছে সেখানে আল্লাহ প্রদত্ত সিদ্ধান্তকে গ্রহণ না করে মানবরচিত গণতান্ত্রিক আইনকে গ্রহণ করে। সে আইন দেশের সবাইকে মানতে বাধ্য করে। মানবরচিত গণতান্ত্রিক এ আইনের বিপরীত করলে তাকে শাস্তির সম্মুখীন করে।

আর যারা এমন করে তারা কাফের ও মুরতাদ। তাদের এ কাজ কবীরা গুনাহের তরকে আমল নয়; এ কাজ ইনকারে আমল ও আদমে তাসলীম। তাদের সুস্পষ্ট ও প্রকাশ্য সিদ্ধান্ত হচ্ছে, রাষ্ট্র পরিচালনায় তারা শরয়ী আইনকে গ্রহণ করবে না। তাদের এ আমল হুবহু ইবলীসের এ বক্তব্য قَالَ لَمْ أَكُنْ لِأَسْجُدَ 'আমি সিজদা করব না'।

কুরআনের আয়ত ও তার তাফসীর দেখুন-

﴿وقوله: {**أفحكم الجاهلية يبغون ومن أحسن من الله حكما لقوم يوقنون**} ينكر تعالى على من خرج عن حكم الله المحكم المشتمل على كل خير، الناهي عن كل شر وعدل إلى ما سواه من الآراء والأهواء والاصطلاحات، التي وضعها الرجال بلا مستند من شريعة الله، كما كان أهل الجاهلية يحكمون به من الضلالات والجهالات، مما يضعونها بآرائهم وأهوائهم. وكما يحكم به التتار من السياسات الملكية المأخوذة عن ملكهم جنكزخان، الذي وضع لهم الياسق. وهو عبارة عن كتاب مجموع من أحكام قد اقتبسها عن شرائع شتى، من اليهودية والنصرانية والملة الإسلامية، وفيها كثير من الأحكام أخذها من مجرد نظره وهواه، فصارت في بنيه شرعا متبعا، يقدمونها على الحكم بكتاب الله وسنة رسوله صلى الله عليه وسلم.

ومن فعل ذلك منهم فهو كافر يجب قتاله، حتى يرجع إلى حكم الله ورسوله [صلى الله عليه وسلم] فلا يحكم سواه في قليل ولا كثير، قال الله تعالى: {أفحكم الجاهلية يبغون} أي: يبتغون ويريدون، وعن حكم الله يعدلون. {ومن أحسن من الله حكما لقوم يوقنون} أي: ومن أعدل من الله في حكمه لمن عقل عن الله شرعه، وآمن به وأيقن

وعلم أنه تعالى أحكم الحاكمين، وأرحم بخلقه من الوالدة بولدها، فإنه تعالى هو العالم بكل شيء، القادر على كل شيء، العادل في كل شيء.

وقال ابن أبي حاتم: حدثنا أبي، حدثنا هلال بن فياض، حدثنا أبو عبيدة الناجي قال: سمعت الحسن يقول: من حكم بغير حكم الله، فحكم الجاهلية﴾ {تفسير ابن كثير: ٣/١٣١}

"আল্লাহর বাণী أفحكم الجاهلية يبغون ومن أحسن من الله حكما لقوم يوقنون আল্লাহ তাআলা সেসব লোকের অবস্থানকে অস্বীকার করছেন যারা আল্লাহ তাআলার সুপ্রতিষ্ঠিত বিধান থেকে বের হয়ে গেছে যে বিধানে সকল কল্যাণ রয়েছে এবং সকল অকল্যাণ থেকে বিরত রাখা হয়েছে সে বিধান থেকে বের হয়ে অন্যান্য বিভিন্ন মত, মনষ্কামনা ও বিভিন্ন পরিভাষার অনুগামী হয়ে পড়েছে যা মানুষ রচনা করেছে, যেগুলোতে আল্লাহর বিধানকে ভিত্তি বানানো হয়নি। যেমন জাহেলী যুগের লোকেরা এসব ভ্রষ্টতা ও অজ্ঞতা দিয়ে তাদের বিচারকার্য পরিচালনা করত যা তারা নিজেদের মতামত ও মনষ্কামনার ভিত্তিতে তৈরি করত।

এরকমভাবে যেমন তাতারীরা তাদের রাজপরিবারের শাসননীতি দিয়ে শাসন করে যা তাদের আদি পুরুষ চেঙ্গিস খান থেকে নেয়া হয়েছে। যে চেঙ্গিস খান তাদের জন্য 'ইয়াসাক' (নামের একটি সংবিধান) তৈরি করেছিল। আর 'ইয়াসাক' হচ্ছে একটি রচনা যা বিভিন্ন বিধিবিধানের সমষ্টি যে বিধানগুলো সে বিভিন্ন শরীয়ত থেকে গ্রহণ করেছে। যেমন ইহুদী ধর্ম, খ্রিস্টান ধর্ম, ইসলাম ধর্ম ইত্যাদি থেকে। এর মাঝে বহু বিধান ছিল এমন যা শুধু নিজস্ব মতামত ও মনষ্কামনা থেকে গৃহীত। এ বিধানসমগ্র পরবর্তীতে তার বংশধরদের মাঝে অনসৃত শরীয়ত হিসাবে প্রতিষ্ঠিত হয়ে গেছে। তারা আল্লাহর কিতাব ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহের উপর তাদের এ বিধানসমগ্রকে প্রাধান্য দিত।

তাদের মধ্যে যারা এ কাজ করবে তারা কাফের, তার বিরুদ্ধে জিহাদ করা ওয়াজিব। যতক্ষণ পর্যন্ত তারা আল্লাহ ও আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিধানের দিকে ফিরে আসবে না এবং ছোট বড় অল্প বেশি সর্ব ক্ষেত্রে কুরআন সুন্নাহর আলোকে বিচার করবে না ততক্ষণ পর্যন্ত তাদের বিরুদ্ধে জিহাদ করা ওয়াজিব।

তাই আল্লাহ পাক বলেনঃ أفحكم الجاهلية يبغون তবে কি তারা অজ্ঞানতার যুগের মীমাংসা কামনা করে? অর্থাৎ তারা চায় ও ইচ্ছা করে এবং আল্লাহর বিধান থেকে বিমুখ হয়ে যায় ومن أحسن من الله حكما لقوم يوقنون দৃঢ় বিশ্বাসীদের কাছে মীমাংসা কার্যে আল্লাহর চেয়ে উত্তম কে হবে? আল্লাহ তা'আলা ছাড়া আর কারও হুকুম বেশী ন্যায় ও ইনসাফ ভিত্তিক হতে পারে না। ঈমানদার ও পূর্ণ বিশ্বাসীগণ খুব ভাল করেই জানে যে, এ আহকামুল হাকিমীন, আরহামুর রাহিমীনের চেয়ে বেশী উত্তম, স্বচ্ছ, সহজ ও পবিত্র আহকাম, মাসায়েল এবং কাওয়ায়েদ আর কারও হতে পারে না। মা তার ছেলের প্রতি যতটা দয়া পরবশ হতে পারে তার চেয়েও বেশী তিনি তাঁর সৃষ্টজীবের উপর মেহেরবান ও দয়ালু। তিনি পরিপূর্ণ জ্ঞান, বিরাট শক্তি এবং ন্যায় ও ইনসাফের অধিকারী।

ইবনে আবী হাতেম তাঁর সূত্রে বর্ণনা করেন হাসান বসরী (রঃ) বলেন যে, যে ব্যক্তি আল্লাহর বিধান বহির্ভূত ফয়সালা করে, ওটাকে জাহেলিয়াতের হুকুম বলা হবে!" -তাফসীরে ইবনে কাসীর

পাকিস্তান এবং পাকিস্তানের মত বিশ্বের গণতান্ত্রিক দেশগুলোর নির্বাহী শক্তি বুঝে শুনে ইচ্ছাকৃত এ কাজগুলো করে থাকে। এ কুফরী তারা বাধ্য হয়েও করে না, অজ্ঞতার কারণেও করে না। এ কুফরের উপর তাদের গর্ব আছে। জীবনের প্রতিটি অঙ্গন থেকে ইসলামের কর্তৃত্বকে বিলুপ্ত করে সে স্থলে মানবরচিত গণতান্ত্রিক আইন প্রতিষ্ঠা করতে পারার উপর তাদের তৃপ্তি আছে। ইসলামী আইন প্রতিষ্ঠার জন্য কোটি কোটি মানুষের দাবি প্রত্যাখ্যান করার নযীরও পাকিস্তানে আছে। ক্ষেত্র বিশেষ তাদের এমন বক্তব্যও আছে যার সারমর্ম হচ্ছে, ইসলামী নীতি হচ্ছে পশ্চাদপদ নীতি, এ নীতির উপর চললে বিশ্বের সঙ্গে প্রতিযোগিতায় টিকে থাকা যাবে না। এগুতে হলে মানবরচিত গণতান্ত্রিক নীতিতেই এগুতে হবে।

বিশ্বের কুফরী শক্তির সঙ্গে সম্মিলিতভাবে মুজাহিদদের বিরুদ্ধে অস্ত্রধারণের অঙ্গীকার আছে, সে অঙ্গীকারের বাস্তবায়ন আছে। পাকিস্তানের সর্বাত্মক সহযোগিতায় একটি সর্বস্বীকৃত দারুল ইসলাম কাফেরদের হাতে চলে যাওয়ার উদাহরণও এ পৃথিবীতে সৃষ্টি হয়েছে। বিশ্বের কুফরী সংগঠনের অন্যতম সদস্য হিসাবে পাকিস্তানের গর্ব আছে। বিশ্বের সকল কুফরী শক্তির সঙ্গে আন্তরিক ভালোবাসার প্রকাশ্য ঘোষণা আছে।

অতএব এ নির্বাহী শক্তি কাফের ও মুরতাদ হওয়ার বিষয়ে সন্দেহ পোষণ করার কোন সুযোগ নেই। তাদের পক্ষে ওযর দাঁড় করানোর কোন সুযোগ নেই।

## পাকিস্তান দারুল হারব

ইসলামী শরীয়তের কিতাবাদিতে দারুল হারবের যে সংজ্ঞা দেয়া হয়েছে সে সংজ্ঞা হিসাবে বিশ্বের অন্যান্য গণতান্ত্রিক দেশসমূহের মত পাকিস্তানও একটি দারুল হারব। দারুল হারবের সংজ্ঞা দেখুন এবং পাকিস্তানসহ বিশ্বের গণতান্ত্রিক দেশগুলোর সঙ্গে মিলিয়ে নিন-

﴿دَارُ الْحَرْبِ هِيَ: كُل بُقْعَةٍ تَكُونُ فِيهَا أَحْكَامُ الْكُفْرِ ظَاهِرَةً﴾

}يراجع: بدائع الصنائع ٧ / ١٣٠ - ١٣١، ابن عابدين ٣ / ٢٥٣، المبسوط ١٠ / ١١٤، كشاف القناع ٣ / ٤٣، الإنصاف ٤ / ١٢١، المدونة ٢ / ٢٢{.

'দারুল হারব হচ্ছে প্রত্যেক ঐ ভূখণ্ড যেখানে কুফরী আইন প্রচলিত'।

দারুল হারবের এ সংজ্ঞা পাকিস্তানের ক্ষেত্রে শতভাগ প্রযোজ্য। পাকিস্তানের সংবিধান ও আইন হচ্ছে গায়রুল্লাহর আইন ও সংবিধান, মানবরচিত আইন ও সংবিধান। পাকিস্তান রাষ্ট্রযন্ত্রের প্রতিটি বিভাগ গায়রুল্লাহর আইন ও মানবরচিত আইনে পরিচালিত। শাহ আব্দুল আযীয মুহাদ্দিস দেহলভী রহ. ভারত উপমহাদেশকে দারুল হারব হিসাবে ফাতওয়া দেয়ার পর এবং এ ভূখণ্ডটি দারুল হারব হিসাবে স্বীকৃত হওয়ার পর ভারত পাকিস্তান বাংলাদেশের কোথাও কখনো ইসলামী হুকুমত প্রতিষ্ঠিত হয়নি, শরয়ী আইন বাস্তবায়ন হয়নি, শরীয়াহ অনুযায়ী দেশ পরিচালিত হওয়ার ঘোষণা আসেনি। এরই বিপরীত গণতান্ত্রিক

মানবরচিত আইনে এ দেশগুলো পরিচালিত হওয়ার ঘোষণা এসেছে, গণতান্ত্রিক মানবরচিত আইনে তা পরিচালিত হয়েছে এবং গণতান্ত্রিক মানবরচিত আইন প্রতিষ্ঠিত হয়েছে।

এ সত্যগুলোকে সামনে রেখে আমরা বলতে পারি, যে দেশের নির্বাহী শক্তি কাফের ও মুরতাদ এবং যে দেশটি দারুল হারব সে দেশে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা এবং শরয়ী আইন বাস্তবায়নের একমাত্র পথ হচ্ছে অস্ত্রধারণের মাধ্যমে জিহাদ করা। এ ভূখণ্ড এবং এ রকমের সকল ভূখণ্ডে ইসলামী হুকুমত প্রতিষ্ঠার একমাত্র পথই হচ্ছে অস্ত্রধারণ। কুরআন, হাদীস, ফিকহ এবং সর্বকালের ফাতওয়ার কিতাবাদি মন্থন করলে অস্ত্রধারণের মাধ্যমে জিহাদ ব্যতীত আর কোন পন্থা খুঁজে পাওয়ার কোন সম্ভাবনা নেই।

আর যে দেশগুলোতে শতকরা আশি/নব্বই/পঁচানব্বই ভাগ মুসলমান বসবাস করে সে দেশগুলোতে মুসলমানরা ইসলামী হুকুমত প্রতিষ্ঠিত না করে কোন কাফের নির্বাহী শক্তির অধীনে দারুল হারবে বসবাস করা অবৈধ। তাদের প্রতি আল্লাহর পক্ষ থেকে কঠিন হুঁশিয়ারী এসেছে। তাদের ফরয দায়িত্ব হচ্ছে সে দেশে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করা। আর ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করতে হলে কুফরী শক্তিকে পরাজিত করতে হবে, যা কখনো অস্ত্রধারণ ছাড়া সম্ভব নয়।

তাই দলিলের আলোকে অত্যন্ত দৃঢ়তার সঙ্গেই দাবি করা যায় যে, পাকিস্তানে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করা এবং শরয়ী আইন বাস্তবায়নের জন্য অস্ত্রধারণের কোন বিকল্প নেই। আর এ প্রোপ্যাগাণ্ডা শতভাগ সঠিক ও নির্ভুল।

হাকিমিয়্যাহ, দারুল হারব ও জিহাদের ফরযিয়াতের আলোচনা এখানে প্রসঙ্গক্রমে আসার কারণে বিস্তারিত দলিল উল্লেখ করা হয়নি। এগুলোর প্রত্যেকটির উপর আলাদা আলাদা রচনা রয়েছে। বিস্তারিত আলোচনা সেসব গ্রন্থে দেখা যেতে পারে।

## জরুরী টীকা : ২২

এবং মিথ্যা।

## জরুরী টীকা-২২

*এবং মিথ্যা।*

পাকিস্তানে ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য অস্ত্রধারণ করতে হবে -এ প্রোপাগাণ্ডা মিথ্যা নয়। তা মিথ্যা হওয়ার কোন সুযোগ নেই। এ প্রোপাগাণ্ডাকে মিথ্যা বলতে হলে ইসলামী শরীয়তের কিতাবগুলোতে বিবৃত দারুল হারবের সংজ্ঞা, মুরতাদের সংজ্ঞা ও জিহাদের নীতিমালাকে মিথ্যা বলতে হবে। বিষয়গুলো মাঠে ময়দানে বক্তৃতার বিষয় নয়। একান্ত ইলমী বিষয়। যাঁরাই এ বিষয়গুলো নিয়ে কথা বলবেন, কোন সিদ্ধান্ত দেবেন তাঁদের দায়িত্ব হচ্ছে দলিলের আলোকে কথা বলা। পাঠকের সামনে দলিলগুলো তুলে ধরা। দলিলভিত্তিক যেসব প্রশ্ন পাঠকের মনে জেগে আছে সেগুলোর সমাধান করা।

আমাদের বড়দের সিদ্ধান্তগুলো দলিলভিত্তিক হবে এটাই স্বাভাবিক। তাদের অনুসরণ করার ক্ষেত্রে সে দলিল আমাদের জানা থাকাও জরুরী নয়। কিন্তু কোন সিদ্ধান্তের বিপরীতে যখন ভিন্ন রায় ও মতামত সামনে আসে এবং সে মতামত দলিল প্রমাণসহ হয় তখন দ্বিতীয় রায় ও অভিমতকে শুধু ঠেলা ধাক্কা দিয়ে এড়িয়ে যাওয়া যায় না। সে মতের পক্ষে উপস্থাপিত দলিলগুলোর সঠিক সমাধান দিয়ে সামনে বাড়তে হয়।

বড়রা যত বড়ই হোন না কেন তারা ছোটদের কিছু দুর্বলতার কথা মনে রাখতে হবে। ব্যাপক প্রচলিত সিদ্ধান্তের বিপরীতে কোন সিদ্ধান্ত,

অভিমত ও রায় যখন ছোটদের সামনে আসে এবং সে রায় যদি দলিলে মোড়ানো থাকে তখন সে দলিলের তৃপ্তিদায়ক জবাব তাদের সামনে আসার আগ পর্যন্ত তারা প্রচলিত ব্যাপক সিদ্ধান্তের উপর চলতে থাকলেও স্থিরতা লাভ করতে পারে না।

আমাদের ধারণামতে এ দুর্বলতা কোন অপরাধ নয়।

বিষয়টি যখন এতদূর গড়ায় যে, প্রচলিত ব্যাপক সিদ্ধান্তের পক্ষের দলিল তাদের সামনে না থাকে, আর বিপরীত সিদ্ধান্ত ও মতের পক্ষের দলিল তাদের সামনে থাকে -এমন অবস্থায় তারা শুধু অস্থিরতাই ভোগ করে না; বরং দলিলবিহীন সিদ্ধান্তের বিষয়ে সন্দিহান হয়ে ওঠে। ধীরে ধীরে সেসব সিদ্ধান্তের প্রতি অশ্রদ্ধা তৈরি হতে থাকে। এসব পরিস্থিতি থেকে উত্তরণের একমাত্র পথ ও পন্থা হচ্ছে দলিলগুলো সামনে নিয়ে আসা।

উম্মতের বিশেষ ব্যক্তিবর্গ ছাড়া অন্যদের সামনে দলিল উপস্থাপন করলে বিভ্রান্তি ছড়িয়ে পড়তে পারে -এ ভয়ে দলিলকে লুকিয়ে রাখার যে নীতি গ্রহণ করা হচ্ছে সে নীতির উপর আবার একটু দৃষ্টি বোলানো দরকার। উম্মতের কোন কোন স্তরের সামনে দলিল উপস্থাপন করা যাবে, আর কোন কোন স্তরের সামনে দলিল উপস্থাপন করা যাবে না তার একটি সুস্পষ্ট নীতিমালা সামনে এসে গেলে সবার জন্য সুবিধা হত।

### মিথ্যার সংজ্ঞা

শায়খে মুহতারাম বলেছেন, অস্ত্রধারণের প্রোপাগাণ্ডা মিথ্যা। আমাদের নিবেদন হচ্ছে, অস্ত্রধারণের এ বিষয়টি সমাজের মাস্তানদের রামদা নিয়ে দৌড়াদৌড়ি নয়। এ অস্ত্রধারণ মানে হচ্ছে জিহাদ। জিহাদ শরীয়তের একটি গুরুত্বপূর্ণ শাখা। ঈমানের সাতাত্তর শাখার একটি শাখা। বিশেষ কোন ভূখণ্ডে বিশেষ অবস্থার উপর যদি কেউ এ জিহাদকে ফরয বলে দাবি করে তাহলে সে দাবিকে মিথ্যা বলার আগে অবশ্যই এ বিষয়ক দলিল প্রমাণগুলো ঘেঁটে দেখা জরুরী। ঘেঁটে দেখা হয়ে থাকলে সেসব দলিল প্রমাণ বিপরীত দাবিদারদের সামনে তুলে ধরা উচিত।

একটি দেশে ইসলামী হুকুমত ও শরয়ী আইন প্রতিষ্ঠার জন্য সত্তর/বাহাত্তর বছর যাবত জিহাদ ব্যতীত হাজার রকমের চেষ্টা করা হয়েছে। কোন প্রচেষ্টায় ইতিবাচক কোন ফল আসেনি। ইসলামী হুকুমত

প্রতিষ্ঠিত হয়নি। শরয়ী আইন বাস্তবায়িত হয়নি। এত কিছুর পরও যদি কেউ দাবি করে যে, এ ভূখণ্ডে জিহাদ ব্যতীত ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করা সম্ভব নয়, তাহলে এ দাবিকে মিথ্যা বলার আগে কি একটু ভাবার প্রয়োজন ছিল না? এটি কি শুধুই একটি প্রোপাগাণ্ডা, না কি এর কোন হাকীকত আছে।

মিথ্যা কাকে বলে? মিথ্যা বলা হয় যে কথাটি সত্য নয়। যে কথাটি বাস্তব বিবর্জিত। যে দাবির কোন সত্যতা নেই। যে দাবির পক্ষে কোন দলিল নেই। এরই বিপরীত কোন একটি দাবির পক্ষে দলিল থাকলে সে দাবিকে মিথ্যা বলা যায় না। দলিলের দুর্বলতা থাকলে বলা যাবে, এ দাবির পক্ষে দলিল দুর্বল। দাবির পক্ষে দলিলের বক্তব্য সুস্পষ্ট না হলে বলা যাবে, এ দলিল দিয়ে এ দাবি অকাট্যভাবে প্রমাণিত হয় না। আর যদি দাবি প্রমাণ করার জন্য দলিলের মাঝে বিকৃত করা হয়েছে বলে সন্দেহ থেকে থাকে তাহলে তাও স্পষ্ট করে দেখিয়ে দেয়া চাই। একটি ইলমী বিষয়ে ও দ্বীনী বিষয়ে আলোচনার টেবিলে প্রতিপক্ষকে মিথ্যুক বলা তার দাবিকে মিথ্যা বলা কতটা ভদ্রোচিত বিষয়?

আর যদি বলতে চান, ইতিকাদ ও বিশ্বাসের বিপরীত হওয়ার কারণে এ দাবিকে মিথ্যা বলা হয়েছে, তাহলে হয়ত তা হতেও পারে। অর্থাৎ বক্তা যে বিশ্বাস পোষণ করে থাকে সে বিশ্বাসের বিপরীত যে কোন বিশ্বাসকে বক্তা মিথ্যা বলতে পারেন। এমন একটা সুযোগ আছে। পাকিস্তানে ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য অস্ত্রধারণের সিদ্ধান্তকে যদি এ হিসাবে শায়খে মুহতারাম মিথ্যা বলে থাকেন তাহলে এ বিষয়ে আমাদের কিছু বলার নেই। তবে দলিলভিত্তিক আলোচনা করার অধিকার অবশ্যই দিতে হবে। না হয় তা ইলমের নীতিমালাকে উপেক্ষা করা হয়ে যাবে।

### মিথ্যার সংজ্ঞা ও প্রোপাগাণ্ডা

মিথ্যার যে সংজ্ঞা ও প্রয়োগ ক্ষেত্র আমরা জানি ও দেখেছি সে হিসাবে অস্ত্রধারণের প্রোপাগাণ্ডার সঙ্গে মিথ্যার সংজ্ঞার কোন মিল নেই। এ প্রোপাগাণ্ডাকারী ব্যক্তিরা কিছু ভবঘুরে মানুষ নয়, সমাজের ধিকৃত ও চতুর্থ শ্রেণীর কোন মানুষ নয়। আঙ্গুলের মাথায় গোনা যায় এমন কিছু মানুষ নয়। তারা সমাজের মহান ব্যক্তিদের কাতারেরই মানুষ। ওলামায়ে কেরামের প্রথম সারিরই ব্যক্তিবর্গ।

তাঁরা ইলম, প্রজ্ঞা, আমানত, দুনিয়াবিমুখতা, অভিজ্ঞতা, সমকাল সম্পর্কে সচেতনতা ইত্যাদি গুণে গুণান্বিত ওলামায়ে কেরামের মহান কাফেলারই একটি অংশ। তাঁদের অতিরিক্ত গুণ হচ্ছে, তাঁরা গড্ডলিকা প্রবাহে ভেসে যান না। স্রোতের বিপরীত কথা বলেন। সাহসী উচ্চারণে পিছপা হন না। বিশ্বের কুফরী শক্তি ও দেশীয় ক্ষমতাসীনদের শক্তিতে ঘাবড়ে যান না। মানুষের শক্তির প্রভাবে আল্লাহর শক্তির কথা ভুলে যান না। আল্লাহকে ছাড়া আর কাউকে ভয় করার প্রয়োজন বোধ করেন না।

তাই এ মানুষগুলোকে মিথ্যুক বলা এবং তাদের দলিলভিত্তিক একটি দাবিকে মিথ্যা বলা খুবই ভয়ংকর। এ প্রোপাগাণ্ডাকে মিথ্যা বলার ফলাফল অনেক ভয়ংকর। ভয়ংকর হওয়ার সে কারণটিও এখন পাঠককে বলব, ইনশা-আল্লাহ।

### এ প্রোপাগাণ্ডাকে মিথ্যা বলার ফলাফল ভয়ংকর

যখন দলিলের আলোকে একটি সিদ্ধান্ত গৃহীত হয় তখন এ সিদ্ধান্তকে মিথ্যাপ্রতিপন্ন করলে এর আঘাত সম্বোধিত সিদ্ধান্তদাতা পর্যন্ত সীমাবদ্ধ থাকে না। দলিলের আলোকে সিদ্ধান্ত দেয়ার অর্থই হচ্ছে আল্লাহ ও আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নির্দেশ ও নির্দেশনাকে তুলে ধরা। তাই একে প্রত্যাখ্যান করা বা মিথ্যাপ্রতিপন্ন করার অর্থ হচ্ছে শরীয়ত ওয়ালাকে মিথ্যাপ্রতিপন্ন করা।

এ কারণে আমরা যখন ফিকহের কিতাবাদিতে মুজতাহিদ ওলামায়ে কেরামের অভিমতগুলো নিয়ে আলোচনা পর্যালোচনা করি এবং এক জনের অভিমতের বিপরীতে আরেক জনের অভিমতকে প্রাধান্য দেয়ার চেষ্টা করি তখন খুব স্বাভাবিক নিয়মেই প্রতিপক্ষের মতের জবাব দিতে হয়। কিন্তু ফিকহের কোন কিতাবে কখনো দলিলভিত্তিক ইখতেলাফ ও মতভেদ পর্যালোচনার ক্ষেত্রে 'মিথ্যা' শব্দটি ব্যবহৃত হয়নি। বিপরীত মতকে কেউ কখনো মিথ্যা বলেনি এবং সে মতের পক্ষের ব্যক্তিকে মিথ্যুক বলেনি।

এছাড়া সত্য মিথ্যা হচ্ছে খবর ও বর্ণনা বিষয়ক বক্তব্যের বিশেষণ, ইনশা ও উদ্ভাবন বিষয়ক বক্তব্যের জন্য এ বিশেষণ ব্যবহারের কোন সুযোগ নেই। ইসলামী হুকুমত প্রতিষ্ঠা বিষয়ে সত্তর/বাহাত্তর বছর যাবত পাকিস্তানের মুসলমানদের ব্যর্থতা দেখে এবং পাকিস্তানের মালিক পক্ষের

শরীয়াহ বিরোধী অবস্থান দেখে যদি দলিল প্রমাণের আলোকে এ তাগুতের বিরুদ্ধে কেউ জিহাদের সিদ্ধান্ত দেয় তাহলে এ সিদ্ধান্ত হচ্ছে একটি ইজতিহাদ। এ ইজতিহাদ ও সিদ্ধান্তের উপর দলিলভিত্তিক পর্যালোচনা হতে পারে, এটা মিথ্যা হতে পারে না। একে মিথ্যা বলা যায় না।

মুলহিদ যিন্দীকদের কেউ কখনো আয়াত হাদীসের তাহরীফ ও বিকৃতি করলে এবং তারা তাদের সে তাহরীফের ভিত্তিতে উদ্ভট কোন দাবি করলে এমন ক্ষেত্রে কখনো তাদেরকে মিথ্যাবাদি এবং তাদের দাবিকে মিথ্যা দাবি বলে বিশেষিত করার উদাহরণ আছে। কাফের মুশরিকদের উদ্ভট দাবির ক্ষেত্রে মিথ্যা শব্দের ব্যপক ব্যবহার রয়েছে। নাস্তিক মুরতাদদের বিভিন্ন উদ্ভট দাবির ক্ষেত্রে মিথ্যা শব্দটির ব্যাপক ব্যবহার রয়েছে।

কিন্তু একটি অনৈসলামিক শাসন ক্ষমতার অধিকারী তাগুতের বিরুদ্ধে জিহাদের ফাতওয়া দানকারীদেরকে মিথ্যাপ্রতিপন্ন করার উদাহরণ একেবারেই অস্বাভাবিক। আর এ কাফেলাটি এমন এক কাফেলা যাদের কর্মকাণ্ড চোখের সামনে রয়েছে। তাগুতের বিরুদ্ধে লড়াই করে যারা বিজয় লাভ করেছে তারা এ ঘরেরই মানুষ। তাদের সফল কার্যক্রমগুলো এ আঙ্গিনায়ই প্রদর্শিত। এত শত সুস্পষ্ট দলিল প্রমাণের উপস্থিতিতে একটি চাক্ষুষ বিষয়কে মিথ্যাপ্রতিপন্ন করার বিষয়টি কোনভাবেই ছোট করে দেখা যায় না। আল্লাহ আমাদের সবাইকে সহীহ বুঝ দান করুন।

## জরুরী টীকা : ২৩

ইসলামী আইন বাস্তবায়নের জন্য আলহামদু লিল্লাহ প্রকাশ্য পথ ও পদ্ধতি রয়েছে।

## জরুরী টীকা-২৩

*ইসলামী আইন বাস্তবায়নের জন্য আলহামদু লিল্লাহ প্রকাশ্য পথ ও পদ্ধতি রয়েছে।*

এ দাবিটি শায়খে মুহতারাম করে চলেছেন, আর আমরা দেখে চলেছি, শায়খ নিজেও দেখে চলেছেন যে, এর বাস্তবায়ন কখনো হয়নি। শায়খে মুহতারাম ইসলামী আইন বাস্তবায়নের জন্য যে পথটিকে প্রকাশ্য পথ ও পদ্ধতি বলে দাবি করছেন তা আসলে পদ্ধতি কি না? যদি পদ্ধতি হয়ে থাকে তাহলে তার কোন নযীর ইসলামের ইতিহাসে আছে কি না এবং তার কোন হুকুম ও আদেশ শরীয়তের কিতাবাদিতে দেয়া আছে কি না?

একটি শক্তি যে শরীয়াহ প্রতিষ্ঠার বিপরীতে অবস্থান নিয়েছে এবং যুগের পর যুগ সে অবস্থানে অটল থেকেছে। কুরআন সুন্নাহর মুখে তালা লাগিয়ে দিয়ে পৌনে এক শতাব্দীকাল যাবত মানবরচিত আইন প্রয়োগ করে চলেছে, মুসলমানদেরকে তা মানতে বাধ্য করে আসছে। কোটি কোটি মুসলমানের দাবি আবেদন সত্ত্বেও তা প্রত্যাখ্যান করে আসছে, সে শক্তির বিরুদ্ধে অস্ত্রধারণ এবং শক্তিপ্রদর্শন ব্যতীত আর কোন পদ্ধতি থাকার কল্পনা করা যায় কীভাবে?

যাই হোক, শায়খে মুহতারাম বলছেন অস্ত্রধারণ ছাড়াই পাকিস্তানে ইসলামী হুকুমত প্রতিষ্ঠার পথ ও পদ্ধতি আছে এবং তা প্রকাশ্যভাবে

আছে। আমরা বলতে চাই অস্ত্রধারণ ব্যতীত আর কোন পথ খোলা নেই। কারণ-

### কোন পথ ও পদ্ধতিই নেই

মুসলমানরা তাগুতের বিরুদ্ধে অস্ত্রধারণ ও জিহাদ ব্যতীত পাকিস্তানে ইসলামী হুকুমত প্রতিষ্ঠিত হওয়ার জন্য এবং শরীয়াহ প্রয়োগের জন্য আর কোন পথ ও পদ্ধতি নেই। এ বিষয়ে আমাদের বিন্দুমাত্র সন্দেহ নেই। আমাদের এ শক্ত দাবির পক্ষে অনেকগুলো কারণ রয়েছে। সে কারণগুলো আবারও ভিন্ন আঙ্গিকে উল্লেখ করছি। কারণগুলো হচ্ছে এই-

**এক.** পাকিস্তানে ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য শাসকবর্গের বিরুদ্ধে অস্ত্রধারণ ব্যতীত বাকি সব উপায় ও পদ্ধতি ব্যবহার করা হয়ে গেছে। ইসলামী হুকুমত প্রতিষ্ঠিত হয়নি। তাই অস্ত্রধারণই এর জন্য সর্বশেষ উপায়।

**দুই.** ভারত উপমহাদেশ দারুল হারব হিসাবে ফাতওয়া হওয়ার পর ভারত, পাকিস্তান ও বাংলাদেশ কখনো দারুল ইসলামে রূপান্তরিত হয়নি। আর দারুল হারবের শাসকবর্গের কাছে দ্বীনের দাওয়াত পৌঁছার পর এবং কর দিতে অস্বীকৃতির পর অস্ত্রধারণ ছাড়া আর কোন পথ খোলা থাকে না। তাই অস্ত্রধারণই এর শেষ উপায়। বরং আমরা বলব, মুসলিম শাসক যখন মুরতাদ হয়ে যায় বা অমুসলিম যখন মুসলিম দেশ দখল করে নেয়, তখন দাওয়াত ও করের প্রসঙ্গ নেই। বরং দাওয়াত ব্যতীতই তদের বিরুদ্ধে জিহাদের হুকুম রয়েছে।

**তিন.** পাকিস্তানের শাসকবর্গ হয়ত জন্মসূত্রে কাফের হবে, নয়ত ইলামী আইন গ্রহণ না করে মানবরচিত জাহেলী আইন গ্রহণ করা, প্রয়োগ করা ও বাধ্য করার কারণে মুরতাদ হবে। সর্বাবস্থায় মুসলমানদের উপর ফরয দায়িত্ব হচ্ছে এমন শাসকবর্গের বিরুদ্ধে অস্ত্রধারণ করা। তাই অস্ত্রধারণই পাকিস্তানের মুসলমানদের জন্য সর্বশেষ উপায়।

**চার.** কোন ভূখণ্ডে কুফরীর ফাউন্ডেশনগুলোকে ভেঙ্গে চুরমার না করে কখনো সে ভূখণ্ডে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করা যায় না। ইসলামী আইন প্রয়োগ করা যায় না। আর অস্ত্রধারণ ছাড়া তা সম্ভব নয়। তাই অস্ত্রধারণই পাকিস্তানের মুসলমানদের সর্বশেষ উপায়।

**পাঁচ.** মুরতাদ ও কাফের শাসকবর্গ যারা ইসলামী হুকুমত প্রতিষ্ঠা ও শরয়ী আইনকে পছন্দ করে না, শরয়ী আইন প্রতিষ্ঠার জন্য তাদের কাছে আবেদন নিবেদন করার কোন বৈধতা নেই। তাই তাদের বিরুদ্ধে অস্ত্রধারণই সর্বশেষ উপায়।

**ছয়.** একটি দারুল ইসলাম প্রতিষ্ঠা করার জন্য যাদেরকে নিয়ে আন্দোলন করা হয়েছে তাদের হাতে দেশটি ন্যস্ত করার পর যখন তারা কুফরী আইন প্রতিষ্ঠার মাধ্যমে দেশটিকে দারুল কুফর বানিয়ে দিয়েছে তখন তাদের বিরুদ্ধে অস্ত্রধারণ ছাড়া আর কোন পথ থাকে না। তাই মুসলমানদের শেষ উপায় হচ্ছে অস্ত্রধারণ।

**সাত.** একটি দেশের শাসকবর্গ যখন বার বার ইসলামী আইন প্রতিষ্ঠার দাবিকে প্রত্যাখ্যান করে মানবরচিত কুফরী আইনকেই আঁকড়ে ধরে রেখেছে, শরীয়াহ প্রয়োগের দাবিকে অস্বীকার করে কুফরী আইনের প্রয়োগকেই জারি রেখেছে তখন তাদের বিরুদ্ধে অস্ত্রধারণ ব্যতীত মুসলমানদের আর কোন উপায় থাকে না। তাই মুসলমানদের এখন সর্বশেষ উপায় হচ্ছে অস্ত্রধারণ।

**আট.** শাসকবর্গ ইসলামী হুকুমত প্রতিষ্ঠাকে রোধ করার জন্য এবং শরয়ী আইন বাস্তবায়ন রোধ করার জন্য অস্ত্র নিয়ে প্রস্তুত রয়েছে, সে অস্ত্র তারা সময়ে সময়ে ব্যবহার করে দেখিয়েছে, প্রয়োজনে ব্যবহার করার ধমকও দিয়ে রেখেছে। সুতরাং মুসলমানরা অস্ত্রধারণ না করে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করতে পারবে না। অস্ত্রধারণই মুসলমানদের শেষ উপায়।

**নয়.** এ দেশ কাফেরদেরকে, আল্লাহর দুশমনদেরকে সার্বিক সহযোগিতা দিয়ে একটি ইসলামী হুকুমত নিশ্চিহ্ন করে দিয়েছে। যে দেশে আল্লাহর আইন প্রয়োগ হত, কুরআন ও সুন্নাহ ছিল সকল আইনের উৎস, একমাত্র শরীয়াহ ছিল যে দেশের আইন। সে দেশকে নিশ্চিহ্ন করার জন্য যারা আল্লাহর দুশমনদেরকে সার্বিক সহযোগিতা দিয়েছে তাদের বিরুদ্ধে অস্ত্রধারণ ছাড়া মুসলমানদের আর কোন উপায় নেই। এমন শাসকবর্গের বিরুদ্ধে অস্ত্রধারণই মুসলমানদের শেষ উপায়।

**দশ.** যে দেশের শাসকবর্গ বিশ্বব্যাপী খেলাফত প্রতিষ্ঠার জিহাদের বিরুদ্ধে বিশ্ব কুফরী শক্তিকে সার্বিক সহযোগিতার মুচলেকা দিয়ে রেখেছে, বিশ্ব কুফরী শক্তিকে সহযোগিতা করে চলেছে, সে

সহযোগিতার পুরস্কার গ্রহণ করে চলেছে, সে সহযোগিতায় প্রতিযোগিতা করে চলেছে তাদের বিরুদ্ধে মুসলমানরা অস্ত্রধারণ করা ছাড়া আর কোন উপায় নেই। অস্ত্রধারণই মুসলমানদের শেষ উপায়। আর কোন উপায় নেই।

**আছে বললে বিপদ কমবে না, বাড়বে**

ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য যারা বলবেন, অস্ত্রধারণ ছাড়াও আরো বহু উপায় আছে তারা যদিও জিহাদের ও অস্ত্রধারণের কষ্ট ও বিপদ থেকে বাঁচার জন্য বলছেন, কিন্তু তাঁরা চিন্তা করে দেখেননি এবং অঙ্ক মিলিয়ে দেখেননি যে, এ দাবি করলে বিপদ কোন অংশেই কমবে না। কষ্ট কোনভাবেই কমবে না। বরং বিপদ ও কষ্ট অনেক বেড়ে যাবে।

যখন বলা হবে, ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য তাগুতের বিরুদ্ধে অস্ত্রধারণ ছাড়াও আরো পদ্ধতি আছে। তখন খুব স্বাভাবিকভাবেই অনেকগুলো প্রশ্ন এসে দাঁড়াবে। সে প্রশ্নগুলো হচ্ছে যথাক্রমে: সে পদ্ধতিটি কী? সে পদ্ধতিটি কুরআনে হাদীসে ও ফিকহের কিতাবে আছে কি না? সীরাত ও ইসলামের ইতিহাসে তার কোন উদাহরণ আছে কি না? বিগত সত্তর/বাহাত্তর বছর যাবত সে পদ্ধতিতে চেষ্টা করা হয়েছে কি না? চেষ্টা করা হয়ে থাকলে ইসলামী হুকুমত কেন হয়নি? এবং চেষ্টা না করে থাকলে কেন চেষ্টা করা হয়নি? আজ অস্ত্রধারণের সিদ্ধান্তের পর কেন সে পদ্ধতির দোহাই দেয়া হচ্ছে? তাগুতের বিরুদ্ধে অস্ত্রধারণ ছাড়া ইসলামী হুকুমত প্রতিষ্ঠার অন্তত একটি উদাহরণ এর জন্য আদর্শ হিসাবে সামনে রাখা হোক।

যাঁরা দাবি করছেন, ইসলামী আইন বাস্তবায়নের প্রকাশ্য পথ ও পদ্ধতি আছে, যে পথ ও পদ্ধতি থাকা অবস্থায় অস্ত্রধারণের কোন প্রয়োজন নেই। তাঁদের কাছে আমাদের দাবি হচ্ছে, এ পথ ও পদ্ধতির একটি বিস্তারিত নকশা উম্মতের সামনে থাকা দরকার। যার সূচনা থেকে সমাপ্তি পর্যন্ত প্রতিটি পর্বের কর্ম ও কর্মপন্থা সবিস্তারে বর্ণিত হবে। যা দেখে অনুসারীরা আশ্বস্ত হতে পারবে।

উল্লেখ্য, এ ক্ষেত্রে এ ধরনের কোন কথা গ্রহণযোগ্য নয় যে, অমুকের কারণে কাজটি হয়নি। অমুক অমুক বিভাগের অসহযোগিতার কারণে কাজটি করা যায়নি। অনাকাঙ্ক্ষিত দুর্যোগের কারণে কাজটি হয়নি।

শরীয়ত কর্তৃক অর্পিত কোন ফরয দায়িত্বের বেলায় এ ধরনের কথা গ্রহণযোগ্য নয়। শরীয়তের নীতি ধারা হচ্ছে, দলিলের আলোকে ফরয হওয়া সাব্যস্ত হবে। ফরয তার আপন পাওয়ারে পালিত হবে। ফলাফল নিয়ে ঠাণ্ডা গরম কোন প্রকার কোন বক্তব্যের প্রয়োজন নেই। ফরয আদায়ে কোথাও ত্রুটি হলে তা শুধরানোর চেষ্টা করা হবে। ব্যক্তিবিশেষের উপর বা দলবিশেষের উপর দোষ চাপিয়ে ফরয দায়িত্ব থেকে নিস্তার পাওয়ার কোন সুযোগ নেই। ফরয থেকে নিস্তার পেতে হলে তা ফরয না হওয়া সাব্যস্ত হতে হবে। এ ছাড়া আর কোন ব্যবস্থা নেই।

## অপবাদের তালিকা বড় হবে

ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য অস্ত্রধারণের পথ ছেড়ে অন্য যে প্রকাশ্য পথ ও পদ্ধতির কথা শায়খে মুহতারাম বলছেন সে পথই যদি পথ হয় তাহলে অপবাদের তালিকা দীর্ঘ থেকে দীর্ঘতর হয়ে যাবে। এখন যাদের উপর কিছু দোষ চাপিয়ে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করার ফরয দায়িত্ব থেকে আমরা নিস্তার পেয়ে যাচ্ছি এভাবে নিস্তার পাওয়া খুব সহজে হবে না। এখানে অপবাদের সংখ্যা বাড়বে, সাথে সাথে অপবাদে অভিযুক্তদের সংখ্যাও বাড়বে ভয়াবহ পরিমাণে।

এ প্রকাশ্য পথ ও পদ্ধতির বয়স এখন কত? পাকিস্তান সংবিধানে ইসলামী হুকুমত প্রতিষ্ঠার যে প্রকাশ্য পথ রাখা হয়েছে বলে শায়খে মুহতারাম দাবি করেছেন সে পথ ও পদ্ধতি সংবিধানের কত বছর বয়স থেকে সংবিধানে স্থান পেয়েছে?

যদি কথা এই হয় যে, সংবিধানের জন্মলগ্ন থেকে ইসলামী হুকুমত প্রতিষ্ঠার প্রকাশ্য এ পথটি সংবিধানে আছে, তাহলে অপবাদের এ তীর আরো অনেক পেছনে গিয়ে আরো বড় বড় পাহাড়ের গায়ে গিয়ে বিদ্ধ হবে। আমরা যারা আমাদের সামনে উপস্থিত কিছু হাবাগোবা মানুষদেরকে অবহেলার দায়ে দায়ী করে, অজ্ঞতার দায়ে দায়ী করে এবং মূর্খতার দায়ে দায়ী করে একটি ফরয দায়িত্বের আলোচনা শেষ করে দিচ্ছি তারা বুঝতে হবে যে কথা এখানেই শেষ নয়।

আমরা যারা আমাদের আকাবির ওলামায়ে কেরামের গায়ে কোন দাগ পড়তে দেই না, ইলমী সমালোচনাকেও বৈধ মনে করি না, তারাই কিন্তু প্রকারান্তরে আকাবির ওলামায়ে কেরামের পুরো কাফেলার উপর এ

বদনাম লেপে দিচ্ছে যে, ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য পাকিস্তান সংবিধানের এ প্রকাশ্য পথ ও পন্থাটিকে তারা কেউ কাজে লাগাননি।

আর যদি কথা এই হয় যে, আকাবির ওলামায়ে কেরামের যামানায় ইসলামী হুকুমত প্রতিষ্ঠার এ প্রকাশ্য পন্থাটি সংবিধানে সংযোজিত হয়নি; বরং ইদানিং তা সংবিধানে স্থান পেয়েছে, তাহলে প্রশ্ন দাঁড়াবে সংবিধানে এ প্রকাশ্য পথ ও পদ্ধতিটি সংযোজিত হওয়ার আগ পর্যন্ত পাকিস্তান নামক দেশটির অস্তিত্বের বৈধতা কী দিয়ে সাব্যস্ত হয়েছিল?

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, এমন কোন অনুচ্ছেদ না থাকা অবস্থায়ও আকাবির ওলামায়ে কেরাম পাকিস্তান নামক দেশটিকে কীভাবে মেনে নিয়েছিলেন এবং তার বৈধতা কী ছিল? তৃতীয় প্রশ্ন হচ্ছে, ইসলামী হুকুমত প্রতিষ্ঠার প্রকাশ্য যে পথ ও পদ্ধতিটি আকাবির ওলামায়ে কেরামের যামানায় পাকিস্তান সংবিধানে সংযোজিত হয়নি তা কোন অলৌকিক শক্তিতে আসাগির ওলামায়ে কেরামের যামানায় এসে সংবিধানে সংযোজিত হয়েছে? না কি এর মাঝে ভিন্ন কোন মতলব লুকিয়ে আছে?

আমার মনে হচ্ছে, এসবই আমাদের আবেগ অনুভূতি ও অভিজ্ঞতানির্ভর কথা। কুরআন কিতাবের সঙ্গে এসব কথার কোন সম্পর্ক নেই। ফিকহের মূলনীতির সাথে এর কোন যোগসূত্র নেই। এসব কথার কোন ফিকহী তাকয়ীফ নেই। যারফলে ইসলামী হুকুমত প্রতিষ্ঠার মত একটি গুরুত্বপূর্ণ বিষয়েও আমাদের কথাগুলো কেমন যেন এলোমেলো হয়ে যাচ্ছে। আল্লাহ তাআলা আমাদেরকে বিষয়টির গুরুত্ব অনুধাবন করার তাওফীক দান করুন।

### অপরাধের তালিকা বড় হবে

যদি ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য অস্ত্রধারণ ব্যতীত অন্য কোন পথ ও পন্থার কথা বলা হয় তাহলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের অপরাধের মাত্রা আরো বেড়ে যাবে। কেউ যদি অপরাধের মাত্রা কমানোর জন্য জিহাদের পথ ছেড়ে অন্য পথ গ্রহণ করার ইচ্ছা করে থাকে তাহলে এ সিদ্ধান্ত ভুল হবে এবং অপরাধের মাত্রা কোন অংশেই কমানো যাবে না।

প্রতিটি ফরয দায়িত্ব যেহেতু ব্যক্তি ব্যক্তির সাথে সম্পর্কিত সেহেতু প্রত্যেকে তার ফরয দায়িত্ব আদায় না করার জবাব সে নিজেই দিতে

হবে। আর পথ ও পন্থা যখন সহজ হয়ে আসবে তখন ওযরের পরিধিও কমে আসবে। জিহাদের প্রশ্ন আসলেই সাধারণত আমীর, শক্তি ও ভূখণ্ড ইত্যাদি ওযর দিয়ে দায়িত্ব এড়িয়ে যাওয়ার চেষ্টা করা হয়ে থাকে।

এখন যদি এ কথা সাব্যস্ত হয় যে, জিহাদ ছাড়া আরো অনেক সহজ পথেই ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করা সম্ভব, তাহলে একটি দেশে এত দীর্ঘ মেয়াদে এবং এত বড় বড় ব্যক্তিবর্গের পদচারণার মাঝেও যে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা হয়নি এবং যুগের পর যুগ কুফরী আইনের অনুসরণ করে এত বড় একটি জনগোষ্ঠী তাদের জীবন কাটিয়ে দিচ্ছে এ দায় দায়িত্ব কার উপর যাবে। কে কার উপর এ দায়িত্ব চাপিয়ে দিয়ে নিজেকে নির্দোষ প্রমাণ করতে পারবে। অপরাধ আখের সবার ঘাড়ে আসবে। সলফের উপরও আসবে খলফের উপরও আসবে। বড়র উপরও আসবে ছোটর উপরও আসবে। দলের উপরও আসবে ব্যক্তির উপরও আসবে। সজাগের উপরও আসবে গাফেলের উপরও আসবে। তুলনামূলক সজাগ ও সচেতনের বোঝা একটু বেশি ভারি হবে।

## জরুরী টীকা : ২৪

শর্ত হচ্ছে আমরা আমাদের অনুভূতিহীনতা এবং বেখবরী অবস্থা থেকে উঠে আসতে হবে এবং এ ধারাটিকে বাস্তবায়নের প্রতি গুরুত্ব দিতে হবে।

## জরুরী টীকা-২৪

*শর্ত হচ্ছে আমরা আমাদের অনুভূতিহীনতা এবং বেখবরী অবস্থা থেকে উঠে আসতে হবে এবং এ ধারাটিকে বাস্তবায়নের প্রতি গুরুত্ব দিতে হবে।*

আমরা এর আগেও বার বার বলে এসেছি যে, একটি মানবরচিত গণতান্ত্রিক পূর্ণাঙ্গ কুফরী সংবিধানের একটিমাত্র ধারা কাজে লাগানোর প্রতি সবাই গুরুত্ব দিলে এবং ধারাটি সম্পর্কে নিজেদের বেখবরী কাটিয়ে উঠলে একটি দেশে ইসলামী হুকুমত প্রতিষ্ঠিত হয়ে যাবে -এমন দাবি মানতে ও বুঝতে আমাদের আরো সময় লাগবে। আমাদের মত ভাসা ভাসা মেধা ও অগভীর মেধার অধিকারীরা তা বুঝে উঠা সম্ভব হবে না।

আর যে গভীর মেধার অধিকারীগণ অনুধাবন করতে পারবেন তাদেরকে বেখবরের অপবাদে অভিযুক্ত করা কতটুকু উচিৎ হবে। সে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ ইসলামী আইন বাস্তবায়নের মত একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি গুরুত্ব দেবেন না তা হতে পারে না। তাও শুধুমাত্র একটি ধারার প্রতি যে ধারার প্রতি খেয়াল করলেই দেশে ইসলামী হুকুমত প্রতিষ্ঠিত হতে পারে।

তাহলে হয়ত বলতে হবে সে দেশে গুরুত্বপূর্ণ গভীর জ্ঞানের কোন দ্বীনদার মানুষ নেই। অথবা বলতে হবে বিষয়টি এমন কোন গুরুত্বপূর্ণ বিষয় নয় যার প্রতি গুরুত্ব দেয়া যেতে পারে। তবে এ সব কথার শেষ

কথা হচ্ছে, এ সব বিষয়ে আমরা ফিকহের ভাষা ব্যবহার করছি না। শরীয়তের সিদ্ধান্তমূলক ভাষা ব্যবহার করছি না।

## এটি ইসলামী শরীয়াহ স্বীকৃত কোন শর্ত নয়

শায়খে মুহতারাম ইসলামী হুকুমত প্রতিষ্ঠা এবং ইসলামী আইন বাস্তবায়নের জন্য শর্ত হিসাবে উল্লেখ করেছেন, মুসলমানরা তাদের বেখবরী থেকে উঠে আসা এবং ইসলামী আইন বাস্তবায়নের প্রতি গুরুত্ব দেয়া -এ দু'টি বিষয়কে। কিন্তু এসব শর্ত কুরআন কিতাব কর্তৃক প্রদত্ত কোন শর্ত নয়। ইসলামী হুকুমত প্রতিষ্ঠা এবং শরয়ী আইন বাস্তবায়নের সঙ্গে এসব শর্তের কোন সম্পর্ক নেই। ফরয দায়িত্ব আদায় করা না করার ক্ষেত্রে এসব শর্তের কোন প্রভাব নেই।

পাঠকদের কেউ বলতে পারেন, শায়খে মুহতারাম এখানে শর্ত শব্দটিকে কিতাবের শর্তের অর্থে ব্যবহার করেননি। যদি বিষয়টি এমন হয়ে থাকে তাহলে এ বিষয়ে আমার নিবেদন হচ্ছে; **এক.** শরীয়তের কোন মাসআলার বিষয়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে ও সিদ্ধান্ত দেয়ার ক্ষেত্রে কর্ণধার তো অবশ্যই এমনকি সাধারণ অনুসারীরাও ফিকহের ভাষাই ব্যবহার করতে হবে। একান্ত শরয়ী বিষয়ে বক্তব্যের ভাষা ও রসালো সাহিত্যের ভাষা মূল বিষয়কে তার গন্তব্য থেকে বিচ্যুত করে দেয়।

**দুই.** শায়খে মুহতারাম তাঁর শর্ত শব্দটিকে যে অর্থেই ব্যবহার করুন না কেন পাঠক কিন্তু শব্দটিকে হালকাভাবে নেয়নি এবং নিচ্ছে না। তাই পাঠকের অনুধাবন শক্তির প্রতি খেয়াল রাখাও কর্ণধারগণের দায়িত্বে পরে। পাঠকদের একটি বড় অংশ বিষয়টিকে এভাবে বুঝে নিচ্ছে যে, গাফলত আর গুরুত্বহীনতা ছাড়া ইসলামী হুকুমত প্রতিষ্ঠা না হওয়ার পেছনে আর কোন কারণ নেই।

আরো এক ধাপ এগিয়ে আরেকটি পক্ষ সিদ্ধান্ত নিয়ে ফেলেছে যে, গাফলত ও গুরুত্বহীনতা না কাটলে বা না কাটাতে পারলে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করা এবং শরয়ী আইন বাস্তবায়ন করা ফরয হবে না। অথবা বলছে, মুসলমানদের এখন ফরয দায়িত্ব হচ্ছে গাফলত ও গুরুত্বহীনতা কাটানোর পেছনে মেহনত করা। যুগের পর যুগ কর্ণধারগণ বা সচেতন ও সজাগ ব্যক্তিবর্গ সে কাজ করে যাবেন বা করে যেতে বলবেন। দায়িত্ব এখানেই শেষ। ফরয এখানেই থেমে যাবে।

## যারা উঠে এসেছে তারাও পারেনি

কিন্তু ইতিহাস বলে, যে যুগটি শুধুমাত্র সচেতন ও সজাগদের যুগই ছিল সে যুগে ও সে সময়েও সজাগ ও সচেতন মানুষরা কাজটি করতে পারেননি। পাকিস্তান সংবিধানের বিশেষ ধারাটি সম্পর্কে শুধুই গাফলত ও গুরুত্বহীনতাকে যাঁরা দায়ী করছেন তারা দু'টি কথার একটি স্বীকার করতেই হবে। তৃতীয় কোন পথ এখানে খোলা নেই।

যে কথাটি আমরা বার বার বলে আসছি। হয়ত বলতে হবে, পাকিস্তানের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সে পাক ভূমি এক সঙ্গে ছয়/সাত জন সচেতন ও সজাগ মানুষ জন্ম দিতে পারেনি। অথবা এমন ছয়/সাত জন মানুষ পাকিস্তানের কিসমতে জোটেনি যাঁরা একমাত্র দ্বীনের স্বার্থে একমতের উপর আসতে পারেন।

অথবা বলতে হবে, এমন সচেতন মানুষ পাকিস্তানে জন্ম হয়ে থাকলে তাদের দৃষ্টিতে সংবিধানের সে কথিত ধারাটি কোন গুরুত্ব পায়নি। কথিত সে ধারাটি এমন কোন কার্যকারীতা, গুণ বা বিশেষত্বের অধিকারী ছিল না যা সমকালের সচেতন ও সজাগ মানুষদের দৃষ্টিকে আকর্ষণ করতে পারে।

অথবা কথাটিকে আরো সত্য করে বলতে চাইলে বলা যায় যে, সে কথিত ধারাটি সচেতন ও সজাগ মানুষদের সময়কালে কখনো একদম ছিল না, আবার কখনো ছিল। কিন্তু সেই 'ছিল' ও 'ছিল না'র মাঝে কোন পার্থক্য ছিল না। সে কথিত ধারাটি ছিল হাতির বহিঃবিভাগের দাঁতদু'টির মত। যা আছে বললেও সঠিক হবে এবং নেই বললেও সঠিক হবে।

কথিত সে ধারা সম্পর্কে আমার এ মন্তব্য যদি কারো কাছে খারাপ লাগে তাহলে তারা অবশ্যই বলতে বাধ্য হবে যে, পাকিস্তানের স্বপ্নদ্রষ্টা মহামনীষীগণ এ ধারা সম্পর্কে অচেতন বা ঘুমন্ত ছিলেন। এখন এসে আমরা সজাগ ও সচেতন হওয়ার চেষ্টা করছি। কোনটি তুলনামূলক সহজ ও সহনীয় তা পাঠক ভেবে দেখবেন।

## কুরআন সুন্নাহ এভাবে কথা বলে না

কুরআন সুন্নাহ এভাবে কথা বলে না। এখানে কয়েকটি পর্ব। অর্থাৎ ইসলামী হুকুমত প্রতিষ্ঠা ও শরয়ী আইন বাস্তবায়নের বিষয়টি কয়েকটি

পর্বে বিন্যস্ত। যথাক্রমে: এর প্রতিষ্ঠা ফরয। এর পরিচালনা ফরযে কেফায়াহ, এর সমর্থন, আনুগত্য, প্রয়োজন অনুযায়ী সহযোগিতা ফরযে আইন। বিলুপ্ত ইসলামী হুকুমত পুনরুদ্ধার করা ফরয। পুনরুদ্ধার হওয়ার আগ পর্যন্ত সবার উপর ফরয। কিছু লোক মিলে বিলুপ্ত ইসলামী হুকুমত পুনরুদ্ধার করে ফেলতে পারলে অন্যদের উপর এ ফরয বাকি থাকবে না। এভাবে বিভিন্ন পর্বে এর ভাগ রয়েছে।

শর্ত হিসাবে ভূখণ্ডের অবস্থার বিশ্লেষন, ভূখণ্ডের অধিবাসীদের অবস্থার বিশ্লেষণ, ভূখণ্ডের পরিচালকদের অবস্থার বিশ্লেষণ, আমীর, শক্তি সামর্থ্য ইত্যাদি বিষয়াদি বিবেচ্য হয়ে থাকে। এসব বিষয়ে কুরআন হাদীসের ভাষা হচ্ছে এই-

﴿إِنَّا أَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ لِتَحْكُمَ بَيْنَ النَّاسِ بِمَا أَرَاكَ اللَّهُ وَلَا تَكُنْ لِلْخَائِنِينَ خَصِيمًا﴾ {سورة النساء: ١٠٥}

"নিশ্চয়ই আমি তোমার প্রতি সত্য-সম্বলিত কিতাব নাযিল করেছি, যাতে আল্লাহ তোমাকে যে উপলব্ধি দিয়েছেন সে অনুযায়ী মানুষের মধ্যে মীমাংসা করতে পার। আর তুমি খেয়ানতকারীদের পক্ষাবলম্বনকারী হয়ো না।" -সূরা নিসা ১০৫

﴿فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا﴾ {سورة النساء: ٦٥}

"অতএব, তোমার পালনকর্তার কসম, সে লোক ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায় বিচারক বলে মনে না করে। অতঃপর তোমার মীমাংসার ব্যাপারে নিজের মনে কোন রকম সংকীর্ণতা পাবে না এবং তা হৃষ্টচিত্তে কবুল করে নেবে।" -সূরা নিসা ৬৫

﴿قُلْ لِلَّذِينَ كَفَرُوا إِنْ يَنْتَهُوا يُغْفَرْ لَهُمْ مَا قَدْ سَلَفَ وَإِنْ يَعُودُوا فَقَدْ مَضَتْ سُنَّتُ الْأَوَّلِينَ. وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ بَصِيرٌ﴾ {سورة الأنفال: ٣٨-٣٩}

"তুমি বলে দাও, কাফেরদেরকে যে, তারা যদি বিরত হয়ে যায়, তবে যা কিছু ঘটে গেছে ক্ষমা হয়ে যাবে। পক্ষান্তরে আবারও যদি তাই করে, তবে পূর্ববর্তীদের পথ নির্ধারিত হয়ে গেছে।

আর তাদের সাথে যুদ্ধ করতে থাক যতক্ষণ না ফিতনা (কুফর) শেষ হয়ে যায়; এবং আল্লাহর সমস্ত হুকুম প্রতিষ্ঠিত হয়ে যায়। তারপর যদি তারা বিরত হয়ে যায় তবে আল্লাহ তাদের কার্যকলাপ লক্ষ্য করেন।" -সূরা আনফাল ৩৮-৩৯

﴿فَإِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا فَضَرْبَ الرِّقَابِ حَتَّى إِذَا أَثْخَنْتُمُوهُمْ فَشُدُّوا الْوَثَاقَ فَإِمَّا مَنًّا بَعْدُ وَإِمَّا فِدَاءً حَتَّى تَضَعَ الْحَرْبُ أَوْزَارَهَا ذَلِكَ وَلَوْ يَشَاءُ اللَّهُ لَانْتَصَرَ مِنْهُمْ وَلَكِنْ لِيَبْلُوَ بَعْضَكُمْ بِبَعْضٍ وَالَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ فَلَنْ يُضِلَّ أَعْمَالَهُمْ﴾ {سورة محمد: ٤}

"অতঃপর যখন তোমরা কাফেরদের সাথে যুদ্ধে অবতীর্ণ হও, তখন তাদের গর্দানে মার, অবশেষে যখন তাদেরকে পূর্ণরূপে পরাভূত কর তখন তাদেরকে শক্ত করে বেঁধে ফেল। অতঃপর হয় তাদের প্রতি অনুগ্রহ কর, না হয় তাদের নিকট হতে মুক্তিপণ লও। তোমরা যুদ্ধ চালিয়ে যাবে যে পর্যন্ত না শত্রুপক্ষ অস্ত্র সমর্পণ করবে! একথা শুনলে। আল্লাহ ইচ্ছা করলে তাদের কাছ থেকে প্রতিশোধ নিতে পারতেন। কিন্তু তিনি তোমাদের কতককে কতকের দ্বারা পরীক্ষা করতে চান। যারা আল্লাহর পথে শহীদ হয়, আল্লাহ কখনই তাদের কর্ম বিনষ্ট করবেন না।" -সূরা মুহাম্মদ ৪

মুসলমানরা, ওলামায়ে কেরাম, দ্বীনদার কাফেলা তাদের গাফলত থেকে উঠে আসার শর্ত, মানবরচিত সংবিধানের কথিত কোন এক বিশেষ ধারা সম্পর্কে অবগতির শর্ত, অনুভূতিহীনতা দূর করার শর্ত -ইত্যাদি কুরআন-হাদীস ও ফিকহের ভাষা নয়। এ ধরনের শব্দ ও ভাষা থেকে শ্রোতারা বোঝা সম্ভব নয় যে, তাদের করণীয় ফরয দায়িত্বগুলো কী। কোন বিষয়গুলো তারা ছাড়তে হবে এবং কোন বিষয়গুলো তারা গ্রহণ করতে হবে। গাফলত, বেখবরী ও অনভূতিহীনতা ইত্যাদি শব্দ থেকে ওলামায়ে

কেরামই তাঁদের দায়িত্ব স্পষ্ট করে বুঝে নিতে পারছেন না। সাধারণ মানুষ তাদের দায়িত্ব বুঝে নেবে কীভাবে?

শায়খে মুহতারাম হয়ত ফিকহের ভাষায় কোথাও এসব বিষয়ে আলোচনা করেছেনও। কিন্তু যে মজলিসের বক্তব্য নিয়ে আমরা এখন পর্যালোচনা করে চলেছি সে মজলিসটি এমন একটি মজলিস যার বার্তা দেশের আনাচে কানাচে এমনকি বহিঃবিশ্বেও খুব সহজে দ্রুত ছড়িয়ে পড়া খুব স্বাভাবিক। এমনিভাবে সর্বস্তরের মানুষের কাছে পৌঁছে যাওয়ার কথা। বিশেষত তাগুত রাষ্ট্রযন্ত্রই এ কথাগুলোকে তাদের স্বার্থে খুব বেশি কাজে লাগানোর চেষ্টা করছে। এমতাবস্থায় কথাগুলোর উপর পর্যালোচনা না করেও কোন উপায় নেই। তাই কথাগুলো শরীয়তের পরিভাষায় সামনে এলেই বেশি নিরাপদ হত।

### কথা কুরআন, সুন্নাহ ও ফিকহের ভাষায় হতে হবে

ঈমান, ফরয, ওয়াজিব, মুস্তাহাব, মুবাহ, মাকরূহ, হারাম, কুফর ইত্যাদি বিষয়ে কুরআনের শব্দ ও পরিভাষা, হাদীসের শব্দ ও পরিভাষা, ফিকহের শব্দ ও পরিভাষা ব্যবহার করতে হবে। মুসলমানের প্রতিটি অবস্থার ফিকহী তাকয়ীফ লাগবে। প্রতিটি অবস্থার ফিকহী সিদ্ধান্ত লাগবে। সে শব্দ ও পরিভাষাগুলোকে সচরাচর ব্যবহারে নিয়ে আসতে হবে। এতে করে মুসলমানদের সঙ্গে তাদের ইসলামের উৎসমূলের সঙ্গে দূরত্ব কমে আসবে।

যে কোন কারণেই হোক ইচ্ছায় অনিচ্ছায় আমরা শরীয়তের উৎসমূলের সঙ্গে অনেক বেশি দূরত্ব সৃষ্টি করে ফেলেছি। শরীয়তের পরিভাষাগুলোকে প্রায় ভুলতে বসেছি। পরিভাষাগুলোর প্রয়োগক্ষেত্রগুলো হারিয়ে ফেলেছি।

**পরিস্থিতি এখন এতদূর গড়িয়েছে যে, শরীয়তের পরিভাষার আলোকে কথা বললে শ্রোতারা অবাক হয়ে যায়। ফিকহের কিতাবের উদ্ধৃতি দিলে শ্রোতা হতবাক হয়ে যায়। কুরআনের আয়াত পড়ে শোনালে সন্দেহ করতে শুরু করে। হাদীসের উদ্ধৃতি দিলে ভিন্ন গ্রহের মানুষ মনে করতে থাকে। সবচাইতে উপাদেয় ও গ্রহণযোগ্য বলে মনে হয়, যদি প্রথাগত কথা বলা হয়। সাধারণভাবে সাধারণের কাছে যা গৃহীত তাকেই সহীহ শুদ্ধ ভাবতে পছন্দ করে থাকে।**

এমতাবস্থায় কর্ণধারগণের কাছে আমাদের প্রত্যাশা থাকবে, তাঁরা যেন শরীয়তের ভাষায় সিদ্ধান্তমূলক শব্দে ও পরিভাষায় কথা বলেন। সর্ব সাধারণের করণীয় ও বর্জনীয় বুঝে নিতে যেন সহযোগিতা করেন। ফিকহী পরিভাষায় সিদ্ধান্ত, দলিল, ইস্তিদলাল ও প্রয়োগ ক্ষেত্র বিশ্লেষণসহ কথা বললে পাঠক ও শ্রোতাদের কোন স্তরই পথ হারানোর কথা নয়। প্রত্যেক স্তর তার যোগ্যতার আওতায় যতটুকু আসে ততটুকু বুঝে নিতে পারবে।

**সাধারণ মানুষ দলিলের পেঁচে পড়লে গোমরা হয়ে যাবে এমন ওযরে উম্মতকে আমরা যে পরিমাণ দলিলবিদ্বেষী বানিয়ে তুলেছি তার কি কোন প্রতিকারের ব্যবস্থা আছে। দলিলের প্রতি বিদ্বেষের কারণে উম্মত যে পরিমাণ আত্মকেন্দ্রিক হয়ে উঠেছে তা থেকে তাদেরকে ফেরানোর কোন পথ কি খোলা আছে। থেকে থাকলে সে পথে চলার অনুশীলন করা আমাদের জন্য কত পরিমাণ জরুরী! বিষয়গুলো আমাদের দৃষ্টিতে আসা দরকার।**

## জরুরী টীকা : ২৫

“

আমি সতের বছর শরয়ী আদালতের ....

”

## জরুরী টীকা-২৫

*আমি সতের বছর শরয়ী আদালতের ....*

* যিনি একটি দেশকে দারুল ইসলাম মনে করেন তিনি সে দেশের মূল বিচার বিভাগ তাগুতী ও কুফরী আদালত নিয়ে চিন্তা না করে, তাগুতী ও কুফরী আদালতকে আপন অবস্থায় বহাল তবিয়তে চলতে দিয়ে নিজে গুটি কয়েক মানুষ নিয়ে শরয়ী বেঞ্চ নিয়ে আলাদা হয়ে গেলেন। শরীয়তের পরিভাষায় একে কী বলা হয়? ইসলামের ইতিহাসে এর অস্তিত্ব ও প্রয়োগ পদ্ধতি কী ছিল? মানবরচিত কুফরী আইনের দেশে শরীয়া বেঞ্চের ধারণা কোন মূলনীতির আলোকে এসছে? এর ফিকহী তাকয়ীফ কী? এ বেঞ্চ একটি দেশকে দারুল হারব হিসাবে প্রমাণ করবে? না কি দারুল ইসলাম হিসাবে প্রমাণ করবে?

মূলত দ্বীন ও শরীয়তে এর কোন ভিত্তি নেই। এতে দেশের কোটি কোটি মুসলমানের দ্বীনী সমস্যার সমাধান হয়নি। দেশের মূলধারা শরীয়া ভিত্তিক হয়নি।

**শরয়ী আদালত কাদের জন্য?**

শায়খে মুহতারাম যে শরয়ী আদালতে বিচারপতি হিসাবে সতের বছর দায়িত্ব পালন করেছেন সে শরয়ী আদালত কাদের জন্য বানানো হয়েছে? যারা শরয়ীভাবে বিচার চাইবে তাদের জন্য? না কি সকল মুসলমানের জন্য? একটি দারুল ইসলামে যখন আদালত কায়েম করা হয় তখন

বিষয়টি এমন হয় না যে, মুসলমানরা চাইলে শরীয়া বেঞ্চের কাছে বিচার চাইবে, আর চাইলে গায়রে শরয়ী বেঞ্চের কাছে বিচার চাইবে। একটি দারুল ইসলামের আমীরুল মুমিনীন মুসলমানদেরকে ইসলামী আইন মানতে বাধ্য করতে পারবেন না। বাদির সুবিধা হলে সে শরয়ী আদালতে মামলা দায়ের করবে, সুবিধা হলে গায়রে শরয়ী আদালতে মামলা দায়ের করবে। বিবাদী সুবিধা হলে শরয়ী আদালতের বিচার মানবে, সুবিধা হলে গায়রে শরয়ী আদালতের বিচার মানবে। এসব তামাশা তো একটি দারুল ইসলামে হতে পারে না।

কোন ব্যক্তিবিশেষের কাছে কোন একটি আইন শরীয়ত বিরোধী মনে হলে সে তার বিরুদ্ধে আপিল করবে। কারো কাছে শরীয়ত বিরোধী মনে না হলে, বা মনে হয়েও কেউ আপিল না করলে এ বিষয়ে আদালতের ও বিচার বিভাগের কোন দায় দায়িত্ব নেই। আদালাতের দায়িত্ব হচ্ছে, গণতান্ত্রিক কুফরী পদ্ধতিতে শত শত আইন করে যাওয়া, আর নিরীহ জনগণকে বলে রাখা যে, কোন আইন শরীয়ত বিরোধী মনে হলে আমাদের কাছে আসবে। আমরা গণতান্ত্রিক নিয়মে তার উপর গবেষণা করব।

দারুল ইসলামের এমন কোন কাঠামো দ্বীন ও শরীয়তের কিতাবে নেই। তাহলে শায়খে মুহতারাম যে শরয়ী আদালতের বিচারপতি ছিলেন সে শরয়ী আদালত কাদের জন্য এবং তা কেন?

**আর যদি বলতে চান যে, শরীয়া বেঞ্চ হচ্ছে পুরা বিচার বিভাগের উপর নযরদারির জন্য তাহলে এ দাবির বিষয়ে আমাদের কথা আছে। সংবিধানের তফসীলে আমরা দেখেছি, পাকিস্তানের শরয়ী আদালত পাকিস্তানের গায়রে শরয়ী আদালতের উপর নযরদারীর কোন অধিকার রাখে না। এরই বিপরীত গায়রে শরয়ী আদালত শরীয়া বেঞ্চের সবকিছুর উপর তদারকি করার এবং উপদেশ ও নির্দেশনা দেয়ার অধিকার রাখে। এমনকি গায়রে শরয়ী বেঞ্চের মাধ্যমে আপিল করে শরীয়া বেঞ্চের ঐতিহাসিক সিদ্ধান্তকে বিলুপ্ত করতেও আমরা দেখেছি।**

তাই এ কথা সহীহ নয় যে, শরীয়া আদালত দেশের কেন্দ্রীয় আদালতের উপর নযরদারী করে। সুতরাং সে প্রশ্নটিই থেকে যায় যে, এ শরীয়া আদালত কাদের জন্য? একই সঙ্গে প্রশ্ন আসবে কেন্দ্রীয় আদালত কাদের

জন্য? শায়খে মুহতারাম শরীয়া বেঞ্চ নামক একটি ক্ষুদ্র আদালতে সতের বছর দায়িত্ব পালন করে কেন্দ্রীয় আদালতের বিষয়ে কি সিদ্ধান্ত নিয়েছেন।

বিষয়গুলো আমাদের কাছে খুবই এলোমেলো মনে হচ্ছে। সংবিধানের বক্তব্য, শায়খের বক্তব্য, বিচার বিভাগে শরীয়াকে প্রবেশ করতে না দেয়া, মানব রচিত আইনের প্রতিষ্ঠা, বিচার বিভাগে শায়খে মুহতারামের অংশগ্রহণ -এসবের পরস্পরে কোন মিল খুঁজে পাওয়া যাচ্ছে না।

**কেন্দ্রীয় আদালত কাদের জন্য?**

শরীয়ার ক্ষুদ্র বেঞ্চের বাইরে দেশের বৃহৎ আদালত কাদের জন্য? আমরা জানি দেশের মুসলমানরা সেখানে বিচারপ্রার্থী হয়, মানবরচিত কুফরী আইনে সেসব বিচার করা হয়, সেখানে বৃটিশ আইনের উদ্ধৃতি চলে, আমেরিকান আইনের উদ্ধৃতি চলে, ফ্রান্সের আইনের উদ্ধৃতি চলে। কিন্তু শরীয়াহ আইনের উদ্ধৃতি চলে না।

যারা শরীয়া বেঞ্চের শরণাপন্ন না হয়ে কুফরী আইনের শরণাপন্ন হয় তাদের বিষয়ে শায়খে মুহতারামের ফয়সালা কী? যারা গায়রে শরয়ী ও তাগুতের আদালতে বিচারপ্রার্থী হয় তাদের সম্পর্কে শায়খের ফয়সালা কী? শায়খে মুহতারাম তাঁর তাওযীহুল কুরআনে সূরা নিসার ৬০ নম্বর আয়াতের তাফসীর করতে গিয়ে কথাটি এভাবে বলেছেন-

﴿أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا﴾ {سورة النساء: ٦٠}

"আপনি কি তাদেরকে দেখেননি, যারা দাবী করে যে, যা আপনার প্রতি অবতীর্ণ হয়েছে আমরা সে বিষয়ের উপর ঈমান এনেছি এবং আপনার পূর্বে যা অবতীর্ণ হয়েছে। তারা বিরোধীয় বিষয়কে তাগুতের দিকে নিয়ে যেতে চায়, অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে, যাতে তারা ওকে মান্য না করে। পক্ষান্তরে শয়তান তাদেরকে প্রতারিত করে পথভ্রষ্ট করে ফেলতে চায়।" -সূরা নিসা ৬০

(۴۲) یہاں سے ان منافقوں کا ذکر ہو رہا ہے جو اصل میں دل سے تو یہودی تھے، مگر مسلمانوں کو دکھانے کے لئے اپنے آپ کو مسلمان ظاہر کرتے تھے۔ ان کا حال یہ تھا کہ جس معاملے میں ان کو توقع ہوتی کہ آنحضرت صلی اللہ علیہ وسلم ان کے فائدے کا فیصلہ کریں گے، ان کا مقدمہ تو آپ کے پاس لے جاتے، لیکن جس مسئلے میں ان کو خیال ہوتا کہ آنحضرت صلی اللہ علیہ وسلم کا فیصلہ ان کا خلاف ہوگا، وہ مقدمہ آپ کے بجائے کسی یہودی سردار کے پاس لے جاتے جسے اس آیت میں "طاغوت" کہا گیا ہے۔ منافقین کی طرف سے ایسے کئی واقعات پیش آئے تھے جو متعدد روایات میں منقول ہیں۔ "طاغوت" کے لفظی معنی ہیں "نہایت سرکش" لیکن یہ لفظ شیطان کے لئے بھی استعمال ہوتا ہے، اور ہر باطل کے لئے بھی۔ یہاں اس سے مراد وہ حاکم ہے جو اللہ اور اس کے رسول کے احکام سے بے نیاز ہو کر یا ان کے خلاف فیصلہ کرے۔ آیت نے واضح کر دیا کہ اگر کوئی شخص زبان سے مسلمان ہونے کا دعویٰ کرے، لیکن اللہ اور اس کے رسول کے احکام پر کسی اور قانون کو ترجیح دے تو مسلمان نہیں رہ سکتا۔ (توضیح القرآن ۱/۲۷۴)

“৪২. এ স্থলে সেই সকল মুনাফিকের অবস্থা তুলে ধরা হয়েছে, যারা মনে-প্রাণে ইয়াহুদী ছিল, কিন্তু মুসলিমদেরকে দেখানোর জন্য নিজেদেরকে মুসলিমরূপে জাহির করত। তাদের অবস্থা ছিল এ রকম- যে বিষয়ে তাদের মনে হত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের অনুকূলে রায় দেবেন, সে বিষয়ের মোকদ্দমা তাঁর কাছেই পেশ করত, কিন্তু যে বিষয়ে তাঁর রায় তাদের প্রতিকূলে যাবে বলে মনে করত, সে বিষয়ের মোকদ্দমা তাঁর পরিবর্তে কোন ইয়াহুদী নেতার কাছে নিয়ে

যেত, যাকে আয়াতে 'তাগূত' নামে অভিহিত করা হয়েছে। মুনাফিকদের তরফ থেকে এরূপ বেশ কিছু ঘটনা ঘটেছিল, যা বিভিন্ন রিওয়ায়াতে বর্ণিত হয়েছে। 'তাগূত' -এর শাব্দিক অর্থ 'ঘোর অবাধ্য'। কিন্তু এ শব্দটি শয়তানের জন্যও ব্যবহৃত হয় এবং বাতিল ও মিথ্যার জন্যও। এস্থলে শব্দটি দ্বারা এমন বিচারক ও শাসককে বোঝানো হয়েছে, যে আল্লাহ ও তাঁর রাসূলের বিধানাবলী থেকে বিমুখ হয়ে অথবা সেগুলোর বিপরীতে ফয়সালা করে। আয়াতে স্পষ্ট করে দেয়া হয়েছে যে, কোনো ব্যক্তি যদি মুখে নিজেকে মুসলিম বলে দাবী করে, কিন্তু আল্লাহ ও রাসূলের বিধানাবলীর উপর অন্য কোনো বিধানকে প্রাধান্য দেয়, তবে সে মুসলিম থাকতে পারে না। তাওযীহুল কুরআন ১/২৭৪

এ বক্তব্যের ফলাফল হিসাবে আমরা বলতে পারি, পাকিস্তানের বিচার বিভাগ হচ্ছে তাগুত। পাকিস্তানের আইন পরিষদ হচ্ছে তাগুত। পাকিস্তানের শাসকবর্গ হচ্ছে তাগুত। আর এ তাগুতের কাছে যারা বিচারপ্রার্থী হবে তারা কাফের হয়ে যাবে।

পাকিস্তানে এমন ভয়ংকর বিচার বিভাগ কাদের জন্য তৈরি করা হয়েছে। শায়খে মুহতারাম সতের বছর যাবত যে দায়িত্ব পালন করেছেন তার মাধ্যমে এ বিভাগের বিষয়ে কী চিন্তা ফিকির করেছেন। সে ভয়ংকর তাগুতের যে কুফরের সয়লাব প্রতিদিন পাকিস্তানকে ভাসিয়ে চলেছে সে বিষয়ে শরীয়া বেঞ্চ কী কী অবদান রেখেছে।

এ প্রসঙ্গে শায়খে মুহতারাম দুইশত মাসআলার কথা উল্লেখ করেছেন যেগুলোকে তিনি ইসলামী শরীয়ার আলোকে সম্পাদনা করার চেষ্টা করেছেন। এ দুইশত মাসআলা প্রসঙ্গে আমরা একটু পরে আলোচনা করব, ইনশা-আল্লাহ। এখানে সংক্ষেপে যে কথাটি বলে রাখতে চাই তা হচ্ছে, আমরা দেখতে চাই- শরীয়াহ বেঞ্চ তাগুতের আদালতকে কতটুকু প্রভাবিত করেছে এবং একটি শতভাগ কুফরী আইন প্রণয়ন বিভাগ ও কুফরী আইন প্রয়োগ বিভাগকে শরীয়তের শিকলে কতটুকু বাঁধতে পেরেছে?

আমরা যতটুকু খবর পেয়েছি, তাগুতের আইন প্রণয়ন বিভাগ ও আইন প্রয়োগ বিভাগকে তার অবস্থান থেকে এক বিন্দু পরিমাণও সরানো যায়নি। শরীয়া বেঞ্চ তার পরিধিকে বিস্তৃত করতে পারেনি। শরীয়া বেঞ্চ

তার নিজস্ব এমন কোন শক্তি তৈরি করতে পারেনি যা দিয়ে পাকিস্তানের মুসলমানদেরকে আশ্বস্ত করা যায়। এমনকি শরীয়া বেঞ্চ যেসব কারনামার ফিরিস্তি দিয়ে থাকে তার অধিকাংশই প্রায়োগিক ক্ষেত্রে আলোর মুখ দেখেনি। ছোট্ট ছোট্ট অজুহাতে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার মারপ্যাঁচে সেসব আটকে যায়। অবশেষে শরীয়া বেঞ্চ মানবরচিত কুফরী আদালতেরই আজ্ঞাবহ হয়ে যায়। দেশের কোটি কোটি মানুষ সে মানবরচিত কুফরী আইনেরই শরণাপন্ন হয়। যা থেকে ফেরানোর মত কোন শক্তি সামর্থ্য শরীয়া বেঞ্চ সংরক্ষণ করে না।

### অনেক দিনের জিজ্ঞাসা

তাই একটি প্রশ্ন করতে গিয়েও করতে পারি না। হিম্মতে কুলায় না। আজ সে প্রশ্নটি করে ফেলি। শায়খে মুহতারাম পাকিস্তানের মানবরচিত কুফরী সংবিধানের নিয়ন্ত্রনাধীন শরীয়া বেঞ্চ শিরোনামের একটি বিভাগের সঙ্গে নিজেকে সম্পৃক্ত করে এবং নিজের মূল্যবান জীবনের সতেরটি বছর সেখানে কাটিয়ে নিজের যিম্মাদারীর বোঝা হালকা করেছেন? না কি বোঝা ভারি করেছেন? তাঁর অধীনে পরিচালিত শরীয়া বেঞ্চ মানবরচিত কুফরী আইনে পরিচালিত কেন্দ্রীয় আদালতকে প্রভাবিত করতে পেরেছে? না কি সে আদালতের প্রভাবে শরীয়া বেঞ্চ প্রভাবিত হয়েছে? এ বিষয়গুলোর প্রতি একজন মুসলমান ও একজন তালিবুল ইলমের কৌতূহলকে বেয়াদবি মনে না করে কৌতূহল দূর করার ব্যবস্থা করলেই মুনাসিব হবে।

### একটি দারুল ইসলামে শরয়ী আদালত ও শরয়ী বেঞ্চের ফর্মুলা কাদের উদ্ভাবন?

এর পেছনটাও একটু খতিয়ে দেখা দরকার। ইতিহাসের কোন পর্ব থেকে এ তামাশা শুরু হয়েছে তা বের করতে পারলে বিষয়টি সম্পর্কে জটিল কিছু বলা যেত। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের ইতিহাস মন্থন করলে দেখা যায়, এ দু'টি ধর্মের আবিষ্কারকরা তাদের মতবাদের ব্যাপক সমাদৃতির জন্য যে কৌশলগুলো গ্রহণ করেছে সেগুলোর মধ্যে গুরুত্বপূর্ণ একটি হচ্ছে, প্রত্যেক ধর্মের জন্য কিছু **'স্পেশাল অফার'**।

এর আগেও বিভিন্ন প্রসঙ্গে বলা হয়েছে যে, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মদু'টি অন্যান্য ধর্মের সেসব বিষয় নিয়ে ঘাঁটাঘাঁটি করতে যায় না

যেসব বিষয়ের কারণে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের নীতি ধারার উপর কোন আঁচড় লাগে না। যেমন একটি গণতান্ত্রিক দেশে 'ইসলামী আন্দোলন' করা যায়, কিন্তু 'ইসলামী শাসন' করা যায় না। আর সে কারণেই গণতন্ত্রের দেশে ইসলামী শাসনতন্ত্র অবৈধ।

ঠিক এ নীতি ধারার আলোকেই গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম তার শাসিত ভূখণ্ডের জনগণের সংখ্যাগরিষ্ঠতা এবং তাদের ঝোঁক ও দুর্বলতাগুলোকে বিশেষ বিবেচনায় নিয়ে থাকে। আর সে ভিত্তিতে তারা 'স্পেশাল অফারে'র আয়োজন করে থাকে। যেহেতু গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের নীতিতে এ উদারতা আছে যে, অন্যান্য ধর্মের যে বিষয়গুলো গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের নীতি ধারার সঙ্গে সাংঘর্ষিক নয়, গণতন্ত্র বাস্তবায়নের পথে বাধা নয় সে বিষয়গুলোকে তারা গ্রহণ করার অনুমতি দিয়ে থাকে। শুধু অনুমতিই দেয় না; বরং সে বিষয়গুলোকে স্পেশাল অফার হিসাবে তাদের সামনে উপস্থাপন করে থাকে। এরফলে মতবাদদু'টি ধার্মিকদের কাছে আরো বেশি প্রিয় হয়ে ওঠে, আরো বেশি সমাদৃতি লাভ করে।

এ নীতি ধারার আলোকেই মতবাদদু'টি মুসলমানদের ঈদ উদ্‌যাপন, হিন্দুদের পূজা উদ্‌যাপন থেকে শুরু করে সকল জাতি উপজাতির সকল ধর্মীয় আচার অনুষ্ঠানগুলোকে সর্বোচ্চ মাত্রায় প্রচার করে থাকে। এতে সকল ধর্মের অনুসারীরা মতবাদদু'টির প্রতি কৃতজ্ঞতার দৃষ্টিতে তাকিয়ে থাকে। মতবাদদু'টিকে তাদের ধর্মের জন্য আশীর্বাদ মনে করে থাকে। তারা কখনো অনুভব করতে পারে না যে, এরই মাধ্যমে সকল ধর্মের অস্তিত্ব বিলুপ্ত করে শুধুমাত্র দু'টি ধর্মকেই প্রতিষ্ঠিত করা হয়েছে। আর তা হচ্ছে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম।

ইসলাম ধর্ম ব্যতীত অন্যান্য ধর্মগুলো যেহেতু কোন ধর্মই নয় সেহেতু তারা তাদের নিজ নিজ ধর্মের উপর থাকুক বা নতুন ধর্ম গ্রহণ করুক তাতে তাদের ভাগ্যের কোন পরিবর্তন ঘটবে না। কিন্তু ইসলাম ধর্মের অনুসারীরা তো বুঝতে হবে যে, অন্য কোন ধর্মের নিয়ন্ত্রণে ইসলামের অনুসরণ করার সম্ভাব্য কোন ব্যবস্থা নেই। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম ইসলামকে যে গণ্ডির মধ্যে আটকে দেবে মুসলমানরা সে গণ্ডির মধ্যে ধর্মের অনুশীলন করবে এবং এর বাইরে ধর্মের নামও উচ্চারণ করবে না -এর নাম ইসলাম ধর্ম নয়। কিন্তু দুর্ভাগ্যক্রমে মুসলমানরা তা করে চলেছে।

32

মুসলমানদেরকে যখন স্পেশাল অফার হিসাবে মুসলিম পার্সনাল ল' দেয়া হল তখন মুসলমান খুব খুশি হয়ে গেল। শুধু খুশি হয়নি; বরং এ প্রাপ্তি তাদের অনেক ত্যাগের ফসল -এমনটি ভাবতেই তারা পছন্দ করতে লাগল। মুসলমান ভাবার চেষ্টা করছে না যে, মুসলমানরা যেখানে পার্সনাল ল'র উপর চলতে হবে সে দেশটি কাদের। সে দেশে মুসলমানদের বসবাসের বৈধতা কী? তারা ভাবার চেষ্টা করেনি যে, এ প্যার্সনাল ল' ইসলামের সকল বিধিবিধানের শতকরা কতভাগ অনুশীলন করার অনুমতি দেবে। যতভাগ ইসলামী ল'র উপর চলার অনুমতি দেবে ততটুকুর উপর চললে সে ইসলাম ইসলাম হবে কি না? সে মুসলমান মুসলমান হবে কি না? তা নিয়ে চিন্তা করার সুযোগ হয়নি।

আসলে মুসলমান এখন শুধু কুফরের করুণা নিয়ে বাঁচতে চায়। খড়কুটা জড়িয়ে ধরে কোন রকম ভেসে থাকতে চায়। কোন একটা অবলম্বন বের করে শুধু এবং শুধুই বেঁচে থাকতে চায়। তাই এ প্রাপ্তিগুলোও আজ খুব বড় হয়ে দাঁড়িয়েছে। যে প্রাপ্তিগুলোর অনুমতি দ্বীন ও শরীয়তের কিতাবাদিতে দেয়া হয়েনি।

সে একই ধারায় একটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশেও দেশের আইন আদালত বিচার শতভাগ মানবরচিত কুফরী আইনের উপর থাকা সত্ত্বেও মুসলমান এ নিয়ে মহাখুশি যে, তাদেরকে শরীয়া বেঞ্চ তৈরি করার অনুমাতি দেয়া হয়েছে। মুসলমানরা তাদের ইসলামের কথা বলার জন্য একটি উইনডো খোলা রাখা হয়েছে। মুসলমানদের খুশিতে আর ধরে না। فَاعْتَبِرُوا يَاأُولِي الْأَبْصَارِ।

**এটি বৃটিশ শাসিত দারুল ইসলাম**

বৃটিশ সরকার মুসলমানদেরকে এ সুযোগটি দিয়েছিল। পার্সনাল ল', শরীয়া বেঞ্চ, ধর্ম পালনের স্বাধীনতা, ধর্ম প্রচারের স্বাধীনতা -এসবই বৃটিশ সরকার দিয়েছিল। বৃটিশ সরকারের সমস্যা ছিল শুধুমাত্র সেসব লোকদেরকে নিয়ে যারা অস্ত্রধারণ করার কথা বলেছিল এবং যারা অস্ত্রধারণ করেছিল।

বৃটিশের শরীয়া আদালত মুসলমানদের জন্য এতটাই উন্মুক্ত ছিল যে, হানাফী মাযহাবের অনুসারীরা গায়রে মুকাল্লিদদের বিরুদ্ধে মামলা দায়ের

করতে পারত। দেওবন্দীরা বেরেলভীদের বিরুদ্ধে মামলা দায়ের করতে পারত। লা মাযহাবীরা দেওবন্দী ও বেরেলভীদের বিরুদ্ধে মামলা দায়ের করতে পারত। আবার শরীয়তের কিতাবের আলোকে সেসব মামলার নিষ্পত্তিও হত।

বৃটিশ সরকারের এতসব ভালো ভালো অবদানের কারণে বৃটিশ ভারত ছিল দারুল ইসলাম। গায়রে মুকাল্লিদদের রাহবার মাওলানা সিদ্দীক হাসান খান ভূপালী, মাওলানা মুহাম্মদ হোসাইন বটালবী ও অহমদ রেজা খান বেরেলভীপ্রমুখ এমন ফাতওয়া দিয়েছিলেন।

আমরা তাদের বিরোধিতা করেছি। কারণ আমাদের কুরআন, আমাদের হাদীস, আমাদের ফিকহ এবং আমাদের সলফ বলেছেন, এতকিছু থাকার পরও তা দারুল হারব। কুফরী শক্তির করুণায় দ্বীনের কিছু বিধিবিধান পালন করতে পারলে এর দ্বারা একটি ভূখণ্ড দারুল ইসলাম হতে পারে না। দারুল ইসলাম হতে হলে দেশটি ইসলামী আইনের অধীনে পরিচালিত হতে হয়। আইন প্রণয়নের উৎস কুরআন ও হাদীস হতে হয়। সংখ্যাগরিষ্ঠতার বিবেচনা সম্পূর্ণ বিলুপ্ত হতে হয়।

সুতরাং যাদের দৃষ্টিতে বৃটিশ ভারত দারুল ইসলাম ছিল তাদের দৃষ্টিতে পৃথিবীর গণতান্ত্রিক দেশগুলো দারুল ইসলাম হতে কোন বাধা নেই। আর যারা বৃটিশ ভারতকে দারুল হারব বলে বর্তমান পাকিস্তান বাংলাদেশের মত বিশ্বের গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ দেশগুলোকে দারুল ইসলাম বলতে চাইবেন তারা অবশ্যই এ দুয়ের মাঝে যে পার্থক্যগুলো রয়েছে তা দেখিয়ে দেবেন।

আর এ দুয়ের মাঝে পার্থক্য আছে কি নেই তা বোঝার জন্য সব চাইতে সহজ পদ্ধতি হচ্ছে, তৎকালীন বৃটিশ আইন, বর্তমান বৃটিশ আইন, আমেরিকা-ফ্রান্সের আইন এবং বিশ্বের মুসলিম সংখ্যাগরিষ্ঠ গণতান্ত্রিক দেশগুলোর আইনকে সামনে রেখে পার্থক্যগুলো খুঁজে খুঁজে বের করা। এতে করে সিদ্ধান্তে পৌঁছা আশা করি আমাদের জন্য সহজ হবে। মিল অমিলের তালিকা আলাদা তৈরি করতে পারলে আরো সহজ হবে।

## জরুরী টীকা : ২৬

“

যৌথ বেঞ্চ এবং সুপ্রিম কোর্টের শরয়ী ডেভেলপমেন্ট বেঞ্চে....

”

## জরুরী টীকা-২৬

*যৌথ বেঞ্চ এবং সুপ্রিম কোর্টের শরয়ী ডেভেলপমেন্ট বেঞ্চে....*

**একটি দারুল ইসলামে আলাদা শরয়ী বেঞ্চের ধারণা শতভাগ ভুল। আলাদা শরয়ী বেঞ্চের অর্থই হচ্ছে, শরয়ী বেঞ্চের বাইরে মূল বেঞ্চ গায়রে শরয়ী ও তাগুতী-কুফরী। যে দেশের আদালতের মূল বেঞ্চ হচ্ছে তাগুতী ও কুফরী সে দেশের নাম কী? আমাদের রাহবারগণ মাসআলার এ অংশে প্রবেশ করার কোন আগ্রহ দেখান না। এর রহস্য স্পষ্ট নয়। একটি ক্ষুদ্র বেঞ্চ নিয়ে এতটা আগ্রহের কারণও বোধগম্য নয়।*

**শরয়ী ডেভেলপমেন্ট বেঞ্চের ধারণা ইহুদী-খ্রিস্টানদের থেকে এসেছে**

বিভিন্ন প্রসঙ্গে বিষয়টি বার বার বলেই চলেছি। শায়খে মুহতারাম কথাটি বিভিন্নভাবে বলেই চলেছেন, তাই আমরা কোনভাবেই বিরত থাকতে পারছি না। পৃথিবীর ইতিহাস মন্থন করলে দেখা যায়, মুসলমানরাও পৃথিবীর বৃহৎ অংশ এক সঙ্গে শাসন করেছে, আবার কুফরী শক্তিও পৃথিবীর বৃহৎ অংশ এক সঙ্গে শাসন করেছে। এ দু'টি শাসনের মাঝে কিছু মৌলিক ব্যবধান রয়েছে।

কুফরী শাসনের ক্ষেত্রে তাদের উদ্দেশ্য হয়ে থাকে ইহজাগতিক ভোগ এবং ইহজাগতিক আধিপত্য বিস্তারের স্বাদ। সে কারণে যে যে পদক্ষেপ নিলে ইহজাগতিক এ উদ্দেশ্যগুলো অর্জিত হবে ক্ষমতাসীন শাসক

সেসবই করে থাকে। তার শাসনাধীন অপরাপর জাতি গোষ্ঠীগুলোকে প্রয়োজনে কচুকাটা করে নিশ্চিহ্ন করে দেয়ার চেষ্টা করে, আবার প্রয়োজনে তাদের আচার অনুষ্ঠান ও পূজা আর্চনাকে গলার মালা হিসাবে গ্রহণ করে নেয়। সব কিছুর বিনিময়ে তারা শুধুমাত্র নিজেদের ক্ষমতা টিকিয়ে রাখতে চায়। ধর্ম নিয়ে তাদের কোন মাথা ব্যথা নেই। কোন পক্ষেরই জান্নাত জাহান্নাম নিয়ে তাদের কোন পেরেশানী নেই।

তাদের এ মানসিকতার বহিঃপ্রকাশ এভাবেও ঘটে যে, প্রত্যেক জাতি ও ধর্মের লোকেরা যতটুকু সুযোগ সুবিধা পেলে ক্ষমতাসীনের আনুগত্য করবে ক্ষমতাসীন সে পরিমাণ সুযোগ সুবিধা দিয়ে হলেও নিজেদের ক্ষমতা টিকিয়ে রাখার চেষ্টা করবে। কারণ সেখানে উদ্দেশ্যই হচ্ছে ক্ষমতা চালিয়ে যাওয়া। একই কারণে অধীনস্ত জাতি ধর্মগুলো তাদের শক্তি সামর্থ্য অনুপাতে সুযোগ সুবিধা পেয়ে থাকে।

দূর অতীতের নমরূদ ফিরআ'উন থেকে শুরু করে কায়সার কিসরা হয়ে উপনিবেশিক বৃটিশ ও আমেরিকা রাশিয়া পর্যন্ত প্রত্যেক ক্ষমতার অধিকারীর মাঝেই এ প্রবণতা দেখা গিয়েছে। তারা তাদের বিস্তৃত আধিপত্যের ভূমিতে প্রত্যেক জাতি গোষ্ঠীকে তাদের চাহিদা ও রুচি মাফিক চলার অনুমতি দিয়েছে এবং এক্ষেত্রে তারা সুনির্দিষ্ট কোন নীতি ধারার অনুসরণ করেনি। যে জাতিকে যতটুকু দিয়ে বুঝ দেয়া গেছে ততটুকু দিয়েই তাদেরকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করেছে। ক্ষমতাসীনরা সেসব জাতি গোষ্ঠীর পরকালীন উন্নতির কোন পথ তাদেরকে দেখানোর প্রয়োজন বোধ করে না।

এরই বিপরীত ইসলাম যখন বিভিন্ন জাতি গোষ্ঠীর উপর শাসন করেছে তখন তারা শরীয়ত কর্তৃক বাতলানো একটি নির্দিষ্ট নীতিমালার উপর চলার চেষ্টা করেছে। সে ক্ষেত্রে শরীয়ত যে মৌলিক বিষয়গুলোকে সামনে রেখেছে তা হচ্ছে, এক. অন্যান্য ধর্মের বিপরীতে ইসলামের সত্যতা ও বড়ত্বকে তুলে ধরা। দুই. ইসলামের এ সত্য ও বড়ত্বের পথে এগিয়ে আসার জন্য জাতি গোষ্ঠীগুলোর সামনে ইসলামের দরজাকে উন্মুক্ত করে দেয়া।

এ দু'টি উদ্দেশ্যকে সামনে রেখে অমুসলিমদেরকে পরিচালনা করার জন্য মুসলিম শাসককে ইসলাম কিছু নীতিমালা দিয়েছে, যে নীতিমালার

বিপরীত কিছু করার অধিকার কোন শাসকের নেই। কোন শাসক এর বিপরীত কিছু করার অর্থই হচ্ছে, সে ইসলামের মূল উদ্দেশ্যকে হারিয়ে ক্ষমতা টিকিয়ে রাখার চিন্তায় ব্যস্ত আছে।

ইসলামের এ নীতিমালার কারণে ইসলামী শাসনের অধীনস্ত জাতি গোষ্ঠীগুলো এক. মুসলমানদের সামনে হীনতার সাথে জীবন যাপন করা জরুরী। দুই. তারা কখনো মুসলমানদের হাতে নির্যাতিত হওয়ার কোন আশঙ্কা নেই। তিন. আবার ইসলামের নির্ধারিত নীতিমালার বাইরে চলার কোন অধিকারও কোন জাতি গোষ্ঠীর জন্য রাখা হয়নি।

ইসলামী শাসন ও অনৈসলামিক শাসনের মাঝে এ মৌলিক ব্যবধানগুলোর কারণে অনৈসলামিক শাসনে পার্সনাল ল' এর একটি ধারণা তৈরি হয়েছে। পক্ষান্তরে ইসলামী শাসনে পার্সনাল ল' শিরনামে কোন ল' রাখা হয়নি। এমনিভাবে কোন বিশেষ জাতি গোষ্ঠীর শক্তি সামর্থ্য হিসাবে আইনের কোন তারতম্য রাখা হয়নি। অধিকারের কোন তারতম্য রাখা হয়নি।

তাই দাবি করা যায় যে, কোন গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ দেশে শরীয়াহ বেঞ্চ ও শরয়ী আদালতের ধারণা দু'টি মতবাদের আবিষ্কারকদের মাথা থেকেই এসেছে। আর তা এসেছে তাদের মতবাদকে সকল জাতি গোষ্ঠীর কাছে সমাদৃত করার জন্য। ইসলামের মৌলিক নীতি ধারার সঙ্গে এর কোন সম্পর্ক নেই।

কেউ হয়ত বলতে পারেন যে, কোন মুসলমান কোন কারণে দারুল হারবে অবস্থান করলে তার চলার জন্য তো ইসলাম কিছু নীতিমালা দিয়েছে। সেগুলোকে আমরা ইসলামকর্তৃক প্রদত্ত মুসলিম পার্সনাল ল' বলতে পারি। সে হিসাবে মুসলিম পার্সনাল ল'কে ভিত্তিহীন বলা যায় না।

এ বিষয়ে আমার সংক্ষিপ্ত নিবেদন হচ্ছে, দারুল হারবে মুসলমানদের অবস্থানকালে ইসলাম যে নীতিমালা দিয়ে থাকে সেসব নীতিমালার মৌলিক দু'টি নীতি হচ্ছে ১. দারুল হারবে মুসলমানদের অবস্থানের বৈধতা সম্পর্কে শরীয়তের সিদ্ধান্ত এবং বৈধতার কারণগুলোর বিশ্লেষণ। ২. দারুল হারবে অবস্থানকারী মুসলমানদের উপর অর্পিত কাফেরদের বিরুদ্ধে করণীয় দায়িত্বসমূহ।

আমরা বর্তমানে যাকে মুসলিম পার্সনাল ল' বলে থাকি এবং যাঁরা এর জন্য চেষ্টা প্রচেষ্টা করে থাকেন তাঁদের আলোচনার মাঝে এ দু'টি নীতি

ও ধারার কোন উল্লেখ থাকে না। বরং ক্ষেত্রবিশেষ এ দু'টি নীতি নিয়ে আলোচনাকে শুধু অপ্রাসঙ্গিকই মনে করা হয় না; বরং অবৈধ মনে করা হয়। এমতাবস্থায় দারুল হারবে অবস্থানকালে মুসলমানদের জন্য শরীয়তের কিতাবাদিতে যে নীতিমালা দেয়া হয়েছে তাকে বর্তমান ধারণা অনুযায়ী মুসলিম পার্সনাল ল' বলা অন্যায়।

### দারুল ইসলামে শরয়ী-গায়রে শরয়ী দুই বেঞ্চের ধারণা কুফর

বিচার আদালতের জন্য ইসলাম ধর্মে ধর্মভিত্তিক আলাদা বেঞ্চের ধারণা নেই, বিষয়টি শুধু এতটুকুই নয়; বরং এটি একটি কুফরী ধ্যান ধারণা। একটি দারুল ইসলামে ইসলামের খলিফা ও আমীরুল মুমিনীন তার দেশের জনগণকে দুই ধারার যেকোন ধারায় মামলা নিষ্পত্তি করার ব্যবস্থা রাখবেন -এর অর্থ হচ্ছে, দারুল ইসলামের শাসক একমাত্র ইসলাম ও শরীয়তকেই বিচার ব্যবস্থা হিসাবে গ্রহণ করেনি। আল্লাহর বিধান ও তাঁর রাসূলের বিধানকে একমাত্র বিধান হিসাবে মেনে নেয়নি।

